NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৮ এখনো তিন সংস্করণে খেলতে চান সূর্যকুমার

অলিম্পিকের টেবিল টেনিসে যখন ভাই-বোনের রাজত্ব ৮

কলকাতা ১০ অগস্ট ২০২৪ ২৫ শ্রাবণ ১৪৩১ শনিবার অষ্টাদশ বর্ষ ৬২ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 10.08.2024, Vol.18, Issue No. 62, 8 Pages, Price 3.00

## বিপুল জনস্রোতে ভেসে চিরতরে লোকচক্ষুর অন্তরালে গেলেন বুদ্ধ


ছবি: আদিতি সাহা

**নিজস্ব প্রতিবেদন:** বহুদিন তিনি ছিলেন লোকচক্ষুর অন্তরালে। শুক্রবার সন্ধ্যায় নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালের ভারী দরজার ওপারে চিরতরে হারিয়ে গেল রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যর নশ্বর দেহ। কিন্তু মানুষের মনে চিরকাল থেকে যাবেন সাদা পোশাকেও আদ্যন্ত বর্ণময় নায়ক হিসেবে। যার কঠোর প্রশাসক সত্তার সঙ্গে সংবেদনশীল শিল্পী সত্তার দ্বন্দ্ব চলেছে অবিরাম। তাঁর রাজনৈতিক ও প্রশাসনিক মত-পথের বিরোধীরাও তাই মনে প্রাণে মানুষ বুদ্ধদেব ভট্টাচার্যের বিরোধী হয়ে উঠতে পারেননি।

বৃহস্পতিবার ৮০ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন এই প্রবীণ বাম নেতা। এদিনই জানিয়ে দেওয়া হয়েছিল, প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রীর শেষযাত্রা হবে শুক্রবার। সেই কারণে গতকাল থেকে তাঁর দেহ শায়িত ছিল পিস ওয়ার্ল্ডে। এদিন অর্থাৎ শুক্রবার সকাল সাড়ে ১০টায় সেখান থেকে দেহ বার করে শুরু হয় তাঁর শেষ যাত্রা। প্রথমে রাজ্য বিধানসভা ভবন, তারপর আলিমুদ্দিন স্ট্রিট, দীনেশ মজুমদার ভবন হয়ে এনআরএস হাসপাতাল। সেখানেই তাঁর দেহ দান করা হয়। আর তাঁর দেহ চিরতরে লোকচক্ষুর অন্তরালে চলে যেতেই এই বাম নেতার শেষ যাত্রাও কার্যত শেষ হল শুক্র বিকাল শেষে সন্ধ্যার মুখে। অস্তগামী সূর্য সাক্ষী থাকলেন এই বাম নেতার শেষ যাত্রায় সামিল হওয়া হাজার হাজার মানুষের শোকার্ত ছায়ার।

এদিন আলিমুদ্দিনস্ট্রিটে সিপিআই (এম)'র রাজ্য কার্যালয়ে বুদ্ধদেববাবুকে কয়েক ঘণ্টার জন্য রাখা হয়, যাতে আমজনতা শেষ শ্রদ্ধা জানাতে পারেন। সেখানে যেভাবে হাজার হাজার মানুষ ভিড় জমান, তাতেই ছবি পরিষ্কার হয়ে ওঠে যে শেষ যাত্রায় কার্যত রুদ্ধ হতে চলেছে মধ্য কলকাতার একাংশ। হয়েছেও তাই। আলিমুদ্দিন থেকে দুপুর ৩টের কিছু পরে বুদ্ধের নশ্বর শরীর নিয়ে মিছিল শুরু হতেই থমকে যায় আলিমুদ্দিন থেকে শিয়ালদা যাওয়ার প্রশস্ত রাস্তা। শিয়ালদার মুখের লেন কার্যত অবরুদ্ধ হয়ে পড়ে মিছিলে সামিল হওয়া লাখো মানুষের ভিড়ে। কেউ প্রিয় নেতার মৃত্যুতে কাঁদছেন, কেউ গণসঙ্গীত গাইছেন। কেউ হাতে তুলে ধরেছেন তাঁর ছবি, কেউ বা প্ল্যাকার্ডে লিখে এনেছেন তাঁর প্রিয় নেতাকে দেওয়া 'লাল সেলাম'। আবেগ সেখানে এতই ঘন যে, কে বামপন্থী আর কে অবামপন্থী তা ফারাক করাই দায়। আসলে বামপন্থীর মৃত্যু হয়, বামপন্থা থেকে যায়। বুদ্ধের শেষযাত্রা সেটাও প্রমাণ করে দিল। রাজ্যের বিধানসভা থেকে বিলুপ্ত সিপিআই (এম) দলের লাখো সমর্থক যারা হয়তো দলকেই ভোট দেন না, তাঁরাও সামিল হলেন বুদ্ধের শেষ যাত্রায়।

আলিমুদ্দিন স্ট্রিটে সিপিএমের রাজ্য দপ্তর থেকে ডিওয়াইএফআই-এর রাজ্য দপ্তর দীনেশ মজুমদার ভবন পর্যন্ত পৌঁছতে একটি গাড়ির বড়জোর ৫ থেকে ১০ মিনিট সময় লাগার কথা। কিন্তু শুক্রবার আলিমুদ্দিন থেকে সাড়ে ৩টের সময় রওনা দিয়ে সাড়ে ৪টের সময়েও ডিওয়াইএফআই দপ্তরে পৌঁছতে পারেনি শববাহী শকট। রাস্তার দু'ধারে কাতারে কাতারে মানুষ অপেক্ষা করছিলেন বুদ্ধদেবকে শেষ দেখা দেখবেন বলে। ভিড়ের কারণে খুব ধীর গতিতে এগোয় গাড়ি। ভিড়ের মধ্যে দেখা যায় ফুল, মালা উড়ে আসছে শববাহী শকটের দিকে। বিকেল ৫টা ৫ মিনিটে প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রীর দেহ পৌঁছয় এনআরএস হাসপাতালে। তার আগে বিপুল জনস্রোতকে সঙ্গী করে এগোয় বুদ্ধদেবের শেষযাত্রা। থিকথিকে ভিড়ে দীনেশ মজুমদার ভবনে দেহ নামানোই যায়নি। কিছুক্ষণ সেখানে দাঁড়ানোর পর ভিড় ঠেলে ফের এগোয় শববাহী শকট। এনআরএসে পৌঁছে দেহ দান করা হয় হাসপাতাল কর্তৃপক্ষের হাতে। গাড়ি থেকে নামিয়ে দেহ চিরতরে চলে গেল লোকচক্ষুর অন্তরালে। বুদ্ধ থেকে গেলেন লাখো মানুষের হৃদমাঝারে।

## রুপো পেয়েও ইতিহাস গড়লেন নীরজ

**প্যারিস, ৯ অগস্ট:** খেলার দুনিয়া কারও মুঠোয় থাকে না। নায়ক বদলে যায়। হাসি পাল্টে যায়। বদলে যায় মুখ। স্রেফ মুহূর্তে। প্যারিস তো তাই দেখল। ৯২.৯৭ মিটার দ্বিতীয় থ্রো ছিল পাকিস্তানের আর্শাদ নাদিমের। তাতে অলিম্পিক রেকর্ড। তাতেই সোনাটা কেড়ে নিলেন নীরজ চোপড়ার!

এর আগে অলিম্পিক থেকে কি সোনা জিতেছেন কোনও পাকিস্তানি? অবশ্যই। তবে ৩টে সোনার পদক এসেছিল হকি থেকে। ১৯৯২ সালে শেষবার বার্সেলোনা অলিম্পিক থেকে পদক পেয়েছে পাক হকি।

আর অলিম্পিকে ব্যক্তিগত ইভেন্টে পদক? মাত্র দুই পাক অ্যাথলিট সেই বিরল তালিকায়। ১৯৬০ সালে কুস্তি থেকে ব্রোঞ্জ পেয়েছিলেন মহম্মদ বশির। আর ১৯৮৮ সালে সিওল অলিম্পিকের বক্সিং থেকে ব্রোঞ্জ পেয়েছিলেন হুসেইন শাহ। ৩৬ বছর পর আবার অলিম্পিক থেকে বক্তিগত পদক পাকিস্তানের।

### নীরজকে অভিনন্দন মোদির



**নয়াদিল্লি, ৯ অগস্ট:** ইতিহাস গড়ে প্যারিস অলিম্পিকে রুপো জিতেছেন নীরজ চোপড়া। সোনা জয়ের স্বপ্ন দেখলেও শেষ পর্যন্ত দ্বিতীয় হয়েই থামতে হয়েছে ভারতের সোনার ছেলে। তাও বিশ্বমঞ্চে ভারতকে ঐতিহাসিক সাফল্য এনে দিয়েছেন নীরজ। তার পরে নীরজকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বৃহস্পতিবার রাতে জ্যাভলিন থ্রোয়ে রুপো জিতেছেন নীরজ। সোনা জিতেছেন পাকিস্তানের আর্শাদ নাদিম।

৮৯.৩৪ থ্রোতে ফাইনালে উঠেছিলেন নীরজ। জ্যাভলিন ফাইনালেও সেরাটাই দিয়েছেন। নীরজের প্রথম থ্রো-টা ছিল ফাউল। কিন্তু দ্বিতীয় থ্রোতে কোয়ালিফাইং রাউন্ডকেও ছাপিয়ে যান। ৮৯.৪৫ মিটার মরসুমের সেরা থ্রো করে। নীরজ ততক্ষণে জেনে নিয়েছেন, পোডিয়ামে উঠবেন ঠিক, কিন্তু জনগণমন শুনতে পাবেন না। রুপোতেই থামতে হবে তাঁকে। সোনা খোয়ানো নীরজ ৯০ পার করার আপ্রাণ চেষ্টা করেছিলেন। কিন্তু শেষরক্ষা হল না। হল আর্শাদের। পাক-পঞ্জাবের ছেলে পর পর দু'বার থ্রো করলেন ৯০মিটারের বেশি। যেন এক রাতে দুনিয়ার রং পাল্টে ফেললেন আর্শাদ। ২০০৮ সালে বেজিংয়ে জ্যাভলিনে অলিম্পিক রেকর্ড করেছিলেন নরওয়ের আন্দ্রেয়াস থোরকিল্ডসেন। ১৬ বছর পর সেই রেকর্ড ভেঙে দিলেন ওয়াঘার ওপারের এক ছেলে। আর পদক প্রাপ্তির নিরিখে দেখলে, ৩২ বছর পর আবার অলিম্পিক পদকের খোঁজ পেল পাকিস্তান। আর তাই কিনা সোনায় মুড়ে দিলেন আর্শাদ নাদিম।

নীরজ তবু নায়ক। নীরজ তবু ইতিহাসে। সুশীল কুমার, পিভি সিন্ধুর মতো পর পর দুটো অলিম্পিকে পদক ফলালেন। সোনা ও রুপো। অ্যাথলেটিক্সে এমন নায়ক যে বিরল!

## কর্তব্যরত তরুণী চিকিৎসকের রহস্যমৃত্যুতে উত্তাল আরজি কর



### ১১ সদস্যের তদন্ত কমিটি গঠন, ফরেনসিক রিপোর্টে বিস্ফোরক তথ্য

**নিজস্ব প্রতিবেদন:** তরুণী চিকিৎসকের অস্বাভাবিক মৃত্যুতে উত্তাল আরজি কর মেডিক্যাল কলেজ। মৃত্যুর প্রতিবাদে কর্মবিরতির ডাক দিয়েছে হাসপাতালের রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন। চেস্ট মেডিসিন বিভাগের চিকিৎসকের মহিলা চিকিৎসকের রহস্যমৃত্যুতে তপ্ত আরজিকর। শুক্রবার সারাদিন দফায় দফায় চলে বিক্ষোভ। দেহ নামাতে বাধা দেন চিকিৎসকরা। উঠেছে ধর্ষণ করে খুনের অভিযোগ। তার মধ্যেই ফরেনসিক বিশেষজ্ঞরা প্রাথমিক তদন্তের পর দিলেন বিস্ফোরক তথ্য। ফরেনসিক টিমের কথায়, মহিলা চিকিৎসকের গলায়, ঠোঁটে, গালে 'মার্ক' অর্থাৎ আঘাতের চিহ্ন রয়েছে। এদিন ময়নাতদন্তের পর মহিলা চিকিৎসকের দেহ বাড়িতে পৌঁছে দেয় হাসপাতাল কর্তৃপক্ষ।

আরজি করে আসা ফরেনসিক টিমের কর্তা এস কে সাহার কথায়, 'আমরা যেটা দেখলাম, ঠোঁটে, গালে, গলায় মার্ক রয়েছে। দেহ চিৎ অবস্থায় ছিল, শোয়ানো ছিল। আমরা যখন গিয়েছিলাম, দেহ পুরো কভার ছিল।' দেহে পোশাক না থাকার একটা অভিযোগ উঠছে। সে বিষয়ে ফরেনসিক কর্তা বলেন, 'চাদর চাপা ছিল। আমরা তো চাদর সরিয়ে দেখিনি। তাই পোশাক ছিল কিনা, তা বলা যাচ্ছে না।'

প্রথম থেকেই ধর্ষণ করে খুনের অভিযোগ ঘিরে তপ্ত হচ্ছে আরজি করের পরিস্থিতি। বৃহস্পতিবার নাইট ডিউটি ছিল ওই চিকিৎসকের। শুক্রবার সকাল সাড়ে ১১টার সময়ে হাসপাতালের সেমিনার রুম থেকে ওই মহিলা চিকিৎসকের দেহ উদ্ধার হয়। ডিনের নেতৃত্বে তৈরি হয়েছে তদন্ত কমিটি। ইতিমধ্যেই স্বতঃপ্রণোদিত মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ। ওই ছাত্রী পানিহাটির বাসিন্দা। তাঁকে দেখতে হাসপাতালে যান বিধায়ক নির্মল ঘোষ। তিনি বিস্ফোরক দাবি করেন। তাঁর বক্তব্য, 'ব্রুটালি খুন করা হয়েছে।' এই মৃত্যু নিয়ে রহস্য দানা বেঁধেছে।

সদস্যেরা জানিয়েছেন, বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের অধীনে তদন্ত-সহ তাঁদের বাকি দাবি যতক্ষণ পর্যন্ত মানা হবে না, ততক্ষণ বন্ধ থাকবে কাজ। শুধু হাসপাতালের জরুরি বিভাগ খোলা থাকবে। হাসপাতালের ভিতরে বিক্ষোভ দেখায় চিকিৎসকদের বিভিন্ন সংগঠন। তারা ময়নাতদন্তের জন্য চিকিৎসকের দেহ নিয়ে যেতে বাধা দেয় বলে অভিযোগ। হাসপাতালের সুপার 'সত্য প্রকাশ্যে' আনার দাবি তুলেছেন। ঘটনার তদন্তে যান খোদ কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল। হাসপাতালে পৌঁছন রাজ্যের স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগম। এই পরিস্থিতিতে হাসপাতালের বাইরে বিক্ষোভ দেখায় বিজেপি এবং বাম সংগঠন এআইডিএসও। অন্যদিকে, এই বিক্ষোভের জেরে হাসপাতালের ঘরে-বাইরে এই বিক্ষোভের জেরে বিঘ্নিত চিকিৎসা পরিষেবা। বিপাকে পড়েছেন বহু রোগী এবং তাঁদের পরিবার।

শুক্রবার সকালে আরজি কর মেডিক্যাল কলেজের এমার্জেন্সি বিল্ডিংয়ের চার তলার সেমিনার হল থেকে তরুণী চিকিৎসকের আঘাতপ্রাপ্ত ও অর্ধনগ্ন দেহ উদ্ধার হয়। অভিযোগ উঠেছে, ধর্ষণ করে খুন করা হয়েছে তাঁকে। হাসপাতালের ভিতরে বিক্ষোভ দেখিয়েছেন জুনিয়র ডাক্তার এবং চিকিৎসকদের বিভিন্ন সংগঠনের সদস্যেরা। চার তলার যে সেমিনার হলে চিকিৎসকের দেহ রাখা হয়েছিল, সেখানে জড়ো হন ডাক্তারি পড়ুয়ারা। মেডিক্যাল কলেজের অধ্যক্ষও সেখানে উপস্থিত হন। তবে তরুণীর মৃত্যুকে ঘিরে যে অভিযোগ উঠেছে, তা নিয়ে কর্তৃপক্ষ মন্তব্য করতে চাননি। হাসপাতালের সুপার সঞ্জয় বশিষ্ঠ বলেন, 'পুলিশকে খবর দেওয়া হয়েছে। ম্যাজিস্ট্রেটের অধীনে তদন্ত হবে। চিকিৎসকের দেহের ময়নাতদন্ত হবে। সেই ময়নাতদন্ত করার ভিডিয়োগ্রাফি করা হবে। আমরাও চাই, সত্য প্রকাশ্যে আসুক।' তাঁর কথায়, 'এই ঘটনা দুর্ভাগ্যজনক। পুলিশ রয়েছে, ফরেন্সিক দল রয়েছে। তদন্ত চলছে। মন্তব্য করা যাবে না। তদন্ত চলছে।'

ইতিমধ্যে ১১ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার রাতে যারা ডিউটিতে ছিলেন তাঁদের মধ্যে কয়েকজনকে ইতিমধ্যে স্বাস্থ্যভবনে তলব করা হয়েছে। এদিকে হাসপাতালে কর্মবিরতি ঘোষণা করেছেন পিজিটির ছাত্রছাত্রী। এদিন মোমবাতি মিছিল করেন হাসপাতালের চিকিৎসকরা।

### মৃত চিকিৎসক ছাত্রীর মা-কে ফোন উদ্বিগ্ন মমতার

**নিজস্ব প্রতিবেদন:** আরজি কর হাসপাতাল কাণ্ডে রাজ্য সরকার কড়া অবস্থান নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে নিহত ছাত্রীর পরিবারের সঙ্গে কথা বলেন। তাদের পাশে থাকার আশ্বাসের পাশাপাশি দোষীদের খুঁজে বের করে উপযুক্ত শাস্তি দেওয়ার জন্য তিনি আশ্বাস দিয়েছেন বলে জানা গিয়েছে। ওই ঘটনার তদন্তে ইতিমধ্যে ওই কলেজের ডিন অফ স্টুডেন্টের নেতৃত্বে ১১ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। নিহত ছাত্রীর সঙ্গে বৃহস্পতিবার যারা রাতে ডিউটিতে ছিলেন তাঁদের মধ্যে কয়েকজনকে ইতিমধ্যে জিজ্ঞাসাবাদের জন্য স্বাস্থ্যভবনে তলব করা হয়েছে। স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম বিকেলে হাসপাতাল পরিদর্শন করেন। ও মেডিক্যাল কলেজ প্রশাসনের সঙ্গে কথা বলেন। সেমিনার হল চত্বরে সিসিটিভি না থাকায় তিনি উষ্মা প্রকাশ করেছেন বলে সূত্রের খবর।

## আদিবাসী দিবসে উন্নয়নে কল্পতরু মমতা বন্দ্যোপাধ্যায়

**নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম:** শুক্রবার ঝাড়গ্রাম স্টেডিয়ামে আন্তর্জাতিক আদিবাসী দিবসের রাজ্যস্তরীয় অনুষ্ঠানে আদিবাসী দিবসের তাৎপর্য ও গুরুত্ব প্রসঙ্গে একটি কথাও না বললেও সকল সম্প্রদায়ের মানুষদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার বিকেলে ঝাড়গ্রামে পৌঁছনোর পর টুরিস্ট কমপ্লেক্সে রাত্রিযাপন করেন মুখ্যমন্ত্রী। সেখান থেকে এদিন বেলা ১টার সময় আদিবাসী দিবসের অনুষ্ঠানে যোগ দেন মুখ্যমন্ত্রী। এরপর মঞ্চ থেকে নেমে আদিবাসী ঘরানার পোশাক পরে আদিবাসী মহিলাদের সঙ্গে হাতে হাত ধরে ধামসা-মাদলের তালে তালে নাচ গান করেন এবং বেশ কিছুক্ষণ নিজেই ধামসা বাজান।

বক্তব্যের প্রথমেই অবিভক্ত মেদিনীপুর জেলার বিপ্লবীদের অবদানের কথা বর্ণনা করেন। এরপর কোনওরকম রাজনৈতিক বক্তব্যের ধারেপাশে না গিয়ে জঙ্গলমহলের বাঁকুড়া ও পুরুলিয়া জেলার উন্নয়নের দীর্ঘ তালিকা প্রকাশ করেন। সেই তালিকার মধ্যে রাস্তা তৈরি, কন্যাশ্রী, সবুজ সাথী ও লোধা-শবর-সহ দরিদ্র মানুষদের আবাস যোজনা ছিল অন্যতম। মুখ্যমন্ত্রী এদিন ঝাড়গ্রাম জেলা প্রশাসনিক ভবন, চিল্কিগড়ের বিষ্ণুমন্দির, ঝাড়গ্রামের কুর্মি ভবন-সহ ২৯৩ টি প্রকল্পের উদ্বোধন করেন। শিলান্যাস করেন ১৫৮ টি প্রকল্পের।

জেলার বিভিন্ন ক্লাবগুলিকে ধমসা মাদল বিতরণ করেন।



### তিরন্দাজদের স্বপ্ন দেখালেন

**নিজস্ব প্রতিবেদন:** অলিম্পিক নিয়ে মজে ক্রীড়াপ্রেমীরা। তারই মাঝে ঝাড়গ্রামের আর্চারি অ্যাকাডেমির মেয়েদের স্বপ্ন দেখালেন মমতা বন্দ্যোপাধ্যায়। আগামী দিনে অলিম্পিকে যোগ দিয়ে তাঁরা পদক জিতবেন বলেই আশা মুখ্যমন্ত্রীর।

বিশ্ব আদিবাসী দিবসের অনুষ্ঠানে শুক্রবার ঝাড়গ্রামে যান মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে জনসভায় দাঁড়িয়ে তিনি বলেন, 'আমি বিশ্বাস করি ঝাড়গ্রামের আর্চারি অ্যাকাডেমি থেকে একদিন আমাদের মেয়েরা অলিম্পিকে যাবে। তারা অলিম্পিক জয় করবে। সেই উদ্দেশেই কিন্তু এগুলো করা হয়েছে।' আর্চারি অ্যাকাডেমি তৈরির নেপথ্য কাহিনিও তুলে ধরেন মমতা। তাঁর কথায়, '২০ বছর আগে যখন অলিম্পিক হয়েছিল, আমি তখন কেন্দ্রীয় মন্ত্রী ছিলাম। তখন আমি পরিকল্পনা করেছিলাম আগামী ২০ বছরের। সমস্ত অ্যাকাডেমি করে প্লেয়ার তৈরি করা। এই আর্চারি অ্যাকাডেমিও তৈরি করেছি, যাতে ২০-২১ বছর বাদে ভারতীয় খেলোয়াড়েরা সম্মান অর্জন করতে পারে।'

পর্যটকদের কাছে ঝাড়গ্রামের আকর্ষণ বাড়াতে ঝাড়গ্রাম ডিয়ার পার্কের উল্টোদিকে ৬৪ হেক্টর জমিতে ১০ কোটি টাকা ব্যয়ে একটি ব্যাঘ্র সাফারি গড়ে তোলা হবে বলে ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। বিশ্ব আদিবাসী দিবসের পাশাপাশি শুক্রবার ছিল গান্ধিজির ভারত ছাড়ো আন্দোলনের দিন। দিনটির কথা স্মরণ করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মঞ্চে এবং সভায় উপস্থিত সবাইকে নিয়ে একসঙ্গে জাতীয় সঙ্গীত গান।

আদিবাসী দিবসের অনুষ্ঠানে মাত্র ৪৫ মিনিট থেকে জেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের স্টলগুলি ঘুরে দেখার পর তিনি কলকাতার উদ্দেশ্যে রওনা দেন।

## নিট-পিজি পিছনোর আর্জি খারিজ সুপ্রিম কোর্টে

**নয়াদিল্লি, ৯ অগস্ট:** পরীক্ষা নিয়ে হাজারও কেলেঙ্কারি, তর্ক-বিতর্ক, বাতিলের সিদ্ধান্ত। তৃতীয় এনডিএ সরকারের প্রথম ধাক্কা ছিল ডাক্তারি প্রবেশিকা পরীক্ষায় কারচুপির অভিযোগ। সেসবের জেরে নিট-ইউজি, নিট-পিজি ছাড়াও উচ্চশিক্ষায় সর্বভারতীয় স্তরে একাধিক প্রবেশিকা পরীক্ষা বাতিল হয়েছে। নির্ধারিত দিনের বদলে পিছিয়ে গিয়েছে তা। এবার নিট-পিজি আরও পিছিয়ে দেওয়ার আবেদন খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। নির্ধারিত ১১ অগস্ট হবে পরীক্ষা। শুক্রবার প্রধান বিচারপতির এজলাসে এই মামলার শুনানিতে আবেদনটি খারিজ হয়ে যায়। মাঝে মাত্র দুটি দিন। এত কম সময়ের মধ্যে পরীক্ষা পিছনোর আর্জি কেন! শুক্রবার শুনানিতে আবেদনকারীদের আইনজীবীকে এই প্রশ্নে কার্যত ভর্ৎসনা করেন প্রধান বিচারপতি।

## বাংলাদেশে ভারতীয় ও সংখ্যালঘুদের নিরাপত্তা পর্যবেক্ষণে কমিটি কেন্দ্রের

**নয়াদিল্লি, ৯ অগস্ট:** অশান্ত বাংলাদেশের পরিস্থিতির উপর ভারত নজর রাখছে। সে দেশে ভারতীয় এবং সংখ্যালঘুদের পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য এ বার নরেন্দ্র মোদি সরকার একটি কমিটি গঠন করল। সেই কমিটির নেতৃত্বে থাকবেন সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) এডিজি। ভারতীয় সেনার একাধিক গুরুত্বপূর্ণ পদে আসীন কর্তাদের এই কমিটিতে রাখা হয়েছে।

শুক্রবার কেন্দ্র একটি বিবৃতিতে বলেছে, 'ভারত-বাংলাদেশ সীমান্তের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য একটি কমিটি গঠন করেছে ভারত সরকার। বাংলাদেশে থাকা ভারতীয় নাগরিক এবং সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের নিরাপত্তা নিশ্চিত করতেই এই কমিটি কাজ করবে। বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখবে তারা।' বিএসএফের বেশ কয়েক জন উচ্চপদস্থ কর্তাকে এই কমিটির সদস্য করা হয়েছে। 'বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন'কে কেন্দ্র করে গত কয়েক দিন ধরেই অশান্ত বাংলাদেশ। সরকারি চাকরিতে সংরক্ষণ সংস্কারের দাবিতে শুরু হওয়া ছাত্র আন্দোলন এক সময়ে সরকার বিরোধী আন্দোলনে পরিণত হয়। আন্দোলনকারীদের দাবি ছিল একটাই, শেখ হাসিনার অপসারণ। পড়ুয়াদের এই আন্দোলনে সাধারণ মানুষকেও দলে দলে যোগ দিতে দেখা যায়। লাগাতার আন্দোলনের জেরে বাধ্য হয়েই প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা দিয়ে দেশ ছাড়েন হাসিনা। তিনি দেশ ছাড়তেই নতুন করে উত্তেজনা শুরু হয় ওপার বাংলায়।

অভিযোগ, বিক্ষোভকারীদের তাণ্ডবে ভীত হয়ে পড়েন সে দেশের সংখ্যালঘুরা। প্রাণ বাঁচাতে পালানোর চেষ্টা করছেন তাঁরা। ত্রস্ত বাংলাদেশের অনেক ভারতীয়ও। অশান্ত বাংলাদেশ থেকে কী ভাবে দেশে ফিরবেন, তা নিয়ে তাঁরা উদ্বিগ্ন। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর আগেই সংসদে জানিয়েছিলেন, বাংলাদেশের পরিস্থিতির দিকে নজর রাখছে নয়াদিল্লি। কূটনৈতিক স্তরেও যোগাযোগ রাখা হচ্ছে। রাজ্যসভা এবং লোকসভাতে তিনি বলেন, 'আমরা সংখ্যালঘুদের পরিস্থিতির দিকে নজর রাখছি। বহু গোষ্ঠী, সংগঠন সংখ্যালঘুদের নিরাপত্তার দিকটি নিশ্চিত করছে বলে খবর পাওয়া গিয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমরা এই বিষয়ে গভীর ভাবে উদ্বিগ্ন থাকব।' এই নিয়ে প্রধানমন্ত্রী মোদির সঙ্গে বৈঠকও করেন বিদেশমন্ত্রী। তার পরই এই কমিটি গঠনের সিদ্ধান্ত নিল কেন্দ্র।

### রাষ্ট্রপতিকে চিঠি মতুয়া মহাসংঘের

**নিজস্ব প্রতিবেদন:** বাংলাদেশে হিন্দুদের নিরাপত্তা চেয়ে প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি দিয়েছেন অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘ। শুক্রবার উত্তর ২৪ পরগনার ঠাকুরনগর ঠাকুরবাড়িতে সাংবাদিক বৈঠকে মতুয়া মহাসংঘের সাধারণ সম্পাদক সুখেন্দ্রনাথ গাইন বাংলাদেশে হিন্দুদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, 'বাংলাদেশে ছাত্র আন্দোলনকে সামনে রেখে দুষ্কৃতীরা হিন্দুদের উপর অত্যাচার করছে। তাঁদের বাড়ি ঘরে লুটপাট চালাচ্ছে। বাংলাদেশে হিন্দু মহিলারাও সুরক্ষিত নন। তাঁদের নিরাপত্তা চেয়ে এবং হিন্দুদের উপর অত্যাচার বন্ধ করার দাবি জানিয়ে অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের পক্ষ থেকে প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতিকে চিঠি দেওয়া হয়েছে।'

# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## নাম-পদবী

গত ০৭/০৮/২৪ নোটারী পাবলিক, সদর, হুগলী কোর্টে ৪৫৪ নং এফিডেভিট বলে Prodip Kumar Nandi S/o. Ramesh Chandra Nandi ও Prodip Kumar Nandy S/o. R. Ch Nandy সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৬/০৮/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, শ্রীরামপুর, হুগলী কোর্টে ৮৪০১ নং এফিডেভিট বলে Manas Kumar Mukhopadhyay S/o. Shib Renu Mukhopadhyay ও Manas Mukherjee S/o. Lt. S. R. Mukherjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৯/০৮/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ০৩ নং এফিডেভিট বলে আমি Bholanath Singha ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Ramsebak Singha, Lt. R. S. Singha ও Ramsevak Singha সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ০৯/০৮/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৫২৪ নং এফিডেভিট বলে Asit Ghosh S/o. Gour Chandra Ghosh ও Asitbaran Ghosh S/o. G. C. Ghosh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৯/০৮/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৫৪৬৪ নং এফিডেভিট বলে আমি Jakir Hossain Dewan ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Mohammad Yousuf Dewan ও Y Dewan সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ০৬/০৮/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১০৫৯৯ নং এফিডেভিট বলে Uttam Maji S/o. Bishnupada Maji ও Uttam Majhi S/o. B. P. Majhi সাং চাঁপাডাঙ্গা, তারকেশ্বর, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৬/০৮/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১০৬০০ নং এফিডেভিট বলে Laxman Prasad S/o. Raghunath Prasad ও Lachman Prasad Sonar S/o. R. P. Sonar সাং পদ্মপুকুর, তারকেশ্বর, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## CHANGE OF NAME

**I, Anil Kumar Agarwal, S/O Nand Kishore Agarwal, residing at 128, Rash Behari Avenue, Kolkata-700029, Vide Affidavit no. 1175 dated 07/08/2024, sworn before the Court of the Judicial Magistrate (first-class) C.J.M. Court, Kolkata that by mistake my name was wrongly recorded as ANIL AGARWAL in the School/College/University's /Institution's documents of my son and in my marriage certificate/records. Henceforth, it is declared that ANIL AGARWAL and ANIL KUMAR AGARWAL are the same and one identical person relating to the name.**

## CHANGE OF NAME

I, **MOU BANERJEE** D/o Late Ramaprasad Banerjee resident of Rajwada Springfield, Flat - C/3C. 57, Vivekanada Sarani, VTC-Rajpur Sonarpur(M), P.S. Narendrapur. West Bengal - 700103 have declared before the First Class Judicial Magistrate at Alipore vide Affidavit. No. 49312 date 5th August 2024 that both the names Mou Banerjee and Mou Beachell Banerjee are same and identical person and for all purpose, I will be known as Mou Banerjee only.

## নাম-পদবী

আমি, M. Mathew Tudu, S/O. Neheru Tudu ঠিকানা- ১৩/১/১, উকিলাবাদ রোড, বহরমপুর, জেলা-মুর্শিদাবাদ। LIC পলিসি (No. 432453453) তে আমার নাম ভুলবশতঃ Mathew Tudu আছে। ৩১/৭/২৪ এ বহরমপুর এস.ডি.ই.এম কোর্টের এফিডেভিটে M. Mathew Tudu ও Mathew Tudu এক ও অভিন্ন ব্যক্তি হলাম।

## বিজ্ঞপ্তি

আমার মক্কেল অরুপ দাশ পিতা- কৃষ্ণপদ দাশ নিবাস - প্রসাদপুর বারাসাত কলকাতা-৭০০১২৪ বিগত ২৬/০৭/২০২৪ তারিখে আসল পিট দলিলটি বারাসাত কোর্টে যাওয়ার পথে হারিয়ে ফেলেন। যাহার নাম্বার-৪৮১২ সাল ১৯৯০ মৌজা-বিষ্ণুপুর, জে এল-১০৬, এল আর দাগ- ৪৫ ও ৪৬, এল আর খতিয়ান-২২৮/১, ৯/১, ৩৭৭/১, ২৮৩/১। উনি বারাসাত থানায় ডাইরি করেন। যাহার নম্বর ২৬/২৪, তারিখ- ০১/০৮/২০২৪। যদি কোনও সহৃদয় ব্যক্তি উক্ত দলিলটি পেয়ে থাকেন বা কোন রকম আপত্তি থাকে তাহলে এই বিজ্ঞাপনটি প্রকাশের দিন থেকে ১৫ দিনের মধ্যে আমার সাথে যোগাযোগ করবেন।

অ্যাডভোকেট-গৌতম সাহা,
রেজিস্ট্রেশন নং- WB-৪২৮/১৯৯০,
ফোন নং- ৯৮৩৬৪৬৭৮০৩,
২৮৪, দমদম রোড, কলকাতা-৭০০০৭৪

## বিজ্ঞপ্তি

আমার মক্কেল উত্তম কুমার রায় পিতা- শচীন্দ্রনাথ রায়, নিবাস - নিবেদিতাপল্লী বারাসাত কলকাতা-৭০০১২৫, বিগত ২৬/০৯/২০১৯ তারিখে আসল পিট দলিলটি চাঁপাডালী মোড়ে জেরক্স করতে যাওয়ার পথে হারিয়ে ফেলেন। যাহার নাম্বার-৪৭৭ সাল ১৯৮৮, মৌজা-পালপাকুড়িয়া, আর. এস. দাগ- ২২৯, আর. এস. খতিয়ান-২৭৬। উনি বারাসাত থানায় একটি ডাইরি করেন। যাহার নম্বর ১৭২০, তারিখ- ২৭/০৯/২০১৯। যদি কোনও সহৃদয় ব্যক্তি উক্ত দলিলটি পেয়ে থাকেন বা কোন রকম আপত্তি থাকে তাহলে এই বিজ্ঞাপনটি প্রকাশের দিন থেকে ১৫ দিনের মধ্যে আমার সাথে যোগাযোগ করবেন।

অ্যাডভোকেট-গৌতম সাহা,
রেজিস্ট্রেশন নং- WB-৪২৮/১৯৯০,
ফোন নং- ৯৮৩৬৪৬৭৮০৩,
২৮৪, দমদম রোড, কলকাতা-৭০০০৭৪

## ।। বিজ্ঞপ্তি ।।

**ইন দি কোর্ট অফ লার্নেড ডিস্ট্রিক্ট এণ্ড সেশান জজ, হুগলী এ্যাট চিনসুরা ।।**
**রেফাঃ :- অ্যাক্ট VIII (মিস) কেস নং :- ৯৪/২০২৩**
**শ্রী শেখর বর্ম্মণ ..পিটিশনার /অ্যাপ্লিকেন্ট।**
**-বনাম-**
**১) শ্রীমতী সোনামনি বর্ম্মণ (স্বাভাবিক মাতা)**
**২) শ্রী নিরঞ্জন অধিকারী (স্বাভাবিক পিতা)**
**নিকট আত্মীয় / প্রতিপক্ষ ।**

**পিটিশনার/ আবেদনকারী:- শ্রী শেখর বর্ম্মণ, পিতা স্বর্গীয় নিহার কুমার বর্ম্মণ, বয়স :- আনুমানিক ৫৫ বৎসর, ধর্ম্ম- হিন্দু, পেশা- ব্যাবসা, সাং- গ্রীণপার্ক অ্যাপার্টমেন্ট, সাত মন্দির তলা, ফ্ল্যাট নং : জি - ৩ (গ্রাউণ্ড ফ্লোর), পোঃ ও থানা - সিঙ্গুর, জেলা - হুগলী, পিন - ৭১২৪০৯ (পঃ বঃ )।**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, উপরোক্ত নম্বর মোকর্দ্দমায় দরখাস্তকারী/পিটিশনার **শ্রী শেখর বর্ম্মণ**, নাবালক **শ্রীদীপ অধিকারী** (বয়স ১৪ বৎসর/ জন্ম তারিখ - ০৬/০৮/২০১০) - কে দত্তক লইবার জন্য গার্জিয়ান এ্যাণ্ড ওয়ার্ডস অ্যাক্ট, ১৮৯০ আইনানুসারে ০৭, ১০ ও ২৫ নং ধারায় মামলা রুজু করিয়াছেন, নাবালক শ্রীদীপ অধিকারীর স্বাভাবিক মাতা **শ্রীমতী সোনামনি বর্ম্মণ** এবং স্বাভাবিক পিতা **শ্রী নিরঞ্জন অধিকারীর**, পিতা গোপাল অধিকারী, সাং- উত্তর শঙ্করপুর, পোঃ - উত্তর শঙ্করপুর, থানা - গুড়াপ, জেলা - হুগলী, পিন - ৭১২৩০৩ - এর বিরুদ্ধে।

নাবালক শ্রীদীপ অধিকারীর স্বাভাবিক মাতা শ্রীমতী সোনামনি বর্ম্মণ ইতিমধ্যে উপরোক্ত মামলাটিতে মহামাণ্য আদালতের দ্বারস্থ হইয়া তিনি তাহার সম্মতি জ্ঞাপন করিয়াছেন।

অত্র বিষয়ে যদি কাহারও কোনরূপ আপত্তি থাকে, তবে অত্র মোকর্দ্দমার বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে স্বয়ং অথবা নিযুক্তিয় উকিলবাবু মারফৎ আপত্তি দাখিল করিবেন, অন্যথায় দরখাস্তকারীর অনুকুলে একতরফা শুণানী হইবে।

দরখাস্তকারীর তরফে নিযুক্তিয় উকিলবাবু,
**শ্রী স্বায়ন্তন সরকার (উকিলবাবু)**

আদালতের অনুমত্যানুসারে,
**শ্রী চরণ সিং**
**সেরেস্তাদার**
চুঁচুড়া জজ্ কোর্ট, চুঁচুড়া, হুগলী।

## E-TENDER

E- tenders are invited by the Prodhan, Shyamnagar Gram Panchayat( Under Tehatta- I Panchayat Samity), Vill+P.O.-Shyamnagar, Nadia. **NIET No. 4E/2023-24,** Last date of submission **18.08.2024 upto 11a.m.** For details please contact to the Office or visit **www.wbtenders.gov.in**

**Sd/- Prodhan,**
**Shyamnagar Gram Panchayat.**

## PUBLIC NOTICE

It is hereby inform that I, **Sri Sanjay Nandy,** Son of Late Bholanath Nandy, residing at Raojapara(Rabindrapally), PO +PS-Pandua, District-Hooghly-712149, West Bengal, have lost 1 (One) My Original Deed of my following property situated at **District-Hooghly, PS-Pandua, Mouja-Pandua, JL no-108, under Pandua Gram Panchayet, LR Dag no-4854, LR Khatian nos-9521 & 9522**, within the jurisdiction of the Office of DSR Hooghly & ADSR Pandua in the State of West Bengal. The Original Deed the above property is as follows: **i)1345 for the year 2015 registered before ADSR- Pandua, vide book no-I, vol no-616, pages from 19283 to 19293.**

I have already registered a General Diary before Pandua P.S, vide **GDE no-646 dt-08/08/2024** Regard to the above mention lost. If anybody find the above deed, then please return it by contacting at the following address within 7 days of publication of the notice. I will remain ever grateful if their return.

With permission of the above mentioned.

**Santanu Nandy**
**Advocate**
District Judge's Court, Hooghly
M-9734048759

## ।। বিজ্ঞপ্তি ।।

### আমমোক্তার নামা

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, **১) নিলুফার বেগম ও ২)ফিরোজা বেগম** উভয়ের পিতা মরহুম মহঃ হাসানুজ্জামান উভয়ের সাকিম কুলিপাড়া, পোঃ ব্যান্ডেল, থানা চুঁচুড়া, জেলা হুগলী, পিন ৭১২১২৩, বিগত ইং 25/09/2023 তারিখে কলকাতা এ.আর.এ.-I, অফিসে রেজিস্ট্রিকৃত 190108021/2023 নং আমমোক্তার দলিল মূলে আমার মক্কেল **শ্রী সন্দীপ চক্রবর্ত্তী** পিতা ৺শতদল চক্রবর্ত্তী সাকিম কাপাসডাঙ্গা, থানা চুঁচুড়া, পোঃ ও জেলা হুগলী, পিন ৭১২১০৩ মহাশয়কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন ও নিম্নবর্ণিত তপশীল সম্পত্তি উক্ত আমমোক্তারনামা দলিল বলে আমার মক্কেল ইং 13/10/2023 তারিখে এ.ডি.এস.আর, চুঁচুড়া, হুগলী অফিসে I-9933/2023 নং দলিল মূলে **শ্রীমতী রাধিকা ঠাকুর**, পিতা জয় গোবিন্দ ঠাকুর সাকিম ই-৫, ইডেন পার্ক লেন, পোঃ মানুসপুর, থানা চুঁচুড়া, জেলা হুগলী, পিন 712123 মহাশয়াকে বিক্রয় করেন।

**তপশীল** – জেলা হুগলী, থানা চুঁচুড়া, মৌজা নলডাঙ্গা, জে.এল.-6, হাল এল. আর 255 ও 634 খতিয়ানে, আর.এস. 685 ও হাল এল. আর 1002 দাগে বাস্তু জমি 10 ছটাক বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, উক্ত খরিদা জমি শ্রীমতী রাধিকা ঠাকুর, পিতা জয় গোবিন্দ ঠাকুর নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া অফিসে আবেদন করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি- **তাপস কুমার মন্ডল**
**উকিলবাবু**
জেলা জজ আদালত চুঁচুড়া, হুগলী

## ।। বিজ্ঞপ্তি ।।

### আমমোক্তার নামা

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, **১) নিলুফার বেগম ও ২)ফিরোজা বেগম** উভয়ের পিতা মরহুম মহঃ হাসানুজ্জামান উভয়ের সাকিম কুলিপাড়া, পোঃ ব্যান্ডেল, থানা চুঁচুড়া, জেলা হুগলী, পিন ৭১২১২৩, বিগত ইং 25/09/2023 তারিখে কলকাতা এ.আর.এ.-I, অফিসে রেজিস্ট্রিকৃত 190108021/2023 নং আমমোক্তার দলিল মূলে আমার মক্কেল **শ্রী সন্দীপ চক্রবর্ত্তী** পিতা ৺শতদল চক্রবর্ত্তী সাকিম কাপাসডাঙ্গা, থানা চুঁচুড়া, পোঃ ও জেলা হুগলী, পিন ৭১২১০৩ মহাশয়কে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন ও নিম্নবর্ণিত তপশীল সম্পত্তি উক্ত আমমোক্তারনামা দলিল বলে আমার মক্কেল ইং 11/12/2023 তারিখে এ.ডি.এস.আর, চুঁচুড়া, হুগলী অফিসে I-11369/2023 নং দলিল মূলে **১)শ্রী রাম বাবু যাদব ও ২)শ্রী ঘনশ্যাম যাদব**, উভয়ের পিতা শ্রী কলেশ্বর যাদব উভয়ের সাকিম 195/3 কে ডি রোড, নৈহাটি, পোঃ গরিফা, থানা বিজপুর (নৈহাটি), জেলা উঃ ২৪ পরগনা, পিন 743166 মহাশয়দ্বয়কে বিক্রয় করেন।

**তপশীল** – জেলা হুগলী, থানা চুঁচুড়া, মৌজা নলডাঙ্গা, জে.এল. -06, হাল এল. আর 255 ও 634 খতিয়ানে, ১) আর.এস. 684 ও হাল এল. আর 1003 দাগে বাস্তু জমি 414 স্কোয়ার ফুট ও ২) আর.এস. 685 ও হাল এল. আর 1002 দাগে বাস্তু জমি 306 স্কোয়ার ফুট, একুনে দুটি দাগে কমবেশী 1 কাঠা বা 720 স্কোয়ার ফুট বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, উক্ত খরিদা জমি **১)শ্রী রাম বাবু যাদব ও ২)শ্রী ঘনশ্যাম যাদব**, উভয়ের পিতা শ্রী কলেশ্বর যাদব নিজ নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া অফিসে আবেদন করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি- **তাপস কুমার মন্ডল**
**উকিলবাবু**
জেলা জজ আদালত চুঁচুড়া, হুগলী

## ।। বিজ্ঞপ্তি ।।

### আমমোক্তার নামা

এতদ্বারা সকল কে জানানো যাইতেছে যে, আমার মক্কেল **শ্রী আকাশ দে** পিতা ৺নারায়ন চন্দ্র দে সাকিম 33/1, হাট লেন, মল্লিক ফটক, হাওড়া, পিন 711101, মহাশয়কে 'সাহা স্টেপ ওয়ে এল.এল.পি.' পক্ষে Prop. নিরঞ্জন সাহা সাকিম 89/3/2 বিবেকানন্দ রোড, রানী মারকেট, পোঃ ও থানা রিষড়া, জেলা হুগলী, পিন 712248, ডি.এস.আর-I, চুঁচুড়া, হুগলী অফিসে I-5923/2022 নং আমমোক্তার দলিল মূলে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন ও নিম্নবর্ণিত তপশীল সম্পত্তি উক্ত আমমোক্তারনামা দলিল বলে আমার মক্কেল শ্রীমতী শম্পা দত্ত স্বামী শ্রী রানা দত্ত সাকিম বাগাটি, মগরা, হুগলী, পিন 712148 মহাশয়াকে A.R.A.-II, কলকাতা অফিসে 2813/2024 নং রেজিস্ট্রিকৃত দলিল মূলে বিক্রয় করেন।

**তপশীল** – জেলা হুগলী, থানা চুঁচুড়া, মৌজা কুলিহান্ডা, জে.এল.-18, হাল এল. আর 10200 খতিয়ানে, সাবেক 1571 ও হাল 3154 দাগে শুনা জমি 1.629 একর আমমোক্তারকৃত সম্পত্তির মধ্যে 2 কাঠা বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, উক্ত খরিদা জমি শ্রীমতী শম্পা দত্ত স্বামী শ্রী রানা দত্ত নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও মগরা-চুঁচুড়া অফিসে আবেদন করিয়াছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি- **তাপস কুমার মন্ডল (উকিলবাবু)**
জেলা জজ আদালত চুঁচুড়া, হুগলী

## NOTICE

**IN THE COURT OF THE HON'BLE DISTRICT JUDGE HOOGHLY**
**Misc. Application No. 18 of 2024**

**Petitioner/Applicant:** SMT. ADITI CHAKRABORTY, Wife of Late Riki Chakraborty. Daughter of Ashoke Kumar Pan. Resident of: 360/D/4, Indira Gandhi Road, Konnagar, P.S. Uttarpara, Hooghly, "West Bengal: 712235

The petitioner said Smt. Aditi Chakraborty has filed a Miscellaneous Case Application, Being No. 18 of 2024 under Section 8(2) of the Hindu Minority and Guardianship Act, 1956; as a natural guardian of the minor Miss Ritika Chakraborty, aged approximately 2 years, in order to seek permission from the Hon'ble Court to sell the undivided one- third share of the minor along with co-share of the petitioner in the property detailed in Schedule.

Therefore, any person(s) having any objection with respect to the schedule property are hereby requested to submit the same in writing as self or by the help of an advocate, along with supporting documents before the Hon'ble Court, within a period of 30 days (inclusive of both days) from the date of publication of this notice.

Failure to submit such claims and objections within the specified period may be construed in favour of the petitioner pursuant to the procedures established by law.

**Scheduled Property**

All that piece and parcel of one self-contained residential flat having marble flooring an area of about 750 sq.ft being Flat No. ET-2 on the Fourth Floor of the building SUPRITI APARTMENT" situated at 360/D/4/B Indira Gandhi Road, P.O. Konngar, P.S. Uttarpara, Dist: Hooghly, Under Konnagar Municipality, comprised in R.S. Dag Nos. 2622 & 2623 under R.S. Khatian No. 5837 corresponding to the L.R. Dag No 5837 under L.R. Khati an No. 15357 lying along with undivided proportionate share of land underneath, together with proportionate share of common service area. The Flat is butted and bounded by:

On the North: Open Space;
On the South: Open Space;
On the East: Open space; On the West: Stair; Lift and FT

From the Petitioner Side
Jayanti Tiwari,
Advocate
District Judge, Hooghly

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**উত্তর ২৪ পরগনা**

**অ্যাড কানেক্সন**
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- **adconnexon@gmail.com**

**এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র**
সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬

**হুগলি**

**মা লক্ষ্মী জেরক্স সেন্টার,** সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

**জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি,** প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

**নদিয়া**

**টাইপ কর্ণার,** নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮

**রাজ টেলিকম,** অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, মোঃ ৯৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।

**সুজয়া উদ্যোগ সমূহ,** শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩০২, মোঃ ৯৩৩৩২২০৬৫৯।

**অবসর,** ডি. বালা, চাকদহ, নদিয়া। মোঃ ৭৪০৭৪৮০১০৮।

**সবিতা কমিউনিকেশন,** প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার, ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, মো-৮১০১৩ ৭৩৫৮১

**পূর্ব মেদিনীপুর**

**আইনক্স অ্যাড এজেন্সি**
সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, মোঃ ৯৭৩২৬৬৬০৫২

**শ্যাম কমিউনিকেশন,** দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬




## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ১০ ই আগস্ট। ২৫ শে শ্রাবণ। শনিবার । ষষ্ঠী তিথি। জন্মে কন্যা রাশি। অষ্টোত্তরী বুধে  র মহাদশা। বিংশোত্তরী মঙ্গল  র মহাদশা কাল। মৃতে একপাদ দোষ।**

**মেষ রাশি :** আজ। কোন স্বপ্নপূরণ হওয়ার সম্ভাবনা, যারা মেকানিক্যাল কর্মে আছেন তাদের সাফল্য নিশ্চিত। দূর ভ্রমণের কথা ছিল। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দ্বারা সম্মান প্রাপ্তির দিন। প্রতিবেশীর ছারা পূর্ণ সহযোগিতা। বান্ধবযোগে আনন্দ বৃদ্ধি। যারা নতুন কর্মের আবেদন করেছেন তাদের শান্তির বাতাবরণ। দুর্গা নামকরণ শুভ হবে।

**বৃষ রাশি :** সকালবেলা পরিবারে অশান্তির বাতাবরণ। সতর্ক থাকা ভালো, হঠাৎ করে বিতর্কের মধ্যে জড়িয়ে পড়ার সম্ভাবনা। বাজার, দোকান, পুরানো বান্ধবীর সঙ্গে আজ প্রয়োজনে কথা বলা শুভ। বিদ্যা যোগে বাধা। বিদ্যালয়ের কোন পুরনো ঘটনাকে কেন্দ্র করে অশান্তির বাতাবরণ। জয় তারা বলুন এগিয়ে চলুন।

**মিথুন রাশি :** যে বন্ধুকে বিশ্বাস করে কাজের দায়িত্ব দিয়েছিলেন, তিনি কাজটি সঠিকভাবে করার জন্য, আপনি সম্মান প্রাপ্তি করবেন। যারা টেকনিক্যাল কাজে আছেন তাদের সাফল্য। সেলস রিপ্রেজেন্টেটিভ তাদের উন্নতির সোপান তৈরি হবে আজকে। কোন মেডিকেল রিপ্রেজেন্টেটিভ আজ কোন ডাক্তারের সহায়তায় কর্মে প্রশান্তি লাভ করবেন। সন্তানের কারণে সম্মানযোগ। ব্যবসা বৃদ্ধি অর্থ প্রাপ্তির সুযোগ রয়েছে দুর্গা নাম করুন এগিয়ে চলুন।

**কর্কট রাশি :** কর্মে শান্তির বাতাবরণ। উর্ধ্বতন কর্তৃপক্ষের শুভ নজর আপনার দিকে থাকবে। যারা সাংবাদিকতা করেন, লেখালেখি করেন তারা এক ধাপ এগিয়ে যাবেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্ণ সহযোগিতা। পরিবারের শান্তির বাতাবরণ। বিবাহ বিষয়কথা পাকা হতে পারে। যারা এন জি ও বা সেবামূলক কর্মে আছেন তাদের খুবই সম্মান প্রাপ্তির দিন। জয় তারা জয় তারা বলুন এগিয়ে চলুন।

**সিংহ রাশি :** পরিবারে শান্তির বাতাবরণ। শরীরে যে ছোট অপারেশন হয়েছিল, আজ তা থেকে প্রশান্তি মিলবে। প্রাণায়াম পূজা পাঠে, আনন্দ বৃদ্ধি ঐশ্বরিক কৃপা বৃদ্ধি হবে। যে কাজটা আটকে ছিল এতদিন, তা সফলতার পথ দেখা দিচ্ছে। যারা শিক্ষকতা করেন। অধ্যাপনা করেন। তাদের সম্মান প্রাপ্তির দিন। গণেশ দেবতার নাম করুন, এগিয়ে চলুন, শুভ হবে।

**কন্যা রাশি :** অযথা বিতর্কে কেন জড়িয়ে পড়ছেন। আপনার উচিত একটু মাথা ঠান্ডা করে, আজকের দিন টা অতিবাহিত করা। পরিবারে অশান্তির কালো মেঘ। প্রেমে দুশ্চিন্তাবৃদ্ধি। বিদ্যায় দুশ্চিন্তা যুক্ত ভাগ্য। দূর ভ্রমণে বাধ্য। যে বান্ধব কে কাজের দায়িত্ব দিয়েছিলেন তিনি করতে না পারার জন্য মানসিক অশান্তি। জয় তারা জয় তারা বলুন, এগিয়ে চলুন।

**তুলা রাশি :** শুভ গ্রহ সংস্থান। পরিবারে সম্মান প্রাপ্তি। বাড়ির গৃহবধূদের পূর্ণ সহায়তা লাভ দাম্পত্য জীবনে শান্তির বাতাবরণ। প্রেমে শুভ। সৌভাগ্য বৃদ্ধি হাবে, প্রতিবেশীর দ্বারা। সম্মান প্রাপ্তি, ব্যবসা-বাণিজ্য অর্থবৃদ্ধির সম্ভাবনা। তবে একটু বৃদ্ধি খরচ করে আজকের দিনটা বাক্য প্রক্ষেপণ করতে হবে। জয় তারা জয় তারা বলুন এগিয়ে চলুন।

**বৃশ্চিক রাশি :** আজ ব্যয় বৃদ্ধি। যেটা হাতের নাগালের মধ্যে নয়, তার জোর করে পেতে গেলে, অর্থ বা শক্তি প্রয়োগ করা দরকার। খুব সুচিন্তিত ভাবে, কাজ করুন, নয়তো বিবাদ বিতর্কে জড়িয়ে পড়বেন। শশুর বাড়ির একজন প্রবীণ সদস্যের জন্য মানসিক দুশ্চিন্তা বৃদ্ধি হবে। তবে জয় অবশ্যম্ভাবী জয় তারা জয় তারা বলুন এগিয়ে চলুন। ব্যবসা বাণিজ্যে বৃদ্ধি সম্ভব।

**ধনু রাশি :** পুরাতন বান্ধবীকে যে কাজের দায়িত্ব দিয়েছিলেন তার দ্বারা আজকে উপকৃত হবেন। যে স্বজন আপনাকে কাজটির জন্য এতদিন বাঁধা দিয়ে এসেছেন, আজকে তিনি পূর্ণ সহযোগিতা করবেন। একটু মাথা ঠান্ডা রেখে ধৈর্য ধরে আজকের দিনটা অতিবাহিত করুন। দোকান ব্যবসা, যারা করেন, মাছের ব্যবসা যারা করেন, কোল্ডিংস বা স্ক্রিনের ব্যবসা যারা করেন তাদের অর্থপ্রাপ্তির সুযোগ বৃদ্ধি। দেবী দুর্গার চরণে ১০৮ হলুদ পুষ্প প্রদানে সর্ব দোষ খন্ডন হবে।

**মকর রাশি :** আজ ধৈর্য ধরে চলার দিন। আজ গ্রহ সংস্থান খুব একটা ভালো নয়। পরিবারে অশান্তির বাতাবরণ। পরিবারের দুশ্চিন্তার বাতাবরণ। কোন ছোট সন্তান বা একেবারে কনিষ্ঠ সদস্যকে নিয়ে দুশ্চিন্তা। কর্মে কালো পথ। উর্ধ্বতন কর্তৃপক্ষের অশুভ নজর আপনার দিকে। সকালে বাড়ি থেকে বেরিয়ে যাওয়ার আগে সাতটি প্রদীপ প্রজ্বলন, দেবী দুর্গা মায়ের নাম বলুন শুভ হবে।

**কুম্ভ রাশি :** বুদ্ধি করে প্রবীন নাগরিকের সঙ্গে বাক্য বিনিময় করতে হবে। বিবাদ বিতর্ক এড়ানোর জন্য যখনই কোন সভা বা মিটিং চলবে তখন আপনি সবাইকে দেখান, যে আপনি একটু অন্যমনস্ক আছেন। তাহলে দায়িত্বটা কম হবে। মোবাইল ল্যাপটপে একটু ব্যস্ত থাকলে সবাই সহযোগিতা করবে। শিক্ষার্থীদের জন্য আজকের দিনটা খুব শুভ নয়, ধৈর্য ধরলে শুভ ফলপ্রাপ্তি জয় তারা জয় তারা ১০৮ নামকরণ শুভ হবে।

**মীন রাশি :** আজ প্রবীণ নাগরিকের থেকে উপদেশ প্রাপ্ত করবেন, যা খুব কাজে লাগবে। পরিবারের একজন সদস্য আপনার পূর্ণ সহযোগিতা করবেন, কিন্তু তার মন মতো চললে, আপনি উপকৃত হবেন। ডিভোর্সের মামলা যাদের আছে, তারা আজকের দিনটা উকিল বাবুর কথা শুনে চলুন। যারা মাছের ব্যবসায়ী, তরল পদার্থের ব্যবসায়ী, কেমিক্যাল এর ব্যবসায়ী, তাদের অর্থপ্রাপ্তির সুযোগ আছে। বাড়ির গৃহ মন্দিরে পাঁচটি প্রদীপ জ্বালান আর দূর্গা মায়ের নাম করুন।

**(শ্রী কৃষ্ণ ঝুলন যাত্রা। লুন্ঠন ষষ্ঠী)**

**ঘোষণা**- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে  এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

# স্বাধীনতা দিবসের প্রাক্কালে দার্জিলিং ও পুরী যাওয়ার রেল টিকিটের চাহিদা তুঙ্গে

**নিজস্ব প্রতিবেদন:** ভ্রমণ পিপাসু বাঙালির বেড়াতে যাওয়ার সেরা পছন্দ রেল। রেলে ভ্রমণ করলে একদিকে যেমন আর্থিক সাশ্রয় হয়, তেমনি যাত্রাও হয় উপভোগ্য। যে কোনওরকম ছুটির মরসুম এলেই বাঙালির বেড়াতে যাওয়ার সেরা পছন্দের স্থান দার্জিলিং এবং পুরী। পুরী এমন এক পর্যটনস্থল যেখানে একদিকে যেমন সমুদ্রের গর্জন উপভোগ করা যায়, তেমনই জগন্নাথ মন্দির দর্শন করা যায়। অপরদিকে, দার্জিলিংয়ে হিমালয়ের সৌন্দর্য্য উপভোগ করা যায়।

তাই কোনও ছুটির মরসুম এলেই দার্জিলিং ও পুরীগামী রেলে অসম্ভব ভীড় চোখে পড়ে। কিছুদিনের মধ্যেই সামনেই আসছে ১৫ ই আগস্ট একদিন অতিরিক্ত ১৬ ই আগস্ট ছুটি নিলে সপ্তাহে শেষে চার দিন ছুটি পাওয়া যাচ্ছে। আর এই সুযোগ বাঙালিরা কখনই মিস করে না। তারই প্রতিফলন দেখা যাচ্ছে ট্রেনগুলির অপেক্ষমান তালিকা দেখে। ১২৩৪৩ শিয়ালদা-নিউ জলপাইগুড়ি দার্জিলিং মেল ১৪ অগস্ট স্লিপার ক্লাসে ১০০ কাছাকাছি ওয়েটিং লিস্ট রয়েছে। তেমনিভাবে ১২৩৭৭ পদাতিক এক্সপ্রেসে ১৪ অগস্ট তারিখে স্লিপার ক্লাসে ওয়েটিং লিস্ট প্রায় রয়েছে প্রায় ১০০ জনের। ২২২০১ শিয়ালদা-পুরী দূরন্ত এক্সপ্রেসে ১৪ অগস্ট স্লিপার ক্লাস ও থ্রি-টায়ার এসি ক্লাসে ওয়েটিং লিস্ট ১০০ অধিক রয়েছে। এখনো কিছু সিট উপলব্ধ আছে যে সমস্ত যাত্রীরা বর্ষণ মুখর প্রকৃতিকে উপভোগ করতে করতে হিমালয়ের কোলে যেতে চান তারা সত্বর টিকিট বুক করুন। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেন, 'যারা এই ছুটির দিনগুলিতে ট্রেনে চড়ে ভ্রমণ করতে ইচ্ছুক, তাঁরা যেন সঠিক সময়ে টিকিট বুক করে নির্ঝঞ্ঝাট ভ্রমণ উপভোগ করেন।'



*বেঙ্গল ফুড এন্ড ফ্রুট ফেসিটিভেলের উদ্ধোধনী অনুষ্ঠানে অরূপ রায়, শোভন দেব চট্টোপাধ্যায়, মলয় ঘটক ও বিপ্লব রায় চৌধুরি। শুক্রবার নেতাজী ইনডোর স্টেডিয়ামে এক মিনিট নীরবতা পালন করা হয় প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের প্রয়াণের জন্য।*

# মুখ্যমন্ত্রীকে পুরোহিতদের বাংলা আবাস যোজনার ঘর দেওয়ার অনুরোধ রাজীবের

**নিজস্ব প্রতিবেন:** পশ্চিমবঙ্গ রাজ্য সনাতন ব্রাহ্মণ ট্রাস্ট ও নিখিল বঙ্গ ব্রাহ্মণ বৈষ্ণব উন্নয়ন পরিষদের আয়োজনে ২৩টি জেলার, প্রায় চার শতাধিক, দরিদ্র ব্রাহ্মণ-বৈষ্ণব পুরোহিতদের , সৃজনশীল আলোচনা সভা হয়ে গেল। আহ্বায়ক ছিলেন রাজীব বন্দোপাধ্যায়। উপস্থিত ছিলেন বৈদিক পন্ডিত ইন্দ্রনীল মুখার্জী, শ্রীধর মিশ্র, নির্মল শর্মা, কল্পতরু ভট্টাচার্য, পার্থ চক্রবর্তী, সহ রাজ্যের দরিদ্র পুরোহিত সম্প্রদায়। রাজ্যের প্রাক্তন মন্ত্রী রাজীব বন্দোপাধ্যায়- সংগঠনের সভাপতি র দায়িত্বভার নিয়ে বলেন,'বাংলার পুরোহিত ভাতা সকলে পেয়েছেন। যারা এখনো পান নি, তারা আবেদন করবেন। দিদি মমতা বন্দ্যোপাধ্যায়কে বলে সহযোগিতা করব। যারা ভুল করে শুভেন্দু-দিলীপের কথায় ওই দলে গেছেন, তারা আমাদের দিকে ফিরে আসুন। আগামী ২০২৬ এ পুরোহিতদের সৃজনশীল বার্তা, সবকটি বিধানসভায় ছড়িয়ে দিয়ে তৃণমূল কংগ্রেসের হাত শক্ত করুন।' অনুষ্ঠানে বৈদিক পন্ডিত ইন্দ্রনীল মুখার্জী বলেন, 'ঋষি মুনি বাক্য, নষ্ট হয়ে যাওয়া পৌরাণিক বৈদিক ধর্ম,মানুষের জীবনের মান উন্নয়ন করতে আজ আমাদের প্রয়োজন সংঘবদ্ধ শক্তিশালী সংগঠন তৈরি করা।' বৈদিক মন্ত্র উচ্চারণর পর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা হয় ।




*ইন্ডিয়ান ব্যাঙ্কের বারাসতের জোনাল অফিসের তরফে ডিপোজিট মবিলাইজেশনের উপর একটি পদযাত্রা করা হল। উপস্থিত ছিলেন, কলকাতা এফজিএমও চিফ জেনারেল ম্যানেজার বিনয় কুমার সিং, বারাসাতের জোনাল ম্যানেজার রাজীব কুমার রায়, ডেপুটি জোনাল ম্যানেজার নিলাদ্রীস প্রসাদ রথ।*

# পুজোয় ভ্রমণের সুযোগ দিচ্ছে পূর্ব রেল

**নিজস্ব প্রতিবেদন:** মন খারাপ, চিন্তা নেই। পুজোয় ভ্রমণের জন্য টিকিট বুক করার আরেকটি সুযোগ করে দিচ্ছে পূর্ব রেল। অতিরিক্ত ১,৭৯০০০ বার্থ উপলব্ধ হবে নয় জোড়া পুজো স্পেশাল ট্রেন চালানোর ফলে। যারা ভেবেছিলেন পুজোর সময় সপরিবারে বেড়াতে যাবেন কিংবা যে সমস্ত যাত্রী দেশের বিভিন্ন প্রান্তের কর্মস্থল থেকে পুজোর ছুটিতে বাড়ি ফিরতে চান, কিন্তু ট্রেনের টিকিট বুক করতে পারলেন না। পুজোর সময় ভ্রমণকারীদের সুবিধার জন্য, চলতি বছর ১লা অক্টোবর থেকে ১লা ডিসেম্বর পর্যন্ত ৯টি ভিন্ন রুটে পুজোর স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে পূর্ব রেল। এই সুবর্ণ সুযোগটি কাজে লাগিয়ে আপনার পুজো ভ্রমণকে স্মরণীয় করে তুলতে পারেন। পুজো স্পেশাল ট্রেনের তালিকা রয়েছে, ০৩৪১৭ মালদহ টাউন - উদনা জংশন, ৬ অক্টোবর থেকে ২৪ অক্টোবর প্রতি রবিবার পর্যন্ত মোট ৮ ট্রিপ করবে। ০৩৪১৮ উদনা জংশন-মালদহ টাউন ৮ অক্টোবর থেকে ২৬ অক্টোবর প্রতি মঙ্গলবার পর্যন্ত মোট ৮ ট্রিপ করবে। ০৩০০৭ হাওড়া-খাতিপুরা ৬ অক্টোবর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত প্রতি রবিবার মোট ৮ ট্রিপ করবে। একইসঙ্গে রয়েছে, ০৩০০৮ খাতিপুরা - হাওড়া, ০৩৫০৯ আসানসোল-খাতিপুরা, ০৩১৩১ শিয়ালদা-গোরখপুর, ০৩০৪৩ হাওড়া - রক্সউল জংশন, ০৩১০৯ শিয়ালদা-ভাদোদরা জংশন, ০৩৫৭৫ আসানসোল - আনন্দবিহার টার্মিনাল, ০৩৪৩৫ মালদহ টাউন-আনন্দবিহার টার্মিনাল। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র যাত্রীদের উদ্দেশে জানিয়েছেন, 'এই সুযোগ মিস করবেন না।

# শুটিং শুরু হতে চলেছে 'রিয়েল ডেভিল'-র! থ্রিলার ছবিতে অভিনেত্রী অনামিকা সাহার চমক

**নিজস্ব প্রতিবেদন:** বাঙালি দর্শকদের জন্য নতুন একটি ওয়েব সিরিজ আসতে চলেছে, যার নাম 'রিয়েল ডেভিল'। এই সিরিজটি ৫টি পর্বে বিভক্ত এবং দর্শকদের মাঝে রোমাঞ্চকর গল্প ও নাটকীয়তা উপস্থাপন করবে। এই সিরিজের গল্পের মূল থিম হল রহস্য ও ভয়ের মিশ্রণ, যা দর্শকদের ধৈর্য্য ধরে দেখার জন্য আকৃষ্ট করবে। 'রিয়েল ডেভিল' সিরিজটি নির্মিত হয়েছে আর এস ফিল্ম ওয়ার্কস-এর ব্যানারে। ডেভিলের পরিচালক হিসাবে থাকছেন রাহুল শেখ এবং প্রযোজক হিসাবে থাকছেন গোলাম মোস্তফা বিশ্বাস। ডেভিলের শুটিং বহরমপুর, মুর্শিদাবাদ ও পার্শ্ববর্তী এলাকায় হতে চলেছে, এই লোকেশনগুলোতে শুটিংয়ের মাধ্যমে সিরিজের গল্পে একটি ভিন্ন আবহ তৈরি করা হবে।



ডেভিল গল্পটি একজন ভিলেনরূপী হিরোকে নিয়ে তার জীবনের হারিয়ে যাওয়া সুন্দর মুহূর্তের হিসাব ও রাজনৈতিক ঘটনাকে কেন্দ্র করে লেখা। ডেভিলের শিল্পী হিসাবে রয়েছে রয়েছে চমক। ডেভিল তথা আদির চরিত্র অভিনয় করতে দেখা যাবে। অভিনেতা প্রেম দেবনাথকে ও অভিনেত্রী অনামিকা সাহাকে দেখা যাবে একটি বিশেষ গুরুত্বপূর্ণ চরিত্রে। অভিনেতা প্রদীপ ধরকে এই প্রথমবার মুখ্য খলনায়কের চরিত্রে এবং অভিনেতা প্রদীপ ধরের বোনের চরিত্রে অভিনেত্রী ঋতুশ্রী ঘোষকে দেখা যাবে। বলাবাহুল্য অভিনেতা দেবাশীষ গাঙ্গুলীকে দেখা যাবে কমেডিয়ান ক্যারেক্টারে। এছাড়াও রয়েছেন জ্যোতি নন্দী। পরিচালক রাহুল শেখ এই প্রথমবার একগুচ্ছ শিশু শিল্পীদের নিয়ে কাজ করছেন, ডেভিলে শিশু শিল্পী হিসাবে রয়েছে অঙ্গীরা ভট্টাচার্য ,সুবাইব ত্যাবিয়া অভিসিক্তা দাস ও আরোহী কাঞ্জিলাল। সিরিজটি খুব শীঘ্রই ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পেতে চলেছে।

একদিন
আমার শহর
কলকাতা ১০ অগস্ট ২০২৪ ২৫ শ্রাবণ ১৪৩১ শনিবার

# মন্ত্রিত্ব ছাড়ার পর সরকারি সাহায্য নেননি বুদ্ধদেব, গান স্যালুটে 'না' আলিমুদ্দিনের

**নিজস্ব প্রতিবেদন:** সরকারি কোনও সুবিধা নেওয়া হবে না। তাই, গান স্যালুটে 'না'। বুদ্ধদেব ভট্টাচার্যের শেষ বিদায় নিয়ে সিদ্ধান্ত আলিমুদ্দিনের। বামেদের যুক্তি, প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী মন্ত্রিত্ব ছাড়ার পর সরকারি সাহায্য নেননি। তাঁর ইচ্ছেকে সম্মান জানিয়েই এই সিদ্ধান্ত বলে জানিয়েছে তার দল।

প্রসঙ্গত, প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের প্রয়াণের খবর পেয়েই পাম অ্যাভিনিউয়ে তাঁর বাড়িতে যান মমতা বন্দ্যোপাধ্যায়। বুদ্ধদেবের পরিবারকে সমবেদনা জানান। তিনি ঘোষণা করেন, গান স্যালুটে শেষ বিদায় জানানো হবে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে। বিধানসভায় সম্মান জানানোর পাশাপাশি নন্দন বা রবীন্দ্রসদনে দেহ সংরক্ষণের প্রস্তাব দিয়েছিলেন তিনি।

বৃহস্পতিবারই দেহ বিধানসভায় নিয়ে যাওয়ার কথা জানানো হয়েছিল বামেদের তরফে, কিন্তু নেওয়া হবে না গান স্যালুট বা সরকারি অন্য কোনও সরকারি সুবিধা। দীনেশ মজুমদার ভবন থেকে দেহ সরাসরি নিয়ে যাওয়া হবে নীলরতন সরকার হাসপাতালে। সেখানেই তুলে দেওয়া হবে দেহ।

তবে প্রশাসনিক মহলের ব্যাখ্যা, নিয়মের বাঁধনেই গান স্যালুট দেওয়া গেল না প্রাক্তন মুখ্যমন্ত্রীকে। বৃহস্পতিবার সকালে প্রয়াত হন বুদ্ধদেব ভট্টাচার্য। ওইদিন রাতে পিস ওয়ার্ল্ডে রাখা ছিল বুদ্ধদেবের মরদেহ। শুক্রবার প্রাক্তন মুখ্যমন্ত্রীর দেহ বিধানসভায় নিয়ে যাওয়া হয়। দশ বছরের বেশি বিধানসভার শাসক বামফ্রন্টের দলনেতা ছিলেন বুদ্ধদেব। প্রশাসনিক মহল বলছে, বিধানসভায় গান স্যালুট দিলে তার পর কিছু করার নিয়ম নেই। কিন্তু বিধানসভায় গান স্যালুট দিয়ে তার পর আবার সেখান থেকে আলিমুদ্দিন, দীনেশ মজুমদার ভবন হয়ে এনআরএস নিয়ে যাওয়া হবে প্রাক্তন মুখ্যমন্ত্রীর মরদেহ। সেখানে দেহ দান করা হবে। ফলে বিধানসভায় গান স্যালুট দেওয়া সম্ভব নয়। আবার এনআরএসে গিয়ে গান স্যালুট দেওয়া যায় না। এই প্রক্রিয়াগত সমস্যার জেরে গান স্যালুট দেওয়া গেল না। একইসঙ্গে সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য রবীন দেবও বলেন, নিয়ম মতো গান স্যালুট দেওয়ার পর আর কিছু করা যায় না। কিন্তু, বিধানসভা থেকে বুদ্ধবাবুর দেহ আলিমুদ্দিনে নিয়ে যাওয়া হবে। তারপর মিছিল করে দেহ যাবে। তাই গান স্যালুট দেওয়া সম্ভব হয়নি। যদিও দলের তরফে এও জানানো হয়েছে, বুদ্ধবাবু মন্ত্রিত্ব হারানোর পর সরকারি কোনও সুবিধা নিতে চাননি। তাঁকে শ্রদ্ধা জানাতেই এই গ্যান স্যালুট না নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। প্রসঙ্গত, বিধানসভায় শ্রদ্ধাজ্ঞাপনের পর মুজফফর আহমেদ ভবনে দেহ থাকে ৩টে বেজে ১৫ মিনিট পর্যন্ত। তারপর দেহ নিয়ে যাওয়া হয় দীনেশ মজুমদার ভবনে। সেখানে দেহ থাকে ৩ টে ৪৫ পর্যন্ত। সেখান থেকে দেহদানের জন্য শেষযাত্রা শুরু হয়।



# পাম এভিনিউয়ের নাম 'বুদ্ধদেব ভট্টাচার্য সরণি' করার পরিকল্পনা কলকাতা পুরসভার

**নিজস্ব প্রতিবেদন:** এক সাক্ষাৎকারে প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে বলতে শোনা গিয়েছিল, অযথা হেরিটেজ রাস্তাঘাটের নাম বদলাতে তাঁর মতামতের বিরোধী। নতুন রাস্তা হলে তার নাম নতুন করে নামকরণ করাই যায়। কিন্তু যুগ যুগ ধরে চলে আসা, চেনা নাম হঠাৎ বদলের পরিপন্থী তিনি নন।

বৃহস্পতিবার সকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। শুক্রবার তাঁর মরণোত্তর দেহদান। তাঁর দেহদানের আগেই কলকাতা পুরসভার বিরাট সিদ্ধান্ত। বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের নামে দক্ষিণ কলকাতার পাম অ্যাভিনিউয়ের নতুন নাম হতে চলেছে 'বুদ্ধদেব ভট্টাচার্য সরণি'। আলোচনা হবে কলকাতা পুরসভায়। তারপর পুরসভার পক্ষ থেকে নতুন নামের নাম ফলক লাগানো হবে পাম অ্যাভিনিউয়ে।

মমতা বন্দ্যোপাধ্যায়ের শাসনকালে বহু বিখ্যাত লোকের নামে কলকাতার রাস্তার নতুন নামকরণ হয়েছে। চেনা রাস্তা নয়, বহু মেট্রোস্টেশনের নামও করা হয়েছে বিখ্যাত ব্যক্তিদের স্মৃতির উদ্দেশ্যে। এবার সেই তালিকায় সম্ভবত যুক্ত হতে চলেছেন সদ্য প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রীর নাম। সেই নিয়েই বাড়ছে জল্পনাও।

প্রসঙ্গত, বজবজে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নামে রয়েছে জ্যোতি বসু পার্ক। দক্ষিণ কলকাতার কসবা বোসপুকুরে রয়েছে প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শংকর রায়ের নামে 'সিদ্ধার্থ শংকর রায় স্মৃতি উদ্যান।' রাস্তা রয়েছে সমাজ সংস্কারক কংগ্রেস নেতা নেলী সেনগুপ্তর নামে।

কলকাতা পুরসভা সূত্রে খবর, প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের নামে হতে চলেছে পাম অ্যাভিনিউয়ের নাম। এমন খবর খুশি পাম অ্যাভিনিউয়ের বাসিন্দারা। দক্ষিণ কলকাতার যে রাস্তার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে গিয়েছিল প্রাক্তন মুখ্যমন্ত্রীর নাম। কিন্তু অনেক রাজনৈতিক মহলের দাবি, এই উদ্যোগে বুদ্ধবাবুর পরিবারের তরফ থেকে কোনও কিছুই জানানো হয়নি এখনও।


ইন্ডিয়ান ব্যাঙ্ক, যাদবপুর শাখা
১৪/১, বাঘাযতীন, এস.পি.ডি. ব্লক, বাঘাযতীন, কলকাতা (পঃবঃ)-৭০০ ০৮৬
ফোন- ২৪২৫-৭০৯২, ২৪২৫-২৯৩৩
ইমেল: jadavpur.kolkata@indianbank.co.in

পরিশিষ্ট-৪ (রুল ৮(১))
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **ইন্ডিয়ান ব্যাঙ্ক, জোনাল অফিস, কলকাতা সেন্ট্রাল** -এর অনুমোদিত অফিসার স্বরূপ সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট (সিকিউরিটি) ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২ -এর নং ৩) এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর **রুল ৩** -এর সঙ্গে পঠিত ১৩ (১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের অধীনে **১৫.০২.২০২৪** তারিখে একটি ডিমান্ড নোটিশ জারি করে, ঋণগ্রহীতা **মেসার্স বুল বুল হাট ঠিকানা- সি/৮, বাঘাযতীন, কলকাতা - ৭০০০৯২-এ, অংশীদার ও বন্ধকদাতারা হলেন (১) সঞ্জয় বণিক, (২) সঞ্জীব বণিক, (৩) সুমারজিৎ বণিক এবং গ্যারান্টাররা হলেন- (১) সুধা বণিক, (২) রমা বণিক, সকলেরই ঠিকানা- এ/১/১, বাঘাযতীন, রিজেন্ট এস্টেট, কলকাতা -** ৭০০০৯২ -কে আহ্বান জানিয়ে নোটিশে উল্লিখিত পরিমাণ **১৫,৪২,৭৬৩.৭৬ টাকা (পনের লক্ষ বিয়াল্লিশ হাজার সাতশো তেষট্টি টাকা এবং ছিয়াত্তর পয়সা মাত্র) ১৫.০২.২০২৪** অনুযায়ী তদুপরি হালনাগাদ অর্জিত সুদ উল্লিখিত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন এছাড়াও আপনারা উল্লিখিত নোটিশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আনুষঙ্গিক খরচ, ব্যয়, খরচ সহ পূর্বোক্ত পরিমাণের উপর চুক্তিহারে ভবিষ্যতের সুদ ইত্যাদি পরিশোধ করতেও দায়বদ্ধ।
ঋণগ্রহীতা বকেয়া অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা ও সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে রুল ৮ -এর সাথে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ আইনের সেকশন ১৩ -এর সাব সেকশন(৪) এর অধীনে উল্লিখিত বিধিগুলির বলে নিম্নস্বাক্ষরকারী তাঁর প্রদত্ত ক্ষমতা প্রয়োগের মাধ্যমে এখানে নিম্নে বর্ণিত সম্পত্তিগুলি ৮ অগাস্ট, ২০২৪ তারিখে দখল নিয়েছেন।
বিশেষ করে ঋণগ্রহীতা/জামিনদারগণ এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে সম্পত্তিগুলি নিয়ে লেনদেন না করার জন্য এবং এই সম্পত্তিগুলি নিয়ে যে কোনও লেনদেনে **১৫,৪২,৭৬৩.৭৬ টাকা (পনের লক্ষ বিয়াল্লিশ হাজার সাতশো তেষট্টি টাকা এবং ছিয়াত্তর পয়সা মাত্র) ১৫.০২.২০২৪** অনুযায়ী তদুপরি হালনাগাদ অর্জিত সুদ এবং তার উপর আনুষঙ্গিক খরচ, ব্যয়, খরচ সহ ভবিষ্যতের সুদ ইত্যাদি ইন্ডিয়ান ব্যাঙ্ক, জোনাল অফিস, কলকাতা সেন্ট্রাল -এর ধার্য্য সাপেক্ষে হবে।
ঋণগ্রহীতাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮) এর বিধানগুলির প্রতি, সুরক্ষিত সম্পদগুলিকে মুক্ত করার জন্য উপলব্ধ সময়ের ব্যাপারে।

স্থাবর সম্পত্তির বিবরণ

প্রায় ২ কাঠা ১৫.৫ ছটাক জমি এবং তার মধ্যে একটি স্বয়ংসম্পূর্ণ দোকান ঘর, প্রথমতলায়, প্রায় ১৫০ বর্গফুট সুপার বিল্ড আপ এলাকা পরিমাপের সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা বদেরাইপুর, দাগ নং ৬২৩ এবং ৬২৬ প্লট নং. ৭৯৯, সার্ভে প্লট নং ৩৪, পৌর প্রেমিসেস নং. ১৩৭, বাঘাযতীন, ব্লক সি, মেইলিং ঠিকানা সি/৮, বাঘাযতীন মেইন রোড, ওয়ার্ড নং ১০২, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, থানা- যাদবপুর, কলকাতা-৭০০০৯২, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, বই নং আই, সিডি ভলিউম নং ১৭৭, পৃষ্ঠা ১৯০ থেকে ১৯৯, ২০০১ সালের বিয়িং নং ৫১১৯ এর অধীনে এডিএসআর আলিপুরে নিবন্ধিত শ্রী সঞ্জয় বণিক, শ্রী সুমারজিৎ বণিক ও শ্রী সঞ্জীব বণিক -এর নামে, সকলের পিতা প্রয়াত মাখনলাল বণিক এবং এটি **নিম্নোক্ত মতে চতুর্দিক পরিবেষ্টিত: উত্তরে**- প্লট নং ৮০০ -এর অংশ বাঘাযতীন ব্লক সি/৭ প্রেমিসেস, **দক্ষিণে**- প্লট নং - ৭৯০, প্রেমিসেস নং - সি/৯ বাঘাযতীন, **পূর্বে**- প্লট নং - ৭৯০ বাঘাযতীন ব্লক সি/ ৯, **পশ্চিমে**- পিডব্লিউডি রোড দ্বারা।

তারিখ: ০৮.০৮.২০২৪, স্থান: কলকাতা (অনুমোদিত অফিসার) ইন্ডিয়ান ব্যাঙ্ক


# বাহনের মালিক নেই, চিরতরে মুছে গেল কল সাইন '০০০২'




**নিজস্ব প্রতিবেদন:** মালিক আর নেই। তাই ঐতিহ্যমন্ডীত বাহনের কল সাইনও মুছে গেল চিরতরে। প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের মৃত্যুর পর পুলিশের খাতা থেকে চিরতরে মুছে গেল কল সাইন '০০০২'। কলকাতা পুলিশ আর বলবে না '০০০২ লেফট', '০০০২ অ্যারাইভ' বা '০০০২ ডিপার্চার'। বুদ্ধবাবু যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তাঁর কল সাইন ছিল চার্লি মাইক। প্রাক্তন হওয়ার পর শহরের রাস্তায় বেরোলে তাঁর ব্যবহৃত গাড়ির শেষ চারটি ডিজিটই পুলিশের কাছে তাঁর পরিচয় ছিল।

ভিভিআইপিদের নিরাপত্তার স্বার্থেই পুলিশের তরফে তাঁদের নাম উচ্চারণ করা হয় না। পদ অনুযায়ী তাঁদের কল সাইন ঠিক করে লালবাজার। বুদ্ধদেব যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তার কল সাইন ছিল চার্লি মাইক। প্রাক্তন হওয়ার পর পুলিশ তার কল সাইন ঠিক করে '০০০২'। বুদ্ধবাবু আলিমুদ্দিনে গেলে কিংবা ডাক্তার দেখাতে বেরোলেও এই কল সাইনই ব্যবহার করা হতো। কিছু কিছু ক্ষেত্রে 'এক্স সিএম' সাইনও উল্লেখ করা হতো।

শুক্রবার এনআরএস হাসপাতালে তার মরদেহ দান করার পর গাড়িটিও চিরতরের জন্য চলে যাবে রাজ্যের পুলকার দফতরে। সরকার পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত গাড়িটি সেখানেই তার বাকি জীবন কাটাবে। বুদ্ধবাবুর বাড়িটি মূলত পার্ক সার্কাস ট্রাফিক গার্ডের আওতায় পড়ে। ওই ট্রাফিক গার্ডের সার্জেন্টের গলাতেও যেন বিষাদের সুর। বলছেন, 'আমাদের আর ০০০২ লেফট, ০০০২ ডিপার্চার বলার প্রয়োজন পড়বে না।' চিতরলে বিদায় নিয়েছেন যে বুদ্ধবাবু।

# বুদ্ধবাবুর চোখ দিয়ে পৃথিবী দেখবেন দু'জনে

**নিজস্ব প্রতিবেদন:** বয়সজনিত কারণে দীর্ঘদিন ধরেই চোখের সমস্যায় ভুগছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী। স্বাভাবিকভাবে রিজিওনাল ইনস্টিটিউট অব অপথ্যালমোলজির তরফে দুপুরে চক্ষু সংগ্রহের পর থেকেই তা প্রতিস্থাপনের যোগ্য কি না তা নিয়ে সংশয় ছিল। আরআইও'র চিকিৎসকেরা জানিয়েছেন, 'রেটিনা ক্ষতিগ্রস্ত হলেও দুই চোখের কর্নিয়াই প্রতিস্থাপন যোগ্য। তবে নিয়মিত চোখের চিকিৎসাও করিয়েছেন বুদ্ধবাবু। চিকিৎসক গৌতম ভাদুড়ি আরআইও'র অধিকর্তা থাকাকালীন চোখের চিকিৎসায় সরকারি উৎকর্ষ কেন্দ্রে চোখ দেখাতেন প্রাক্তন মুখ্যমন্ত্রী।' চিকিৎসকেরা আরও জানিয়েছেন, 'চোখের কর্নিয়া ছিল ভাল, তাই কোনও অস্ত্রোপচার করাননি। সে কারণেই এজ রিলেটেড ম্যাকুলার ডিজেনারেশনের মতো চোখের সমস্যা থাকার পরও তাঁর চোখের কর্নিয়া প্রতিস্থাপন যোগ্য। এখানে বলে রাখা শ্রেয়, এজ রিলেটেড ম্যাকুলার ডিজেনারেশনের কারণে চোখে জল জমার পাশাপাশি দৃষ্টিশক্তি কমে আসে।

সূত্রে খবর, বৃহস্পতিবার রাতেই একজনের চোখে সেই কর্নিয়া প্রতিস্থাপনের জন্য প্রয়োজনীয় অস্ত্রোপচার হয়। শুক্রবার সকালে আরেকজনের চোখে কর্নিয়া প্রতিস্থাপিত হওয়ার কথা। সরকারি হাসপাতালেই প্রাক্তন মুখ্যমন্ত্রী যে চিকিৎসা করাতেন সেই প্রসঙ্গ টেনে আরআইও'র এক শীর্ষ কর্তা বলেন, 'প্রাক্তন মুখ্যমন্ত্রীর কর্নিয়ার সফল প্রতিস্থাপনে আমরা গর্বিত। উনি একসময় আমাদের এখানেই চিকিৎসা করাতেন। কর্নিয়াজনিত অসুখে ভোগা দুই রোগীর দৃষ্টিশক্তি ফেরার ব্যাপারে আমরা আশাবাদী।'

# পুলিশের চার শীর্ষ আধিকারিককে সম্মানিত করা হবে

**নিজস্ব প্রতিবেদন:** প্রশংসনীয় কর্মদক্ষতার জন্য এবার রাজ্য পুলিশের চার শীর্ষ আধিকারিককে মুখ্যমন্ত্রীর পুলিশ পদকে সম্মানিত করা হবে। প্রতিবছরই স্বাধীনতা দিবসে পুলিশ পদক প্রদান করেন মুখ্যমন্ত্রী। এবছর এই পুরস্কার পাচ্ছেন বিধাননগরের পুলিশ কমিশনার মুকেশ, ডিআইজি সিকিউরিটি আভারু রবীন্দ্রনাথ, ডিসি নর্থ ইন্দিরা মুখার্জি, এবং মুখ্যমন্ত্রীর দপ্তরে ওএসডি দায়িত্বপ্রাপ্ত দেবজ্যোতি দাস। আগামী ১৫ অগস্ট রেড রোডের অনুষ্ঠান থেকে মুখ্যমন্ত্রী এঁদের হাতে এই পুরস্কার তুলে দেবেন। শুক্রবার নবান্নের তরফে এই সংক্রান্ত একটি সরকারি আদেশ-নামা জারি করা হয়েছে। প্রতি বছরের মত স্বাধীনতা দিবসে এবার রেড রোডে বর্ণময় কুচ কাওয়াজের আয়োজন করা হবে। স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে প্রস্তুতি ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর স্কুলের পড়ুয়াদের কুচকাওয়াজে সামিল হবেন।

# 'শিক্ষিত-মধ্যবিত্ত বাঙালির আদর্শ প্রতিমূর্তি'

## বুদ্ধ-স্মৃতিচারণে প্রাক্তন মুখ্যসচিব অশোক মোহন চক্রবর্তী

অশোক সেনগুপ্ত



'এক বিরল ব্যক্তিত্ব। শিক্ষিত-মধ্যবিত্ত বাঙালির আদর্শ প্রতিমূর্তি।' তিন দশকের ওপর বুদ্ধদেব ভট্টাচার্যর সঙ্গে প্রশাসনিক সংসার করার অভিজ্ঞতায় এমনই মন্তব্য করলেন প্রায় দেড় দশক আগে পশ্চিমবঙ্গের মুখ্যসচিব হয়ে অবসর নেওয়া অশোক মোহন চক্রবর্তী।

বালিগঞ্জ গভর্নমেন্টের প্রাক্তনী, '৭৪-এর আইএএস অশোকবাবু বলেন, 'বুদ্ধদেববাবুর সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ এবং বৈঠক আশির দশকের একেবারে গোড়ার দিকে। আমি তখন পুরুলিয়ার জেলাশাসক। সেখানে একটা বড় মাপের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সে কারণে বিভিন্ন সহযোগিতার প্রয়োজনে আয়োজকদের সঙ্গে আমাকেও মন্ত্রী বুদ্ধদেববাবুর সঙ্গে একাধিক বৈঠকে বসতে হয়। ওপর ওপর দায়সারা নির্দেশ নয়, প্রথম থেকেই লক্ষ্য করি তাঁর আন্তরিকতা।'

অশোকবাবু জানান, 'এরপর বার বার কথা-দেখা হত সিএমডিএ-র নানা কাজে। '৮৭ থেকে '৯৪ আমি সিএমডিএ-র সচিব ছিলাম। উনি কখনও ওই প্রতিষ্ঠানের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান। শহরের আয়তন এবং লোকসংখ্যা বেড়ছে, বাড়বে। এই সত্যতা অনুভব করে বিভিন্ন পরিকল্পনা তৈরি, সে সবের রূপায়ণ ওই সময় একটা মাত্রা পেয়েছিল। বুদ্ধদেববাবুর অগ্রাধিকার ছিল সংযোজিত নানা এলাকায় কলোনিগুলোর এবং আর্থিকভাবে দুর্বলদের জীবনযাত্রার মানোন্নয়ন। ওনার নানা নির্দিষ্ট প্রস্তাবের জেরে স্বাস্থ্য-শিক্ষা-নাগরিক স্বাচ্ছন্দ্য প্রভৃতি ক্ষেত্রের পাশাপাশি বিশ্লেষণ হতো কর্মসংস্থান, দক্ষ এবং অদক্ষ শ্রমিকদের প্রশিক্ষণ নিয়ে।'

অশোকবাবু বুদ্ধ -স্মৃতিচারণ করতে গিয়ে আরও বলেন, 'নব্বইয়ের দশকের শেষদিকে বছর চারেক ছিলাম রাজ্যের পুর ও নগরোন্নয়ন সচিব। উনি তখন ওই দফতরের মন্ত্রী। তাই ওনার সঙ্গে বারবার কথা বলতে বা বৈঠক করতে হয়েছে। একটা জিনিস লক্ষ্য করেছি, ব্যস্ততা সত্ত্বেও বিভিন্ন স্তরের সাক্ষাৎপ্রার্থীর সঙ্গে কথা বলতেন। একমত না হলেও তাঁদের মতামতকে উপেক্ষা বা নিজের মতকে চাপিয়ে দেওয়ার চেষ্টা করতেন না। সহমর্মিতা দেখাতেন।' অশোকবাবু আরও বলেন, 'যখন শ্রম সচিবের দায়িত্ব পাই, সরাসরি প্রাত্যহিক বুদ্ধদেববাবুর সঙ্গে আলোচনা বা বৈঠকের অবকাশ ছিল না। কিন্তু একবার চা শিল্পের জটিল জট ছাড়াতে শেষ পর্যন্ত তাঁরই শরণাপন্ন হতে হয়েছিল সবাইকে। কোনওভাবে দুর্নীতির সঙ্গে আপোস করতেন না। যাকে বলে আপাদমস্তক সৎ। ব্যক্তিগত ও সামাজিকভাবে অস্বচ্ছ মানুষরা তাঁর সঙ্গে কথা বলতে অস্বস্তি বোধ করতেন।

অশোকবাবু বলেন, '২০০৮-এর গোড়ার দিকে রাজ্যের স্বরাষ্ট্রসচিবের দায়িত্ব পেলাম। কেবল মহাকরণে অবস্থানগত দিক থেকে নয়, কাজের দিক থেকেও পরস্পরের কাছাকাছি এলাম। তখনও সিঙ্গুর আন্দোলন সেভাবে দানা বাঁধেনি। উনি, রাজ্যপাল প্রমুখ সমস্যা সমাধানের চেষ্টা করছেন। একবারের জন্যও পুলিশ দিয়ে আন্দোলন ভাঙার নির্দেশ পাইনি। বুদ্ধদেববাবু স্বপ্ন দেখছিলেন ন্যানো কারখানা হলে ভবিষ্যতে তার কতটা সুদূরপ্রসারী ফল হতে পারে।' শিল্পবিরোধী আন্দোলন দানা বেঁধে ওঠার নেপথ্যে কি আপনাদের প্রশাসনিক ব্যর্থতার কোনও দায় নেই? প্রশ্নের উত্তরে অশোকবাবু জানান, 'না। বিরোধটা ছিল রাজনৈতিক। সেটার মধ্যে আমি ঢুকব না। প্রশাসনের কাজ নয় রাজনৈতিক বিতর্ক নিরসনের।'

উল্লেখ্য, ২০০৯-এর ১ জানুয়ারি যখন অশোকবাবু রাজ্যের মুখ্যসচিবের দায়িত্ব পেলেন, তখন সিঙ্গুর আন্দোলন দানা বেঁধে উঠেছে। তিনি জানান, 'সেই সময়েও বুদ্ধদেববাবু আমাদের এক্তিয়ারের সীমা ডিঙোতে বলেননি। নির্দিষ্ট তিনটি দায়িত্ব দিয়ে রেখেছিলেন। প্রথমত, টাটার চৌহদ্দির মধ্যে ঢুকে যেন কোনওভাবে আন্দোলনকারীরা হিংসাত্মক কাজের সুযোগ না পায়। দ্বিতীয়ত, চৌহদ্দির প্রবেশপথে যেন জমির মালিক ও বিক্ষোভকারীদের মধ্যে মারামারি না হয়। তৃতীয়ত, সংলগ্ন মঞ্চের নেতানেত্রীদের আকর্ষণে যেন এমন ভিড় না হয়, যাতে জাতীয় সড়ক দিয়ে যান চলাচল আটকে যায়। বুদ্ধদেববাবু শেষ পর্যন্ত হতাশ না হয়ে চেষ্টা চালিয়েছিলেন। আশা করেছিলেন সমস্যাগুলো দূর হয়ে যাবে।'

আপনি তো অনেক নেতা-মন্ত্রী দেখেছেন! বুদ্ধদেববাবুর মধ্যে মনে রাখার মতো কিছু লক্ষ্য করেছেন? অশোকবাবু উত্তরে জানান, 'হ্যাঁ। অর্থ নয়। বাইরের চাকচিক্য নয়। লোভ নয়। সৎ, শিক্ষিত বাঙালির একটা নির্লোভ প্রতিচ্ছবি ছিলেন উনি।'

২০১০-এর ৩০ এপ্রিল অবসর নিলেন অশোকবাবু। তাঁর কথায়, 'মহাকরনে বুদ্ধদেববাবুর পাশের ঘরেই বসতাম। বিদায়-শুভেচ্ছায় সামাজিক পরিস্থিতি, আমার পরবর্তী পরিকল্পনা, এসব আন্তরিকভাবে জানতে চাইলেন।' এর অল্প কিছুকাল বাদেই হল বিধানসভা নির্বাচন। ফলাফলে বড় রকমের রাজনৈতিক পালাবদল হয়ে গেল পশ্চিমবঙ্গে।

# ভাটপাড়ায় গঙ্গায় ঝাঁপ দিয়ে আত্মঘাতী যুবক

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** নানাবিধ কারণে স্বামী-স্ত্রীর মধ্যে দাম্পত্য কলহ হত। শুক্রবার সকালেও স্ত্রীর সঙ্গে অশান্তি হয়েছিল যুবকের। আর সেই পারিবারিক অশান্তির জেরে গঙ্গায় ঝাঁপ দিয়ে আত্মঘাতী হলেন এক যুবক।

শুক্রবার ঘটনাটি ঘটেছে ভাটপাড়ার বলরাম সরকার কালী মন্দির গঙ্গার ঘাটে। নিঁখোজ যুবকের নাম সুমন পোদ্দার (৩৬)। তাঁর বাড়ি ভাটপাড়া পুরসভার ৩৩ নম্বর ওয়ার্ডের উদয়পল্লীতে। তিনি বেসরকারি সংস্থার কর্মচারী ছিলেন। নিখোঁজ যুবকের মামা গোপাল পোদ্দার জানান, এদিন সকালে ভাগ্নার সঙ্গে তাঁর স্ত্রীর ঝামেলা হয়েছিল। তাঁরা এসে বিবাদ মিটিয়েও দিয়েছিলেন। দু'দিন কাজে না যাওয়ায় অফিসে ওঁর মেডিক্যাল সার্টিফিকেট জমা দেওয়ার কথা ছিল। বাড়ি থেকে বেরোনোর সময় দিদিকে ভাগ্না বলেছিল, কাঁকিনাড়ায় চিকিৎসকের কাছে মেডিক্যাল সার্টিফিকেট আনতে যাচ্ছেন। গোপাল বাবু আরও জানান, বাড়ি থেকে বেরিয়ে ভাগ্না ওঁর শ্যালিকাকে ফোন করে জানায় মেয়েকে ভালো করে দেখভাল করতে।

কারণ, তিনি গঙ্গায় ডুবে আত্মহত্যা করছেন। শ্যালিকার কাছ থেকে খবর পেয়েই আত্মীয়রা ভাটপাড়ার বলরাম সরকার ঘাটে ছুটে আসেন। যদিও তাঁরা ঘাটে আসার অনেক আগেই যা ঘঠার ঘটে গিয়েছে। ঘাটে চটি দেখে আত্মীয়-পরিজন নিশ্চিত হন গঙ্গায় ঝাঁপ দিয়ে সুমন আত্মহত্যা করেছে।


ব্যাঙ্ক অফ বরোদা
ঠিকানা : এ এম রোড, ভবানীপুর ব্রাঞ্চ
১০৯/ডি, আশুতোষ মুখার্জি রোড, কলকাতা - ৭০০ ০২৫
ইমেল : dbbhow@bankofbaroda.com
পরিশিষ্ট IV [ রুল -৮(১)]
দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

A/C No. 72150400000290

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অব বরোদা, এ এম রোড, ভবানীপুর শাখা,** অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের (২০০২ এর ৫৪) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **২০ মে ২০২৪** তারিখে ঋণগ্রহীতা **শ্রী সুদীপ্ত দাস (স্বত্বা) মেসার্স এস কে এস ট্রেডার্স, পিতা প্রয়াত সুশীল কুমার দাস, নং ২, বিবেকানন্দ কলোনি, পো- পানিহাটি, থানা - খড়দা, জেলা - উত্তর ২৪ পরগনা, কলকাতা - ৭০০১১৪** কে নোটিশে উল্লিখিত পরিমাণ **২০,৭৭,০৮৫.৭৩ টাকা (কুড়ি লাখ সাতাত্তর হাজার পঁচাশি টাকা এবং তিয়াত্তর পয়সা) টাকা ৩১ ডিসেম্বর ২০২২ অনুযায়ী** (৩০.০৯.২০২২ পর্যন্ত সুদ সহ এবং অপ্রযোজ্য সুদ এবং অপ্রদেয় সুদ এবং যৌগিক সুদ) ০১.১০.২০২২ থেকে কার্যকর মতে তাৎক্ষণিক ব্যয় এবং অন্যান্য চার্জ পরবর্তী সুদ চুক্তি মোতাবেক হারে শুল্ক, চার্জ এবং ব্যয় সহ সংশ্লিষ্ট আদায়দানের তারিখ পর্যন্ত নোটিশ পাওয়ার ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা/জামিনদাতাকে এবং সাধারণের প্রতি বিজ্ঞাপিত হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নে উল্লিখিত জামিনদত্ত সম্পত্তি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **৭ আগস্ট ২০২৪** তারিখে স্বত্ব দখলীকৃত হয়েছে।
ঋণগ্রহীতা/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে সংশ্লিষ্ট সম্পত্তির কোনরূপ লেনদেন না করতে। কোনওরূপ লেনদেন **ব্যাঙ্ক অব বরোদা,** নিকট বকেয়া **২০,৭৭,০৮৫.৭৩ টাকা (কুড়ি লাখ সাতাত্তর হাজার পঁচাশি টাকা এবং তিয়াত্তর পয়সা) টাকা** এবং চুক্তি মোতাবকে হারে পরবর্তী সুদ, ব্যয়, চার্জ ইত্যাদি সহ আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

স্থাবর সম্পত্তির বিবরণ

সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি জমিস্থিত ভবন একতলায় হোল্ডিং নং ৯২, এসএল নং ১৮২০, ওয়ার্ড নং ৪, নং ২ বিবেকানন্দ কলোনি, আরএস প্লট নং ১৪০৯, ইপি নং ২৮, এসপি নং ২৯/২, খতিয়ান নং ২৮২৯ - মৌজা : পানিহাটি, জেএল নং ১০, আরএস নং ৩২, তৌজি নং ১৫৫, পানিহাটি পুরসভা অধীন, পো এবং থানা : খড়দহ, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা: ৭০০১১৪রেজিস্ট্রিকৃত জেলা উত্তর ২৪ পরগনা।
**চৌহদ্দি : উত্তরে :** অজিত কুমার দাসের ভবন, **দক্ষিণে :** প্রয়াত অনিল কুমার দাসের ভবন, **পূর্বে :** ৫ ফুট চওড়া বিবেকানন্দ কলোনি রোড, **পশ্চিমে :** ই পি নং ৩০।

তারিখ : ০৭.০৮.২০২৪
স্থান : কলকাতা
অনুমোদিত অফিসার
ব্যাঙ্ক অফ বরোদা



ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস - চুঁচুড়া, সেনকো বিল্ডিং, ৩য় তল, বালি মোড়
ব্যান্ডেল, জেলা - হুগলি, পশ্চিমবঙ্গ - ৭১২১০৩
ফোন নং - (০৩৩) ২৬৮০ ২৯৯০, ই-মেল zochinsurah@indianbank.co.in
দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

এতদ্বারা ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে অনুমোদিত অফিসার সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে নিম্নোক্ত তারিখে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ)এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নস্বাক্ষরকারী জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে।
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেনে ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) নিকট বকেয়া পরিমাণ পরবর্তী সুদ সহ সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অনুযায়ী আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে সংশ্লিষ্ট আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে যাবতীয় বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

| ক্রম নং | অ্যাকাউন্ট/ঋণগ্রহীতা/জামিনদাতা/শাখার নাম | দাবি নোটিশের তারিখ এবং দখল নোটিশের তারিখ | দাবি নোটিশের তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ (টাকা) | সম্পত্তির বিস্তারিত |
|---|---|---|---|---|
| 1. | **ঋণগ্রহীতা : শ্রীমতি পায়েল ভঞ্জ**, স্বামী শ্রী প্রসেনজিৎ ভঞ্জ, গ্রাম এবং পোস্ট - তিরোল, থানা - আরামবাগ, জেলা - হাওড়া, পব, ৭১২৬০২ এবং **শ্রী প্রসেনজিৎ ভঞ্জ**, পিতা অশোক ভঞ্জ, গ্রাম এবং পোস্ট - তিরোল, থানা - আরামবাগ, জেলা - হাওড়া, পব, ৭১২৬০২ **শাখা : আরামবাগ** | ০৭.০৫.২০২৪ এবং ০৯.০৮.২০২৪ | **১১,৯১,৯৭৮ টাকা (এগার লাখ একানব্বই হাজার নশো আটাত্তর টাকা)** ০৯.০৮.২০২৪ অনুযায়ী | সংশ্লিষ্ট সকল অংশ তদস্থিত সমুদয় নির্মাণ জমির পরিমাণ ১২ শতক কমবেশি অবস্থিত মৌজা : তিরোল, জেএল নং ১৭, এলআর প্লট নং ৩৬৪৮, ৩৫৪০, ৩৫৪১, আরএস খতিয়ান নং ২৫৭৪, ২৫৭৩, ৪০৮, ৪৮০, এলআর খতিয়ান নং ২৫৭৪, ২৫৭৩, তিরোল গ্রাম পঞ্চায়েত অধীন, পো : তিরোল, থানা : আরামবাগ, উল্লেখ্য দলিল নং ০৫০১১-২০১৭ সালের তারিখ ০১.১১.২০১৭, বুক নং ১, ভল্যুম নং ০৬০৬-২০১৭, পৃষ্ঠা ৭২৮৭৮ থেকে ৭২৮৯৭,স্বত্বাধিকারীর নাম শ্রীমতি পায়েল ভঞ্জ এবং শ্রীমতি প্রসেনজিৎ ভঞ্জ। |

তারিখ : ০৯.০৮.২০২৪, স্থান : তিরোল স্বা/ -অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক



ব্যাঙ্ক অফ বরোদা কাকদ্বীপ শাখা
"ললিত ভিলা" গ্রাম এবং পোস্ট - কাকদ্বীপ
জেলা - ২৪ পরগনা (দ), পিন - ৭৪৩৩৪৭
পরিশিষ্ট - IV (রুল -৮(১)
দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অফ বরোদা, কাকদ্বীপ শাখা** অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের (২০০২ এর ৫৪) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(২) ধারা তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে প্রতিটি অ্যাকাউন্টের অধীনে ১৩(২) ধারা অধীনে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে বকেয়া পরিশোধের জন্য দাবি নোটিশ ইস্যু করা হয়েছে।
ঋণগ্রহীতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট আইনের ১৩(৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত অ্যাকাউন্টগুলির বিরুদ্ধে সংশ্লিষ্ট সম্পত্তির স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতাগণকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করেন, কোনরূপ লেনদেন **ব্যাঙ্ক অফ বরোদা, কাকদ্বীপ শাখার** সমুদয় বকেয়া, প্রযোজ্য সুদ, জরিমানা সুদ, শুল্ক, চার্জ আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতাগণের অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্দিষ্ট সময়ের মধ্যে বকেয়া পরিশোধ সাপেক্ষে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

| ক্রম নং | ঋণগ্রহীতার নাম এবং ঠিকানা এবং লোন এ/সি নং | স্থাবর সম্পত্তির বিস্তারিত | ১) দাবি নোটিশের তারিখ ২) দখল নোটিশের তারিখ ৩) বকেয়া পরিমাণ |
|---|---|---|---|
| ১ | **শ্রী দীপঙ্কর পাল,** গ্রাম : গান্ধিনগর, থানা : এইচ পি কোস্টাল, পো : কাকদ্বীপ, জেলা : দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন : ৭৪৩৩৪৭। **এ/সি নং ৩৮১৪০৪০০০০০১০০ (ওডি) ৩৮১৪০৬০০০০০৬৭৮ ভেহিকেল লোন (টিএল) ৩৮১৪০৬০০০০১১৭১, বিজিইসিএলএস লোন (টিএল) ৩৮১৪০৬০০০০০৬৬২ ভেহিকেল লোন (টিএল)।** | সমপরিমাণ বন্ধকদত্ত সংশ্লিষ্ট সকল অংশ ৩ ডেসিমেল বাস্তু জমি এবং তদস্থিত একতলা বসবাসের ভবন, অবস্থিত মৌজা : কাকদ্বীপ , জেএল নং ৩৯, বর্তমান বিএল এবং এলআর খতিয়ান নং ৫৪৫৭ (বর্তমান স্বত্বাধিকারী শ্রী দীপঙ্কর পালের অনুকূলে নথিভুক্ত) আরএস খতিয়ান নং ২৯৪ এবং সিএস খতিয়ান নং ২৩৯। বর্তমান বিএল এবং এলআর দাগ নং ২২৫, আরএস দাগ নং ২৫১ এবং সিএস দাগ নং ১০৯, পরগনা : সুন্দরবন,তৌজি নং ২৭৩২, স্থানীয় স্বামী বিবেকানন্দ গ্রাম পঞ্চায়েত অধীন থানা এবং এডিএসআর অফিস : কাকদ্বীপ, জেলা : দক্ষিণ ২৪ পরগনা। **চৌহদ্দি : উত্তরে :** আদিদেব ত্রিপাঠী এবং অন্যান্যর জমি, **দক্ষিণে :** আদিদেব ত্রিপাঠী এবং অন্যান্যর জমি, **পূর্বে :** আদিদেব ত্রিপাঠী এবং অন্যান্যর জমি, **পশ্চিমে:** ৮ লিঙ্ক চওড়া সাধারণ চলার পথ। | **১) ১৬.০৫.২০২৪ ২) ০৮.০৮.২০২৪ ৩)** (এ/সি নং ৩৮১৪০৪০ ০০০০১০০ (ওডি) ৭,৬৮,৪৩৮ টাকা + এ/সি নং ৩৮১৪০৬০০০০০৬৭৮ ভেহিকেল লোন (টিএল) ২২,৭৮২ টাকা + এ/সি নং ৩৮১৪০৬০০০০১১৭১ বিজিইসিএলএস লোন (টিএল) ৫৭,৮০৮ টাকা + এ/সি নং ৩৮১৪০৬০০ ০০০৬৬২ ভেহিকেল লোন (টিএল) ২৬,৪৩৭ টাকা) মোট ৮,৭৫,৪৬৫ টাকা (আট লাখ পঁচাত্তর হাজার চার শত পঁয়ষট্টি টাকা) ১৬.০৫.২০২৪ অনুযায়ী চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ মূল্য, চার্জ এবং ব্যয় সহ আদায়দানের তারিখ পর্যন্ত। |
| ২ | **মেসার্স পরিতোষ মেডিকেল হল এবং শ্রী পীযূষ মিস্ত্রি,** গ্রাম : সুভাষনগর, পো এবং থানা : কাকদ্বীপ, জেলা : দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন : ৭৪৩৩৪৭। **এ/সি নং : ৩৮১৪০৪০০০০০০৭৮ (ওডি), ৩৮১৪০৬০০০০০৬৯০ (টিএল)** | সমপরিমাণ বন্ধকদত্ত সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ ৩.৫০ ডেসিমেল অবস্থিত মৌজা : কাকদ্বীপ, জেএল নং ৩৯, খতিয়ান নং ২, আরএস খতিয়ান নং ৫৯৪, এলআর খতিয়ান নং ৭২৮৮, এলআর দাগ নং ৫৫৩, জমির পরিমাণ কমবেশি ৩৫০ ডেসিমেল বাস্তু জমি, স্বামী বিবেকানন্দ গ্রাম পঞ্চায়েত অধীন,থানা : কাকদ্বীপ, জেলা : দক্ষিণ ২৪ পরগনা। **সম্পত্তির চৌহদ্দি : উত্তরে :**অন্যান্যর জমি, **দক্ষিণে :** কাকদ্বীপ হাসপাতালের জমি,**পূর্বে :** ভজা পাত্র বাস্তুজমি, **পশ্চিমে** :অসীম পাত্র বাস্তু জমি বর্তমান জামিনের সঙ্গে সংযুক্ত। | **১) ১৮.০৫.২০২৪ ২) ০৮.০৮.২০২৪ ৩)** (এ/সি নং ৩৮১৪০৪০০০০০০৭৮ (ওডি) ১১,৯১,০৩২ টাকা + এ/সি নং ৩৮১৪০৬০০০০০৬৯০ (টিএল) ৩৮,৮৮৯ টাকা ) মোট ১২,২৯,৯২১ টাকা (বারো লাখ উনত্রিশ হাজার নশো একুশ টাকা) ১৮.০৫.২০২৪ অনুযায়ী চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ মূল্য, চার্জ এবং ব্যয় সহ আদায়দানের তারিখ পর্যন্ত। |

তারিখ : ০৮.০৮.২০২৪
স্থান : কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা
অনুমোদিত অফিসার
ব্যাঙ্ক অফ বরোদা

সম্পাদকীয়

# বামেদের শুরু করতে হবে নতুন করে, তবে আর দেরি কেন?

কেতাব খুললেই দেখি, জাতীয় বা দেশের উন্নতির মূল কারিগর নাকি শ্রমিক শ্রেণি। অথচ, শ্রমিকের না পাওয়া সঞ্চয়ের পরিমাণ ২০০৪ সালের আট হাজার কোটি টাকা আজ ২০২৪-এ ৫৮ হাজার কোটি ছুঁয়ে ফেলেছে! লজ্জিত হওয়ার বিড়ম্বনাও নেই, কারণ এই সব 'আবোল-তাবোল বিষয়' নিয়ে চর্চার সুযোগ কোথায়। মাইনে থেকে কেটে নেওয়া পিএফের টাকা জমা না পড়া, বছরের পর বছর পিএফ, পেনশন ফাঁকির কোনও সাজা না হওয়া, পিএফ বাবদ কেটে নেওয়া টাকা মালিকের ব্যবসার কাজে বিনিয়োগ; এ সবই তো এক রকম নিয়মে পর্যবসিত। এই গোটা অব্যবস্থার জন্য শ্রমিক ইউনিয়নগুলিকেও তাদের দায়িত্ব মনে করিয়ে দিতে হবে কেন, প্রশ্ন এটাই। আমাদের শাসকরা মালিক গোষ্ঠীর সুবিধা-অসুবিধা নিয়ে যতটা উদ্বেগে থাকেন, তার ছিটেফোঁটা উদ্বেগ যদি শ্রমিক শ্রেণির কপালে জুটত, তা হলেও অন্তত আশ্বস্ত হওয়ার উপায় থাকত। বলা যেত যে, সরকারকে যতটা উদাসীন বলে ভাবা হয়, ততটা হয়তো নয়। কিন্তু বিধি বাম, আমরা আজ নিজের গণ্ডি ছেড়ে অন্যের কথা ভাবার অভ্যাস করতে ভুলতে বসেছি। আর তার সুযোগ পুরোপুরি সদ্ব্যবহার করে সরকার মশগুল উন্নয়নের ঢাক পেটাতে। পাশাপাশি, মালিক-ঘনিষ্ঠ শ্রমিক সংগঠনগুলি ব্যস্ত তাদের বখরার হিসাব বুঝে নিতে। বাম শ্রমিক সংগঠনকে তাই এগিয়ে এসে শ্রমিক-কল্যাণের এই জরুরি বিষয়ে তার দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে হবে। তাতে শুধু নিজেদের দায়িত্ব পালন করা হবে তা-ই নয়, সমাজ বদলের সলতে পাকানোর কাজটাও শুরু করা যাবে। পর পর নির্বাচনে বামেদের ব্যর্থতার সমাধানসূত্র হিসাবে বিভিন্ন আলোচনায় উঠে আসছে প্রস্তাব; শুরু করতে হবে নতুন করে। তা হলে আর দেরি কেন?

## শব্দবাণ-১২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ■ | ৩ | | ৪ |
| | ■ | | ■ | | ■ | |
| ৫ | | | ■ | ৬ | | |
| ■ | ■ | ■ | ■ | ■ | ■ | ■ |
| ৭ | | ৮ | ■ | ৯ | | ১০ |
| | ■ | | ■ | | ■ | |
| ১১ | | | ■ | ১২ | | |

শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. গ্রহণ ৩. ছাত্র, পড়ুয়া ৫. শাল গাছ ৬. প্রচেতা ৭.পরীক্ষা বা গবেষণার দ্বারা সিদ্ধ, প্রক্রিয়ামূলক ৯. প্রেমসসংগীতবিশেষ ১১. সাবধান, সতর্ক হও ১২. ভাগ্য।

**সূত্র—উপর-নীচ:** ১. ভিতরে প্রবেশ ২. জাল ৩. পটুতা, দক্ষতা ৪. করুণাপূর্ণ ৭. ছোটো অম্লমধুর ফলবিশেষ ৮. কুঠার ৯. মোদের — মোদের আশা ১০.সুন্দর, চারু।

### সমাধান: শব্দবাণ-১১

**পাশাপাশি:** ২. অঙ্গুলিত্রাণ ৩. জীবনস্মৃতি ৬. বজ্রকঠিন ৭. সাতসকাল।

**উপর-নীচ:** ১.পদপল্লব ২.অজজীবক ৪. নয়নজল ৫.তিথিপালন।

## জন্মদিন

## আজকের দিন



কে সি পন্থ

*১৯৩১ বিশিষ্ট রাজনীতিবিদ কে সি পন্থের জন্মদিন।*
*১৯৭৫ বিশিষ্ট রাজনীতিবিদ হেমন্ত সোরেনের জন্মদিন।*
*১৯৯১ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা বনি সেনগুপ্তর জন্মদিন।*

# কেমন আছে উত্তরপাড়ার জয়কৃষ্ণ লাইব্রেরি

**অশোক সেনগুপ্ত**

১৮৭৭ সালে মহারাজ সায়জি রাও গায়কোয়াড় তৃতীয়ের উদ্যোগে গুজরাতের বরোদায় ফ্রি লাইব্রেরি প্রতিষ্ঠিত হয়। এর অনেক আগে পশ্চিমবঙ্গে ফ্রি লাইব্রেরির জন্য আন্দোলন করছিলেন উত্তরপাড়ার জমিদার এবং সমাজ সংস্কারক রাজা জয়কৃষ্ণ মুখোপাধ্যায়। বিদ্যাসাগরের বিধবা বিবাহ গণ আন্দোলনের আবেদনপত্রে তিনিই প্রথম সই করেছিলেন।

ভারতের প্রথম এবং সম্ভবত এশিয়া মহাদেশের প্রথম বিনামূল্যে জনসাধারণের জন্য গ্রন্থাগার নির্মাণ করেন মহারাজ জয়কৃষ্ণ মুখোপাধ্যায়। ১৮৫৬ সালে এক একরেরও বেশি জায়গা জুড়ে গ্রন্থাগার ভবনের নির্মাণ কাজ শুরু হয়।

ইতালিয় স্থাপত্যের উপর ভিত্তি করে তৈরি ভবনের কাজ শেষ হয় ১৮৫৯ সালে। সে বছর ১৫ এপ্রিল উদ্বোধন হয় গ্রন্থাগারের। ১৮৫০ সালের লন্ডন পাবলিক লাইব্রেরি অ্যাক্ট-এ এই গ্রন্থাগার পরিচালনার কাজ শুরু হয়।

নানা সমস্যা, অর্থকষ্ট সত্ত্বেও প্রতিষ্ঠার ১৫৫ বছর বাদেও স্বমহিমায় টিঁকে রয়েছে এই গ্রন্থাগার। ১৯৬৪ সালে রাজ্য সরকার এই গ্রন্থাগার অধিগ্রহণ করে। খোঁজ নিয়ে জানলাম, জয়কৃষ্ণ ফ্রি লাইব্রেরির বইয়ের সংখ্যা প্রায় দু লক্ষ। সদস্য মোট ১২ হাজারের মত। নানা বয়সের, নানা পেশার সদস্য। বছর দেড় আগে এক মেরিন ইঞ্জিনিয়ার গ্রন্থাগারের সদস্য হন ৯২ বছর বয়সে। রিডিং, লেন্ডিং, চিলড্রেন, ক্যারিয়ার গাইডেন্স প্রভৃতি পৃথক বিভাগ আছে। সংবাদপত্র বিভাগে মিলবে ১২-১৪ টি দৈনিক।

গ্রন্থাগারের সদস্য হতে টাকা লাগে না। তবে, লেন্ডিং-এর জন্য অর্থাৎ বাড়িতে বই নিতে জমা রাখতে হবে ৫০০ টাকা। অন্য বিভিন্ন গ্রন্থাগারের মতো এখানেও সদস্যদের একটা বড় অংশ গ্রন্থাগারে আসেন না। মাসের দ্বিতীয় ও চতুর্থ শনিবার এবং ছুটির দিনগুলোয়



গ্রন্থাগার বন্ধ থাকে। তবে, নিজের বই বসে পড়ার যে ব্যবস্থা, পুজোর দিনগুলোতেও তা পাওয়া যাবে। সর্বোচ্চ ১০০ জন সেখানে বসে পড়তে পারবেন।

'ফ্রি লাইব্রেরি' আন্দোলনে মহারাজা জয়কৃষ্ণ ব্রিটিশদের পাশে পাননি। কারণ শিক্ষা তখন সর্বসাধারনের জন্য উন্মুত ছিল না। আর ব্রিটিশরা তখন যেহেতু নিজেদের উদ্যোগে লাইব্রেরি গড়ে তুলছেন অতএব কোনো দেশীয় রাজার উদ্যোগে লাইব্রেরিতে বিনামূল্যে শিক্ষা মিলবে এটা ইংরেজরা মেনে নিতে পারলেন না। অতএব বিরোধিতা করলেন।

এতসবের মধ্যেও চালু হয়েছিল এই গ্রন্থাগার। এটি এ গ্রেড-এর বিশেষ গ্রন্থাগারের তকমা পেলেও ২০১৩-তে প্রধান গ্রন্থাগারিক অবসর নেওয়ার পর থেকে পদটি শূন্য। মোট বরাদ্দকৃত ২৪ জনের মধ্যে আছে ৫ জন। কর্মীরা স্বাভাবিকভাবেই বেজায় চাপে। নতুন নিয়োগ হচ্ছে না। এর মধ্যেও গ্রন্থাগারের সুনাম বজায় রাখতে কর্মীরা যথাসম্ভব পরিষেবা দিচ্ছেন।



বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সমসাময়িক ঔপন্যাসিক ভূদেব মুখোপাধ্যায় মারা গেলে তাঁর বাড়ির ব্যক্তিগত সংগ্রহ থেকে সমস্ত বই জয়কৃষ্ণ লাইব্রেরিতে আনা হয়। হাজারো মানুষের বই ও দুষ্প্রাপ্য পুথি দানের মধ্য দিয়ে এটি ভরে ওঠে। গ্রন্থাগারের বিভিন্ন কক্ষে শয়ে শয়ে দুষ্প্রাপ্য গেজেটিয়ার, সংবাদপত্র, পত্রিকা এসবের দেখা মেলে। গ্রন্থাগারে রয়েছে দু-লক্ষেরও বেশি বই। শোনা যায়, এখানে গুটেনবার্গে ছাপা বাইবেলের একটি প্রতিলিপিও রয়েছে।

১৫ ডিসেম্বর, ২০২১ 'বঙ্গদর্শন'-এ ইন্দ্রনীল হালদার লিখেছেন, তঅস্ট্রেলিয়ান লেখক 'Empire of Enchantment The Story of Indian Magic' বইয়ের রচয়িতা জন জুবরজিস্কি উত্তরপাড়ার এই গ্রন্থাগারের কথা উল্লেখ করেছেন। হার্ভাড বিশ্ববিদ্যালয়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানি এবং জ্ঞানের রাজনীতি নিয়ে পিএইচডি করছেন জোশুয়া এরলিচ। তিনি 'The Calcutta Pococurante Society– Public and Private in Indiaós Age of Reform' প্রবন্ধে লিখেছেন, উত্তরপাড়া লাইব্রেরির কথা।

চারপাশের বিশাল অঞ্চলে জ্ঞানচর্চার কেন্দ্র হয়ে দাঁড়িয়েছিল এই গ্রন্থাগার। পড়াশোনায় কৃতিত্ব দেখালে এখান থেকে সোনার পদক প্রদান করা হত। শতবর্ষ আগে এই গ্রন্থাগারে পা রেখেছিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার আর্থার ওয়েলেসলি, ব্রিটিশ প্রশাসক অ্যাসলি ইডেন, বাংলার



লেফটেন্যান্ট গভর্নর স্যার রিভার্স থম্পসনের মতো ব্যক্তিত্বরা।* ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, কেশবচন্দ্র সেন,* মাইকেল মধুসূদন দত্তের* মতো বাংলার মণীষীরাও এখানে এসেছিলেন।*

গ্রন্থাগারের দোতলার একটি ঘরের বারান্দা থেকে গঙ্গা দেখা যায়। সেটি বিশেষ অনুমতিক্রমে সাধারণ মানুষরা ব্যবহার করতে পারেন। এই ঘরে বসেই মাইকেল মধুসূদন দত্ত লেখালিখি করতেন। গ্রন্থাগারে আছে তাঁর বই 'হেক্টর বধ'। এখানকার আসবাব এবং অন্যান্য পুরোনো সরঞ্জাম এক সময়ে বাংলার শিক্ষিত অভিজাতরা এবং ইউরোপিয়ানরা ব্যবহার করতেন।*

সঠিক রক্ষণাবেক্ষণে অভাবে ঐতিহ্যের এই গ্রন্থাগারে দুষ্প্রাপ্য গ্রন্থ এবং নথিগুলি নষ্ট হওয়ার সম্ভাবনা প্রবল। কর্তৃপক্ষ জানিয়েছেন কর্মীদের অভাব এবং সরকারি না মেলায় তাঁরা অসহায়। বিষয়গুলি জানিয়ে প্রাক্তন বিধায়ক এবং সাংসদ শান্তশ্রী চট্টোপাধ্যায় চিঠি পাঠান রাজ্যের জনশিক্ষা ও লাইব্রেরি দফতরের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরীকে। সাংসদ চিঠিতে লেখেন, নিযুক্ত ঠিকাশ্রমিকেরা নিয়মিত মজুরি পাচ্ছেন না। সরকার এই গ্রন্থাগার অধিগ্রহণের সময় পরিচালন সমিতি গঠনের যে নির্দেশ দিয়েছিল, তা লঙ্ঘন করা হচ্ছেদ। তিনি মন্ত্রীকে সরেজমিনে পরিস্থিতি দেখে যাওয়ার আর্জি জানান। কিন্তু কোনও উত্তর আসেনি।

অভিযোগ, গ্রন্থাগারের বিভিন্ন সম্পত্তি বাইরে পড়ে রয়েছে। এজেন্সির নিরাপত্তা কর্মীরা ঠিকমতো বেতন না পাওয়ায় সেগুলি কার্যত অরক্ষিত ভাবে রয়েছে বলে অভিযোগ। এলাকাবাসীদের কেউ কেউ অভিযোগ করেছেন, মেহগিনী-সহ একাধিক পুরনো গাছ কাটা হয়েছে। যদিও সরকারি নথিতে এর কোনও তথ্য নেই বলে জানা গিয়েছে।

# স্বাধীনতা আন্দোলনের সেনানীরা

**রথীন কুমার চন্দ**



স্বাধীনতা আন্দোলনে শেষ মুঘল সম্রাট বাহাদুর শাহ জাফর, তাতিয়া টোপি, টিপু সুলতান, রাণী লক্ষ্মীবাই, হায়দার আলী ও বাংলার শেষ নবাব সিরাজউদ্দৌলা স্বাধীনতার লড়াইয়ে সামিল হন। ১৭৫৬ সাঁওতাল বিদ্রোহ সিধু কানুর নেতৃত্বে সংঘঠিত হয় সিপাহী বিদ্রোহের একশো বছর আগে। সাঁওতালদের লড়াই আধুনিক অস্ত্রের বিরুদ্ধে তীর ধনুকের অসম লড়াই ছিল।

সিপাহী বিদ্রোহ উওর থেকে দক্ষিণ ভারতের সংঘবদ্ধ লড়াই চালানোর প্রচেষ্টা হয়েছিল মাএ, প্রত্যেকের একক প্রচেষ্টায় লড়াই চালিয়ে ব্যার্থ হয়েছিল, যুদ্ধের ফলাফলে, মাঠে মারা গেল সমস্ত প্রচেষ্টা, যুদ্ধে সবাই নিহত হলেন, শেষ মুঘল সম্রাটকে নির্বাসিত হতে হল বার্মার মান্দালয়ে।

সিরাজউদ্দৌলা বাংলার নবাব হয়ে ইংরেজদের ঔদ্ধত্যের জবাব দিতে চেয়েছিলেন, প্রথম ফোর্ট উইলিয়াম আক্রমণ ও দখল করেন, মুর্শিদাবাদের পলাশীর প্রান্তরে লর্ড ক্লাইভের পাঁতা ফাদে ও চক্রান্তের শিকার হয়েছিলেন। সৈন্যবল ইংরেজদের থেকে বেশি থাকা সত্ত্বেও তাকে পরাজয় শিকার করতে বাধ্য হতে হয়েছিল, তার বিরুদ্ধে ষড়যন্ত্রকারী বিশ্বাসঘাতক মীরজাফর ও অন্যান্য সভাসদের কারণে। স্বার্থপরতার কারণে দেশের স্বাধীনতা জলাঞ্জলি দিতে কসুর করেনি ক্ষমতালোভীর দল, নিজেদের বিকিয়ে দিয়েছিলেন বিদেশী শাসকদের কাছে।

ইংরেজ শাসনধীন তৎকালীন নরমপন্থী মনোভাবাপন্ন ভারতীয় সম্প্রদায় ইংরেজ শাসকদের কাছে দেশীয় দাবি সনদ আদায়ে উদ্যোগী হলেন, সংঘঠিত হল ভারতীয় জাতীয় কংগ্রেস, ১৮৮৫ সালে, একই ছাতার তলায় এই রাজনৈতিক সংগঠন দাবি আদায়ের চেষ্টা চালাবে, অনুরোধ ও আলাপ আলোচনার মাধ্যমে। প্রথম সভাপতি উমেশচন্দ্র ব্যানার্জি।

জাতীয় কংগ্রেসের আন্দোলনের প্রতি আস্থা রাখতে পারলেন না চরমপন্থী নেতৃবৃন্দ, লালা লাজপাত রায়, বালগঙ্গাধর তিলক ও বিপিন চন্দ্র পাল, সমবেত ভাবে লাল-বাল-পাল নামে পরিচিত। লালা লাজপাত রায় উওর ভারতে, বাল গঙ্গাধর তিলক পশ্চিম ভারতে ও বিপিন চন্দ্র পাল বাংলায় চরমপন্থী আন্দোলনের নেতৃত্বের মুখ হয়ে উঠলেন।

সংগঠিত হল অনুশীলন ও যুগান্তর সমিতি, শরীর চর্চার আখড়ার আড়ালে চরমপন্থী বা সশস্ত্র আন্দোলনের প্রস্তুতি চলল, ১৯০৮ বাংলার অত্যাচারী বড়লাট কিংসফোর্ড হত্যা মামলা ও স্বাধীনতার সম্ভবত প্রথম শহীদ নাবালক ক্ষুদিরাম বসু ক্ষ্ম একবার বিদায় দে মা ঘুরে আসি, হাসি হাসি পরবো ফাঁসি, দেখবে ভারতবাসী,ক্ষ্ম মন-প্রাণ ছুয়ে যাওয়া গানের কলি এখনো নাড়া দিয়ে যায় বাঙালি জাতির অন্তরসও্বাকে। ইংরেজ শাসকদের হাত কাপলো না, নাবালক ক্ষুদিরামকে ফাঁসি দিতে।

১৯০৫, লর্ড কার্জনের বঙ্গভঙ্গের বিরুদ্ধে দেশ জুড়ে আন্দোলনে রবীন্দ্রনাথ ঠাকুর পিছিয়ে থাকেননি, রাখী বন্ধন, অরন্ধনের মধ্যে দিয়ে প্রতিবাদ সংঘঠিত করেছিলেন। স্বদেশী আন্দোলন জোরদার হয় বঙ্গভঙ্গের কারণে। দেশীয় বস্ত্র, শিক্ষা ও উদ্যোগ প্রাধান্য পায়, রঙ্গলাল বন্দোপাধ্যায়ের কবিতায় ক্ষ্মমায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নেরে ভাইক্ষ্ম সাড়াজাগানো কবিতার পঙি্ক্ত। দেশীয় শিক্ষা প্রসারে স্বদেশী বিদ্যালয় স্থগিত হয়, খাদি বস্ত্র উৎপাদনের ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠিত হয়।

১৯১১ সালে রাজধানী কলকাতা থেকে দিল্লি স্থানান্তরের সিদ্ধান্তের প্রতিবাদে বিপ্লবী রাসবিহারী বসুর নেতৃত্বে সংসদ ভবনে বোমা হামলায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়, মূল ষড়যন্ত্রকারী রাসবিহারী বসু পুলিশের ধরাছোঁয়ার বাইরে থেকে যায়।

১৯১৯ সালে নারকীয় জালিনওয়ালাবাগের খলনায়ক চার্লস টেগার্টের প্রাণনাশের চেষ্টা, কাকোড়ী ডাকাতি মামলা বিপ্লবী অরবিন্দ ঘোষকে দোষী সাব্যস্ত করে মামলা চালায় ব্রিটিশ সরকার, বিরুদ্ধতায় এগিয়ে আসেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, তিনি উকিলের ভুমিকায় বিনা পারিশ্রমিকে কোর্টে লড়াই চালিয়ে যান। রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট' উপাধি ত্যাগ করেন জালিনওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে।

১৯২১ সালে গান্ধীজীর নেতৃত্বে দেশব্যাপী আন্দোলনের জোয়ার বইতে থাকে, অসহযোগ আন্দোলন, খিলাফত, রাওলাট আইনের বিরুদ্ধে, জাতীয় কংগ্রেস প্রাণ পায় এই আন্দোলনে দেশবাসীকে সামিল করতে পেরে। এরই সাথে জহরলাল নেহরু বা চাচা নেহেরু, আইরন ম্যান বল্লভভাই প্যাটেল, মৌলানা আবুল কালাম আজাদ, সুভাষচন্দ্র বসু কংগ্রেসের আদর্শে অনুপ্রাণিত হয়ে দলে যোগদান করায়, নরমপন্থী আন্দোলন জোরদার হয়।

ইতিমধ্যে চরমপন্থী আন্দোলনের নেতৃত্বের ভার ভারতের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ে, পাঞ্জাব, বাংলা ও মহারাষ্ট্রে বীজ বপন হয়। ভগৎ সিং, রাজগুরু, শুকদেব পাঞ্জাবে অগ্নিযুগের আন্দোলনের উদগাতা, এরপর উধম সিং সেই আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন। ফাঁসির মঞ্চে ভগৎ সিং 'ইনকিলাব জিন্দাবাদ' অর্থাৎ বিপ্লব দীর্ঘজীবী হোক এই মন্ত্রের উদগাতা ছিলেন। লালা লাজপাত রায় তার জ্বালাময়ী বক্তব্যের জন্য ইংরেজ শাসকদের লাঞ্ছনা সয়েছেন।

বাংলার অগ্নিযুগের আন্দোলনের পুরোধারা অন্তরালে থেকে বিপ্লবী কার্যকলাপের নেতৃত্বে দিতেন। অরবিন্দ ঘোষ, বারিন ঘোষ, হেমচন্দ্র কানুনগো। অরবিন্দ ঘোষ একাধারে বিপ্লবী আন্দোলন ও অন্যধারে এই আন্দোলনের স্বপক্ষে কলম ধরেছিলেন। এনাদের কার্যকলাপের কেন্দ্র ছিল হুগলি জেলার চন্দননগর। রাসবিহারী বসু পুলিশের হাতে আটক হওয়ার আগেই সাফাইওয়ালার ছদ্মবেশে পালিয়ে যান। অরবিন্দ ঘোষ যুগান্তর পত্রিকায় কলম ধরলে বহুবার তাকে এই অছিলায় আটক করে পুলিশ, বারিন ঘোষ এই কাগজের সম্পাদক ছিলেন, তাকেও আটক থাকতে হয় জেলে। কানাইলাল দও বিপ্লবী আন্দোলনের আরেক শহীদ। রাসবিহারী বসু বারংবার পুলিশের পাতা ফাঁদ কেটে পালিয়ে যেতে সক্ষম হচ্ছিলেন, এভাবে বেশিদিন চলতে পারে না ভেবেই তিনি জাপানের উদ্দেশ্যে যাত্রা করেন। সেখান থেকে তিনি দেশের সশস্ত্র আন্দোলনে সাহায্য করতে থাকেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আবহে সুভাষচন্দ্র বসু ইংরেজ শাসকদের চোখে ধুলো দিয়ে আফগানিস্তান, রাশিয়া হয়ে জাপানে পৌছান, সেখানে জাপানীদের হাতে আটক ভারতীয় ব্রিটিশ ফৌজের সদস্যদের নিয়ে রাসবিহারী বসু আজাদ হিন্দ ফৌজের গোড়াপত্তন করেন।

ইতিমধ্যে বাংলায় বিপ্লবী আন্দোলনের অন্যতম নাম হয়ে ওঠে উড়িষ্যার বুড়িবলাম নদীর তীরে বাঘাযতীনের অসমসাহসী যুদ্ধ ও দেশের বিপ্লবী আন্দোলনের অন্যতম শহীদ। রাইটার্স বিল্ডিং অভিযানে বিনয়-বাদল-দীনেশের নাম স্বর্ণাক্ষরে লেখা থাকবে। অবিভক্ত বাংলাদেশের চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন মষ্টারদা সুর্য সেনের নেতৃত্বে সম্ভবপর হয়েছিল। নারী বাহিনীর নেতৃত্ব দেন অসমসাহসী কল্পনা দত্ত ও প্রীতিলতা ওয়াদ্দাদার। জেলে আটক থাকাকালীন এদের ওপর নেমে আসে অসহনীয় অত্যাচার, তবু কেউ এরা বিপ্লবী সাথীদের নাম প্রকাশে আপোসহীন ছিলেন। মাষ্টার সুর্য সেনকে ফাঁসি, কাউকে যাবজ্জীবন আবার দ্বীপান্তরের সাজা দেওয়া হয়।

মারাঠা সিংহ পুরুষ, গান্ধীজী যাকে'লোকমান্য' হিসেবে আখ্যা দেন, তিনি তার কেশরী পত্রিকায় স্বাধীনতা আন্দোলনের স্বপক্ষে জ্বালাময়ী সম্পাদকীয় রচনার জন্য অধিকাংশ সময় জেলে অন্তরীণ থাকেন। উওর পশ্চিম ভারতে সীমান্ত গান্ধী খ্যাত আব্ হয়ত গফ্ফর খান গান্ধীজীর অসহযোগ আন্দোলনের অন্যতম ব্যক্তিত্ব ছিলেন। শরৎচন্দ্রের পথের দাবী উপন্যাস দিকে দিকে বাজেয়াপ্ত করছে ইংরেজ শাসকরা। সিস্টার নিবেদিতা বাংলার বিপ্লবীদের অন্যতম আশ্রয় দাতার ভূমিকায় অবতীর্ণ হন।

আসামের স্বাধীনতা সংগ্রামীদের মধ্যে গোপীনাথ বরদোলই গান্ধীজীর অসহযোগ ও ভারত ছাড়ো আন্দোলনে যোগদান করেন, জ্যোতি প্রসাদ আগারওয়াল অসহযোগ আন্দোলন, কনকলতা বড়ুয়া ভারত ছাড়ো আন্দোলনে শহীদ হন এবং তিনি প্রথম মহিলা শহীদ আসামের, কুশল কনওয়ার ভারত ছাড়ো আন্দোলনে ফাঁসীর সাজাপ্রাপ্ত শহীদ। ভোগেশ্বর ফুকানানি গান্ধীজীর ভারত ছাড়ো আন্দোলনে ঝাঁপিয়ে পরেন। মণিরাম দেওয়ানকে ফাঁসি দেওয়া হয় ১৮৫৭ বিদ্রোহের সময়, কিয়াং নানবাগ মেঘালয়ে ১৮৫৭'র বিদ্রোহে ইংরেজদের বিরুদ্ধে লড়াই করার কারণে ফাঁসি দেওয়া হয়, তাজি মিদারণকে মেসমিদের নেতৃত্ব দানের অপরাধে ফাঁসি দেওয়া হয়।

## আনন্দকথা

**(ব্রহ্ম সচ্চিদানন্দস্বরূপ — নির্বিকল্পসমাধি ও ব্রহ্মজ্ঞান)**

"তবে বেদে, পুরাণে যা বলেছে — সে কিরকম বলা জান? একজন সাগর দেখে এলে কেউ যদি জিজ্ঞাসা করে, কেমন দেখলে, সে লোক মুখ হাঁ করে বলে, — 'ও! কি দেখলুম! কি হিল্লোল কল্লোল!' ব্রহ্মের কথাও সেইরকম। বেদে আছে — তিনি আনন্দস্বরূপ — সচ্চিদানন্দ। শুকদেবাদি এই ব্রহ্মসাগর তটে দাঁড়িয়ে দর্শন স্পর্শন করেছিলেন। এক মতে আছে — তাঁরা এ-সাগরে নামেন নাই। এ-সাগরে নামলে আর ফিরবার জো নাই।

"সমাধিস্থ হলে ব্রহ্মজ্ঞান হয় — সে অবস্থায় বিচার একেবারে বন্ধ হয়ে যায়, মানুষ চুপ হয়ে যায়। ব্রহ্ম কি বস্তু মুখে বলবার শক্তি থাকে না।

"লুনের ছবি (লবণ পুত্তলিকা) সমুদ্র মাপতে গিছল। (সকলের হাস্য) কত গভীর জল তাই খপর দেবে। খপর দেওয়া আর হল না। যাই নামা অমনি গলে যাওয়া। কে আর খপর দিবেক?"

একজন প্রশ্ন করিলেন, "সমাধিস্থ ব্যক্তি যাঁহার ব্রহ্মজ্ঞান হয়েছে তিনি কি আর কথা কন না?" *(ক্রমশঃ)*

## লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# বাংলাদেশের হিন্দুদের নিরাপত্তা চেয়ে প্রধানমন্ত্রীকে এবং রাষ্ট্রপতিকে চিঠি

**নিজস্ব প্রতিবেদন, ঠাকুরনগর:** বাংলাদেশের হিন্দুদের নিরাপত্তা চেয়ে প্রধানমন্ত্রীকে এবং রাষ্ট্রপতিকে চিঠি অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের। অন্যদিকে, বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের একত্রিত হয়ে প্রতিরোধ গড়ে তোলার বার্তা মতুয়া ধর্মগুরু সুব্রত ঠাকুরের। ছাত্র আন্দোলনেকে কেন্দ্র করে বাংলাদেশে যে অশান্তি সৃষ্টি হয়েছে তাতে আক্রান্ত হচ্ছে হিন্দুরা যার মধ্যে অনেকেই মতুয়ারাও রয়েছে। এমনই দাবি করেছেন অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের সাধারণ সম্পাদক সুখেন্দ্র নাথ গাইন। শুক্রবার উত্তর ২৪ পরগনার ঠাকুরনগর ঠাকুরবাড়িতে সাংবাদিক সম্মেলন করে সুখেন্দ্রনাথ গাইন বলেন, বাংলাদেশে ছাত্র আন্দোলনকে সামনে রেখে দুষ্কৃতীরা হিন্দুদের উপর অত্যাচার করছে তাদের বাড়ি ঘর লুটপাট চালাচ্ছে। বাংলাদেশে সুরক্ষিত নয় হিন্দু মহিলারাও। তাদের নিরাপত্তা চেয়ে এবং হিন্দুদের উপর অত্যাচার বন্ধ করার দাবি জানিয়ে অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং রাষ্ট্রপতিকে চিঠি করছেন। একই সঙ্গে সুখেন্দ্র নাথ গাইন বলেন, অনেক বাংলাদেশী হিন্দুরা ভারতে আসার জন্য সীমান্তে দাঁড়িয়ে আছেন তারা এই মুহূর্তে অভুক্ত অবস্থায় রয়েছে ভারতের পক্ষ থেকে তাদের খাবারের ব্যবস্থা করুক এবং তাদের নিরাপত্তা সুনিশ্চিত করুন। এছাড়াও হয় তাদের ভারতে আনার ব্যবস্থা করা হোক, না হয় তারা যাতে বাংলাদেশে শান্তিতে থাকতে পারে সেই ব্যবস্থা করা হোক। মতুয়া ধর্মগুরু তথা গাইঘাটার বিজেপি বিধায়ক সুব্রত ঠাকুর বলেন, বাংলাদেশে যে ঘটনা ঘটছে তা বন্ধ হওয়া দরকার। ভারত সরকারের কাছে তিনি দাবি করেন, বাংলাদেশের হিন্দু সংখ্যালঘুরা যাতে ভালো থাকে নিরাপদ থাকার ব্যবস্থার দাবি করেন প্রধানমন্ত্রীর কাছে। একই সঙ্গে বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের একত্রিত হয়ে প্রতিরোধ গড়ে তুলতে বলেন এবং একসঙ্গে থাকতে বলেন।

## ডুবে মৃত্যু দুই স্কুল পড়ুয়ার

**নিজস্ব প্রতিবেদন, কোন্নগর:** পরীক্ষা দিয়ে ফিরে পুকুরে নেমেছিল স্নান করতে। সেই স্নান করতে নামাই কাল হল। ডুবে মৃত্যু হল দুই স্কুল পড়ুয়ার। কোন্নগরের কানাইপুরের ঘটনা। ছাত্র সায়ন নাথ ও উজান ঘোষ কোন্নগর নবগ্রাম বিদ্যাপীঠের সপ্তম শ্রেণির ছাত্র। শুক্রবার ছিল তাদের ইতিহাস পরীক্ষা। পরীক্ষা দিয়ে বেরিয়ে কয়েকজন বন্ধু মিলে ঠিক করে পুকুরে স্নান করবে। স্নান করে বাড়ি ফিরবে তারা। এলাকার লোকজনের কথায়, সকলে মিলেই পুকুরে নেমেছিল। কিন্তু বাকিরা স্নান সেরে পুকুর থেকে উঠলেও সায়ন ও উজান ওঠেনি। এরপরই হইহই পড়ে যায়। জানা যায়, দু'জন তলিয়ে গিয়েছে। এরপরই তাদের সঙ্গে থাকা পড়ুয়ারাই স্থানীয় বাসিন্দাদের খবর দেয়। পরে দুই ছাত্রকে উদ্ধার করে কানাইপুর স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসক তাদের মৃত বলে ঘোষণা করেন। জানা গিয়েছে, কোমরে থার্মোকল বেঁধে পুকুরে স্নান করছিল ছাত্ররা। স্কুলের প্রধান শিক্ষিকা সোমা চৌধুরী জানান, এদিন পরীক্ষা শেষ হওয়ার পর ওরা পুকুরে স্নান করতে নামে। স্কুলে খবর যায়, দুই ছাত্র ডুবে গিয়েছে। তল্লাশি শুরু মিনিট পাঁচেকের মধ্যে একজনকে উদ্ধার করা হয়। তবে দ্বিতীয়জনকে উদ্ধার করতে কিছুটা সময় লাগে।

## তিতুমীর বাস টার্মিনাল থেকে আয় বাড়ল জেলা পরিষদের

**নিজস্ব প্রতিবেদন, বারাসাত:** কয়েক লক্ষ টাকা আয় বাড়ল জেলা পরিষদের। উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের অধীনে থাকা বারাসাত চাঁপাডালি মোড়ের তিতুমীর বাস টার্মিনাল থেকে এই আয় বেড়েছে। নতুন দায়িত্ব পেয়েই জেলা পরিষদের অধক্ষ্যের পদে থাকা আরসাদ উজ্জামান এই আয় বাড়ালেন। সরেজমিনে নিয়মমাফিক দেখভাল, পরিচ্ছন্ন হিসাবনিকাশের মধ্য দিয়ে গত কয়েক বছরের উপার্জনের থেকে কয়েক লক্ষ টাকা আয় বাড়ালেন তিনি। জেলা পরিষদের আয় বাড়ায় স্বাভাবিকভাবেই খুশি সকলেই। গত ২০২৩ সালে তিতুমীর বাস টার্মিনাল থেকে আয় হয়েছিল ৩৯,০৭,৭৪০ টাকা। ২০২৩ সালে প্রথম ৬ মাসে অর্থাৎ জানুয়ারি থেকে জুন মাসে মোট আয় হয়েছিল ২০,০০,৩৫০ টাকা। আর জুলাই থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ওই ছয় মাসে আয় হয়েছিল ১৯,০৭,৩৯০ টাকা। সেই নিরিখে ২০২৪ সালের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত আয় হয়েছে ২৫,৯৫,৭৯০ টাকা। যা ২০২৩ সালের ওই জানুয়ারি-জুন মাস অর্থৎ প্রথম ৬ মাসের থেকে প্রায় ৬ লক্ষ টাকা বেশি। এই প্রসঙ্গে জেলা পরিষদের অধ্যক্ষ আরসাদ উজ্জামান বলেন, ১৬ অগস্ট ২০২৩ উত্তর ২৪ পরগনা জেলা পরিষদে নতুন বোর্ড গঠন হয়। সভাধিপতির দায়িত্ব পান নারায়ণ গোস্বামী। তার নেতৃত্বে আমরা কাজ শুরু করি। সভাধিপতি আমাকে দায়িত্ব দিয়েছিলেন তিতুমীর বাস টার্মিনালের বিষয়টি দেখতে। আয় বাড়ানোর জন্যও আমাকে বলা হয়। আমি সেই কাজই করে গেছি। কিছু সমস্য ছিল তার সমাধান করাতেই আয় বেড়েছে। তিনি আরও বলেন, বাম জামানায় প্রচুর অর্থ ব্যয় করে অপরিকল্পিতভাবে তিতুমীর বাস টার্মিনালের উপরে ঘর বানানো হয়ে ছিল। সেগুলি এখন পড়ে নষ্ট হচ্ছে। সেই সঙ্গে টার্মিনালের জায়গা কম থাকায় অনেক বাসই রাস্তায় দাঁড়িয়ে থাকতে বাধ্য হয়। সেক্ষেত্রে রাস্তার পরিসর কমায় যানজট তৈরি হয় জেলা সদর বারাসাতে। এই সব কিছু সমস্যার সমাধান করে তিতুমীর বাস টার্মিনালকে একটি অত্যাধুনিক বাস টার্মিনাল গড়ে তোলার পরিকল্পনা জেলা পরিষদের পক্ষ থেকে করা হচ্ছে। সেই পরিকল্পনা বাস্তবায়িত হলে এই টার্মিনাল থেকে জেলা পরিষদের আয় যেমন কয়েক গুন বেড়ে যাবে তেমনি কর্মসংস্থানও হবে।

## কর্তব্যরত চিকিৎসককে হেনস্তা ও চড় মারার অভিযোগ হবিবপুরের বিডিও'র বিরুদ্ধে



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** মধ্যরাতে গ্রামীণ হাসপাতালে গিয়ে কর্তব্যরত চিকিৎসককে মারধর করে রক্ত ঝরানোর অভিযোগ উঠল হবিবপুরের বিডিও'র বিরুদ্ধে। রক্তাক্ত হয়েও গ্রামীণ হাসপাতালের ওই চিকিৎসক দীপাঞ্জন মণ্ডল বিডিও'র স্ত্রীর চিকিৎসা করেন। বৃহস্পতিবার গভীর রাতের এই ঘটনার পর শুক্রবার সকালেই হবিবপুরের বিডিও অংশুমান দত্তের বিরুদ্ধে আক্রান্ত সরকারি গ্রামীণ হাসপাতালের চিকিৎসক লিখিত অভিযোগ দায়ের করেছেন পুলিশের কাছে। পুরো বিষয়টি নিয়ে শুরু হয়েছে প্রশাসনিক স্তরে চাপানউতোর। ইতিমধ্যে বিডিও'র এমন আচারণের ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছে চিকিৎসকদের সর্ববৃহৎ সংগঠন আইএমএ। পাশাপাশি হবিবপুরের বিএমওএইচ বাবর আলি জানিয়েছেন, পুরো বিষয়টি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে জানানো হয়েছে। অবিলম্বে এই ঘটনাটি নিয়ে একটি প্রশাসনিক মিটিং ডাকারও ব্যবস্থা করা হয়েছে।

হবিবপুর থানার পুলিশকে লিখিত অভিযোগে সংশ্লিষ্ট ব্লকের সরকারি গ্রামীণ হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক দীপাঞ্জন মণ্ডল জানিয়েছেন, এদিন প্রায় রাত দুটো নাগাদ বিডিও অংশুমান দত্তর তাঁর অসুস্থ স্ত্রীকে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে আসেন। তড়িঘড়ি তাঁকে গাড়ি থেকে স্ট্রেচারে করে নিয়ে আসার কথা বলতেই বিডিও মারধর শুরু করে দেয়। বাধা দিতে গেলে আঙুলে চোট লাগে, রক্ত ঝরে। সেই সময় কলার ধরে চর, ঘুসি মারা হয়। তখন নিজেকে শান্ত রেখেই বিডিও'র স্ত্রীর চিকিৎসার ব্যবস্থা করি। কিন্তু কিছু বলার মুহূর্তে আবারো হবিবপুরের বিডিও অংশুমান দত্ত কলার ধরে চড় মারেন। শরীর দিয়ে রক্ত ঝরলেও আমি উনার স্ত্রীর অক্সিজেন, স্যালাইন দেওয়ার ব্যবস্থা করি। ইনজেকশনও দিই। কেন বিডিও এরকম আচরণ করলেন কিছুই বুঝতে পারলাম না। নিজেকে অসুস্থ বোধ করে পরে হবিবপুর থানার পুলিশের কাছে লিখিত অভিযোগ জানায়।

এদিকে যার বিরুদ্ধে অভিযোগ হবিবপুরের সেই বিডিও অংশুমান দত্ত অবশ্য ক্যামেরার সামনে কোনওরকম মন্তব্য করেননি। হবিবপুরের বিএমওএইচ বাবর আলি বলেন, আক্রান্ত চিকিৎসক আমাকে ফোন করে সমস্ত বিষয়টি জানিয়েছেন। আমি জেলার মুখ্যস্বাস্থ্য আধিকারিককে পুরো বিষয়টি জানিয়েছি। কেন এই ধরনের ঘটনা ঘটল কিছুই বুঝতে পারছি না। তবে কর্তব্যরক্ত চিকিৎসকের ওপর এরকম ভাবে আচরণ করা উচিত হয়নি। যারা দিনরাত মানুষের সেবা করছেন, তাঁদের সঙ্গে যদি এরকম আচরণ করা হয় তাহলে ডাক্তারদের নিরাপত্তা কোথায়। এই ঘটনার নিন্দা জানাচ্ছি। জেলা প্রশাসনের উদ্বোধন কর্তৃপক্ষকেও জানানো হয়েছে। এদিকে চিকিৎসকের উপর হামলার ঘটনা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন আইএমএ (ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন) সংগঠনের মালদা শাখার কর্মকর্তারা। সংশ্লিষ্ট সংগঠনের একাংশ সদস্যরা জানিয়েছেন, এই ধরনের আচরণ মোটেই মেনে নেওয়া যায় না। বিষয়টি সংগঠনের পক্ষ থেকেও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জানানো হবে।

## ত্রাণ বণ্টনে পক্ষপাতিত্বের অভিযোগ তুলে আরামবাগে ডেপুটেশন বিজেপির




**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** বন্যার ত্রাণ বণ্টনে পক্ষপাতিত্বের অভিযোগ তুলে আরামবাগ মহকুমা শাসকের কাছে ডেপুটেশন বিজেপি। শুক্রবার পুরশুড়ার বিধায়ক তথা আরামবাগ সাংগঠনিক জেলা বিজেপির সভাপতি বিমান ঘোষের নেতৃত্বে আরামবাগ মহকুমা শাসকের কাছে ডেপুটেশন দেওয়া হয়। এদিন মূলত খানাকুল এক নম্বর ব্লকে বিজেপি পরিচালিত পঞ্চায়েতগুলিতে ইচ্ছাকৃতভাবে বন্যার ত্রাণ দেওয়া হচ্ছে না বলে অভিযোগ। বিজেপি নেতৃত্বের দাবি সরকারি আমলাও এই পক্ষপাতিত্বের সঙ্গে যুক্ত। বিজেপি পরিচালিত পঞ্চায়েতগুলিতে বন্যার জলে প্লাবিত হওয়া সত্ত্বেও সঠিক সময়ে ত্রাণ পৌঁছচ্ছে না বলে অভিযোগ। অথচ ওই সব এলাকায় সবচেয়ে বেশি বন্যার জলের ক্ষতিগ্রস্ত হয়েছে। বিজেপির অভিযোগ খানাকুল এক নম্বর ব্লকের আধিকারিক তৃণমূল নেতাদের সঙ্গে জোট বেঁধে পক্ষপাতিত্ব করছেন। তাই এর প্রতিবাদে আরামবাগ মহকুমা শাসকের কাছে ডেপুটেশন দেয় বিজেপি। তাদের দাবি, খানাকুল এক নম্বর ব্লকের রামমোহন ১, খানাকুল ২, ঠাকুরানিচক পঞ্চায়েত বিজেপি পরিচালিত। পাশাপাশি পঞ্চায়েত সমিতিতে ৬ জন বিজেপির সদস্য রয়েছে। তাদেরকেও নাকি এলাকার মানুষের জন্য ত্রাণ দেওয়া হচ্ছে না বলে অভিযোগ। বিজেপির জেলা সভাপতি বিমান ঘোষ বলেন, তৃণমূল কংগ্রেসের হার্মাদরা বিডিও'র উপর চাপ সৃষ্টি করে এবং এই কঠিন পরিস্থিতি বন্যার সময় বন্যা দুর্গতদের ত্রাণ, ত্রিপল দেওয়ার কথা কিন্তু সে সব না করে পক্ষপাতিত্ব করছে। আমাদের তিনটি পঞ্চায়েত, ঠাকুরানিচক, রামমোহন ১ এবং খানাকুল ২ পঞ্চায়েতে। সে জন্য আমরা পঞ্চায়েত প্রধান-সহ পঞ্চায়েত সমিতির সদস্য এবং পঞ্চায়েতের সদস্যরা মিলে ডেপুটেশন আকারে মহকুমার শাসককে দিলাম। যদি কোনও ব্যবস্থা নেওয়া না হয় আমরা রাজনৈতিকভাবে আন্দোলনে নামব এবং আইনগতভাবে যেখানে যেখানে যাওয়ার সেখানে যাব।

---

## অ্যালফ্রেড হারবার্ট (ইন্ডিয়া) লিমিটেড

**CIN: L74999WB1919PLC003516**

রেজিস্টার্ড অফিস ১৩/৩, স্ট্র্যান্ড রোড, কলকাতা-৭০০০০১
ফোন: ০৩৩ ২২২৬ ৮৬১৯ / ২২২৯ ৯১২৪
ই-মেল: kolkata@alfredherbert.com, ওয়েবসাইট: alfredherbert.co.in

**৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | কনসোলিডেটেড | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৩৮.০৯ | ৪৮.৬৯ | ১৯৫.০৫ | ৪১.৯৮ | ৫১.৫৩ | ২২১.৬৮ |
| ২ | নিট লাভ/(ক্ষতি)সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী দফা পূর্ববর্তী) | (৯.৫৪) | ১১.৯৪ | ৫২.৭১ | (৫.৮৪) | ১২.৬২ | ৫১.৪৩ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী দফা পরবর্তী) | (৯.৫৪) | ১১.৯৪ | ৫২.৭১ | (৫.৮৪) | ১২.৬২ | ৫১.৪৩ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী দফা পরবর্তী) | (৩৫.৪১) | ১০.২৭ | ৭২.২৬ | (৩২.৬৯) | ১০.২৪ | ৬৭.৪৭ |
**Segment wise Consolidated Revenue, Results and Capital Employed for the quarter ended 30th June, 2024**
(Rs. in Lakhs)

| Sl. No. | Particulars | Quarter ended 30/06/2024 Unaudited | 31/03/2024 Audited | 30/06/2023 Unaudited | Year Ended 31/03/2024 Audited |
|---|---|---|---|---|---|
| 1 | Segment Revenue | | | | |
| | a) Investments Activities | 98.51 | 109.76 | 96.63 | 465.37 |
| | b) Rental Activities | 10.27 | 10.27 | 307.87 | 338.69 |
| | | **108.78** | **120.03** | **404.50** | **804.06** |
| 2 | Segment Results | | | | |
| | a) Investments Activities | 91.63 | 101.89 | 96.62 | 431.48 |
| | b) Rental Activities | 6.09 | 6.32 | 297.68 | 321.63 |
| | | 97.72 | 108.21 | 394.30 | 753.11 |
| | Less : Unallocable Expenses | 33.36 | 68.26 | 30.35 | 174.90 |
| | | 64.36 | 39.95 | 363.95 | 578.21 |
| | Add : Unallocable Revenue | 3.50 | - | - | - |
| | | 67.86 | 39.95 | 363.95 | 578.21 |
| 3 | Segment Assets | | | | |
| | a) Investments Activities | 94,217.09 | 70,978.11 | 47,752.49 | 70,978.11 |
| | b) Rental Activities | 48.19 | 51.93 | 48.19 | 51.93 |
| | c) Unallocable | 45.40 | 85.11 | 78.79 | 85.11 |
| | | **94,310.68** | **71,115.15** | **47,879.47** | **71,115.15** |
| 4 | Segment Liabilities | | | | |
| | a) Investments Activities | 13.05 | 13.05 | 13.29 | 13.05 |
| | b) Rental Activities | 56.73 | 56.73 | 56.73 | 56.73 |
| | c) Unallocable | 2,512.86 | 2,508.16 | 2,499.28 | 2,508.16 |
| | | **2,582.64** | **2,577.94** | **2,569.30** | **2,577.94** |

**Tushar Suraiya**
**Director**
**(DIN No. 10262137)**

**Place : Kolkata**
**Dated : 9th August, 2024**

# উপকূলের একাধিক জলপথে হাই-অ্যালার্ট জারি, পণ্যবাহী বার্জে চলছে তল্লাশি



**নিজস্ব প্রতিবেদন, নামখানা:** বাংলাদেশের বর্তমান পরিস্থিতির জেরে সুন্দরবন ও উপকূলের একাধিক জলপথে হাই-অ্যালার্ট জারি করা হয়েছে। যে সব জলপথ দিয়ে বাংলাদেশী বার্জ কিংবা জাহাজ চলাচল করে, সেখানেও তল্লাশি চালাচ্ছে পুলিশ। একদিকে যেমন ফ্রেজারগঞ্জ উপকূল রক্ষী বাহিনীর তরফে সমুদ্রে হোভারক্রাফটের সাহায্যে তল্লাশি চালানো হচ্ছে তেমনই সুন্দরবন পুলিশ জেলার তরফে পুলিশের নামখানার হাতানিয়া-দোয়ানিয়া নদী আন্তর্জাতিক জলপথেও তল্লাশি চালানো হচ্ছে। শুক্রবার নামখানার ওসি বিভাস সরকারের নেতৃত্বে পুলিশ বাহিনী বাংলাদেশী পণ্যবাহী বার্জগুলিতে তল্লাশি চালায়। নাবিকদের বিস্তারিত তথ্য নেন। এই পরিস্থিতিতে যে কোনওরকম অনুপ্রবেশ আটকানোই বড় চ্যালেঞ্জ পুলিশের। অন্যদিকে অশান্ত পরিস্থিতির জন্য সপ্তাহখানেক ধরে নামখানাতে আটকে বাংলাদেশী বার্জগুলি। পরিবারের দুশ্চিন্তায় আটকে থাকা নাবিকরা। বাংলাদেশের মোংলা বন্দর থেকে আগত একটি বার্জের নাবিক শামসুদ্দিন জমাদার বলেন, 'আমরা বাংলাদেশ থেকে আসার পর বজবজ থেকে 'ফ্লাই অ্যাশ' নিয়ে ফিরছিলাম। দেশের পরিস্থিতির কথা খবর পেয়েছি। কিন্তু এখনই দেশে ফেরার অনুমতি মিলছে না। তাই নামখানায় বার্জ নিয়ে সহকর্মীদের নিয়ে আটকে আছি। পরিবারের নিয়ে কিছুটা দুশ্চিন্তায় আছি। আশা করছি তাড়াতাড়ি বাড়ি ফিরতে পারব।

অন্যদিকে জলপথে তল্লাশি নিয়ে সুন্দরবন পুলিশ জেলার এক আধিকারিক বলেন, 'বাংলাদেশ পরিস্থিতি নিয়ে আমরাও অ্যালার্ট আছি। ইতিমধ্যেই উপকূলের জলপথে বাংলাদেশি বার্জগুলিতে তল্লাশি চালানো হচ্ছে। সব বার্জ এবং নাবিকদের প্রয়োজনীয় নথি খতিয়ে দেখা হচ্ছে।'

# হল না-কয়লা কাণ্ডের ফাইনাল চার্জফ্রেম গঠন

**নিজস্ব প্রতিবেদন, আসানসোল:** কয়লা দুর্নীতি কাণ্ডে শুক্রবারও চার্জ গঠন হল না। পরবর্তী চার্জ গঠনের দিন ৭ সেপ্টেম্বর দিন ধার্য করল আসানসোলের বিশেষ সিবিআই আদালত। এদিন অভিযুক্তদের আইনজীবী শেখর কুণ্ডু, সোমনাথ চট্টরাজ বলেন, নতুন যে চার্জশিট জমা করেছিল সিবিআই তারই কপি অভিযুক্তদের দেওয়া হয়। এদিন সকালে আদালত চত্বরে হাজির হন অবৈধ কয়লার কারবারে মুখ্য অভিযুক্ত অনুপ মাজি (লালা), জয়দেব মণ্ডল, নারায়ণ খারগে, বিকাশ মিশ্র, এবং ইসিএল আধিকারিকরা সহ কয়লা কাণ্ডে বেশির ভাগ অভিযুক্তরা।

এই নিয়ে কয়লা কাণ্ডে ফাইনাল চার্জ গঠনের সিবিআই আদালতের নির্দেশ অনুসারে তিনটি দিন বিচারক ধার্য করলেও তিনবারই চার্জ গঠন সম্ভব হয়নি। এর আগে গত ৩ জুলাই কয়লা পাচার মামলার চার্জ গঠনের দিন ধার্য করেছিল সিবিআই আদালত। অভিযুক্ত ও একাধিক সাক্ষী আদালতে অনুপস্থিত থাকায় ওইদিন চার্জগঠন হয়নি। এই অবস্থায় বিচারক ৯ অগস্ট দিন ধার্য করেছিলেন সিবিআই আদালতের। উল্লেখ্য, এই মামলায় ৩৯৬ জন সাক্ষী রয়েছেন। মামলায় অভিযুক্ত ৫০ জনকে ২৫ হাজার পাতার নথি দেওয়ার কথা। রয়েছে ১১৪৯ পাতার তথ্য প্রমাণও। এই মামলায় সিবিআই মোট তিনটি চার্জশিট জমা দিয়েছে। তাতে সবমিলিয়ে ৫০ জনের নাম আছে। মামলার মূল অভিযুক্ত বিনয় মিশ্র এখনও ফেরার। আর একজন ইসিএল সিকিউরিটি কনস্টেবল মারা গিয়েছেন। কয়লা মাফিয়া গুরুপদ মাজি ইডির একটি মামলায় তিহার জেলে বন্দি।

# পথদুর্ঘটনায় মৃত্যু

**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** পূর্ব বর্ধমান জেলার আউশগ্রামের গোবিন্দপুর মোড়ে সড়ক দুর্ঘটনায় মৃত্যু হল একজন পথচারীর। শুক্রবার মৃতদেহ ময়নাতদন্তের জন্য বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায় গুসকরা ফাঁড়ির পুলিশ। পুলিশ জানিয়েছে, মৃতের নাম কেনারাম বাগ (৫২)। তার বাড়ি গোবিন্দপুরের ডাঙ্গাল এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে বর্ধমান বোলপুর ২বি জাতীয় সড়কের গোবিন্দপুর মোড়ে একটি অজানা গাড়ি কেনারাম বাগকে পিষে দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। পুলিশ খবর পেয়ে মৃতদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।


**OFFICE OF THE BOARD OF COUNCILORS OF RANAGHAT MUNICIPALITY RANAGHAT, NADIA**

**NOTICE INVITING E-QUOTATION**

Memo. No. 1244/RM
Date - 09.08.2024
Tender Ref No : WBMAD/ULB/RM/NIQ-7e/2024-25/SL1
Tender ID :
2024_MAD_731539_1

Name of the work: i) Annual Maintenance & repairing (as per need) of Air-Conditioning Systems within Municipal Office, Radha Rani Seva Sadan, UPHC-1, UPHC-2, Aheli, Totini, Balaka under Ranaghat Municipality. Last Date Of Submission of Bid : 27.08.2024. Intending bidders may download tender documents and all other Terms and Conditions from the website https://www.wbtenders.gov.in

S/D Chairman,
Ranaghat Municipality

**DUM DUM MUNICIPALITY**
44, Dr. Sailen Das Sarani, Kolkata - 700028

"DUM DUM MUNICIPALITY has published in Govt website "wbtenders.gov.in." e_tender for- "SPECIAL PURPOSE VEHICLE MOUNTED COMBINATION SUCTION CUM WASH DOWN JETTING MACHINE 4000 LTR under 15th FC" Refer etender for more details. e-NIT No / eTender Ref No: 428/DDM/GEN/24-25 Dtd 08.08.2024 published on 09/08/2024 , Last Date for Dropping Bids is 24.08.2024 and technical bid opening is 27.08.2024.

Sd/-
Chairman
Dum Dum Municipality

**NOTICE**

**Notice Inviting Tender No. 02 of 2024-2025 of Assistant Engineer, Lalbagh Sub Division, P.W.Dte. (Abridged)**

Sealed Tenders are hereby invited from the eligible Contractors in connection with the execution of works. The details are available on the Notice Board of office of the undersigned and official website of P.W.D. [www.wbpwd.gov.in]. Last date & Time limit of submission of application is **20.08.2024 upto 12:00-O-Noon.**

**Memo No. 407, Dated: 09.08.2024** of Assistant Engineer, Lalbagh Sub Division, P.W.Dte.

Sd/-
Assistant Engineer
Lalbag Sub Division, P.W.Dte.

**পূর্ব রেলওয়ে**

[illegible] ireps.gov.in -এ পাওয়া যাবে।
(ASN-143/2024-25)
[illegible]
@EasternRailway
@easternrailwayheadquarter

**Rishra Gram Panchayat**
Bamunari, Dankuni, Hooghly

**Notice Inviting e-Tender**

e-Tenders are being invited from the eligible contractor for execution of different development works under **SBM & 15th FC Fund** vide **e-Tender No.: 007/e-NIT/RIS/2024-25, Date: 09.08.2024.** Bid Submission Start Date: **09.08.2024 at 06:55 PM.** Bid Submission End Date (Online): **17.08.2024 up to 06:00 PM.** Bid Opening Date: **20.08.2024 at 11:00 AM.** For details information visit **www.wbtenders.gov.in** & undersigned GP Office.

Sd/-
Prodhan
Rishra Gram Panchayat

**ASANSOL MUNICIPAL CORPORATION**
Asansol
**NOTICE INVITING E-TENDER**

N.I.E. ET. No. 09/WS/Eng/24 Dated 09.08.2024
Visit to website **www.wbtenders.gov.in** For details, Please contact to Tender Cell. AMC.

Sd/-
Superintending Engineer
Asansol Municipal Corporation

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
( A Govt. Undertaking )
Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001

**NIeT- 76 to 84/2024-2025 Dated. 09-08-2024**

e-Tenders are invited by the Executive Engineer on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil, Electrical works at Bankura. Jhargram, North 24 PGS, Nadia, Purulia and Burdwan District. Tender document may be downloaded from. http://wbtenders.gov.in. Bid submission start date- **10-08-2024 after 9.00 am.** Bid submission end date- **27-08-2024 upto 3.00 pm**.

**Date: 09.08.2024** **Sd/- Executive Engiueer**

**e-Tender Notice**

Second calls of E-tenders for interactive flat panel, LED Projectors and split AC are invited within **16.08.2024.** For submitting e-tenders visit **www.wbtenders.gov.in**

**Sd/- Principal**
**Sammilani Mahavidyalaya, Kolkata**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Value of Work |
|---|---|---|
| WBMAD/ULB/RSM/74/24-25 Dated 09.08.2024 | Installation of 01 no of Electrical Mini Mast Light there must be LED glow sign board with name & picture of MP, Keora Pukur Sahapara at Ward Number 26, under Rajpur Sonarpur Municipality | Rs.1,07,320.00 |
| WBMAD/ULB/RSM/75/24-25 Dated 09.08.2024 | Installation of 01 no of Electrical Mini Mast Light there must be LED glow sign board with name & picture of MP, Udaypath More, Sahapara at Ward Number 20, under Rajpur Sonarpur Municipality | Rs.1,07,320.00 |
| WBMAD/ULB/RSM/76/24-25 Dated 09.08.2024 | Installation of 01 no of Electrical Mini Mast Light there must be LED glow sign board with name & picture of MP, Sunny Valley, Sahapara, at Ward Number 26, under Rajpur Sonarpur Municipality | Rs.1,07,320.00 |
| WBMAD/ULB/RSM/77/24-25 Dated 09.08.2024 | Installation of 01 no of Electrical Mini Mast Light there must be LED glow sign board with name & picture of MP, Etur Panja More, at Ward Number 28, under Rajpur Sonarpur Municipality | Rs.1,07,320.00 |

Bid Submission end date: **17.08.2024 at 11-00 hrs.** For more information please visit **http://www.wbtenders.gov.in.**

Sd/- Chairman,
Rajpur-Sonarpur Municipality

**Mogra-I Gram Panchayat**
Hansghara, Mogra, Hooghly - 712148

**Notice Inviting e-Tender**

e-Tenders & Tender are hereby invited by this office from the bonafied contractors for execution the different works. e-Tender details given below:

**E-NIT No. 460/MOG-I/24, ID: 2024_ZPHD_730992_1,**
**E-NIT No. 461/MOG-I/24, ID: 2024_ZPHD_730994_1,**
**E-NIT No. 462/MOG-I/24, ID: 2024_ZPHD_730996_1,**
**E-NIT No. 463/MOG-I/24, ID: 2024_ZPHD_730998_1,**
**E-NIT No. 464/MOG-I/24, ID: 2024_ZPHD_731000_1,**
**E-NIT No. 465/MOG-I/24, ID: 2024_ZPHD_731001_1,**
**E-NIT No. 466/MOG-I/24, ID: 2024_ZPHD_731003_1,**
**E-NIT No. 467/MOG-I/24, ID: 2024_ZPHD_731004_1.**

Last Date of Bid Submission: **22-08-2024 up to 10.30 Hrs.**

Sd/-
Pradhan,
Mogra-I Gram Panchayat

**Government of West Bengal**

**Notice Inviting Quotation No.- 02/ APD-III/DPMU-I, WBMIFMP of 2024-25**

Sealed quotations are invited by the undersigned for 1 (One) number of work from bonafide outsiders having credential of execution of similar nature of work. Last date of application for the Tender Documents is 22.08.2024 up to 16 Hrs. For details contact in office on any working day or log into **www.wbiwd.gov.in**

Sd/-
Deputy Project Director (Civil)-V
District Project Management Unit-I
Kanainatsal,Burdwan

**BIDHANNAGAR MUNICIPAL CORPORATION**
POURA BHAVAN, BIDHANNAGAR

**e-Quotation** has been invited for : **NIQ No. : 544/PWD(BMC), Dated : 08.08.2024** of Tender ID : **2024_MAD_731128_1** for **"Supply of Spare Parts for repairing of Knapsack machine for Health Deptt. under BMC"**. Last Date of Bid Submission : **21.08.2024** up to **15:00 Hrs**. Bid Opening Date : **23.08.2024** after **15:30 Hrs.** Corrigendum, if any will be published in Website & Office Notice Board only. For details, please follow **www.wbtenders.gov.in**, Office Website (**bmcwbgov.in**) & Office Notice Board.

Sd/-
Executive Engineer, Health
Bidhannagar Municipal Corporation


**খসড়া নোটিশ**

কলকাতাস্থ সিটি সিভিল কোর্টে
মহামান্য ৯ম বেঞ্চ সমীপে
টাইটেল স্যুট নং ১০৫৯-২০১১ সালের

**স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া**, ১৯৫৫ সালের স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া আইনের অধীনে কর্পোরেট সংস্থা স্থানীয় প্রধান কার্যালয়, "সমৃদ্ধি ভবন", ১, স্ট্র্যান্ড রোড, কলকাতা : ৭০০০০১ এবং অন্যান্য স্থানের সঙ্গে ব্যবসা পরিচালনকারী ঠিকানা ইনকাম ট্যাক্স বিল্ডিং শাখা, ৭৬- এ জে সি বোস রোড, থানা : তালতলা, কলকাতা : ৭০০০১৪ এবং সংস্থার অ্যাকাউন্ট রক্ষিত হয় স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, ৯-বি, এসপ্ল্যানেড রোড, (পূর্ব), থানা : হেয়ার স্ট্রিট, কলকাতা : ৭০০০৬৯।

...আবেদনকারী

বনাম

**শ্রী সোমান শাউ**, পিতা পরমেশ্বর শাউ, সাকিন : পি-৭, ওল্ড চায়না বাজার স্ট্রিট, হেয়ার স্ট্রিট, কলকাতা : ৭০০০০১।

...বিবাদি

প্রতি
**সোমান শাউ**

অনুগ্রহ করে অবগত হোন যে, আবেদনকারী ২৭.০৫.২০১১ তারিখে আপনার বিরুদ্ধে ডিক্রির অধীনে ২,১৮,৪৬৪.০০ টাকা দাবি করে এক মামলা দায়ের করেছে এবং আপনাকে সংশ্লিষ্ট এই আদালতে যথাযথভাবে নির্দেশিত আইনজীবী দ্বারা হাজির হয়ে অথবা সংশ্লিষ্ট বিষয়ে উত্তর দিতে সক্ষম ব্যক্তি মারফত সংশ্লিষ্ট মামলা সংক্রান্ত প্রশ্নেসমূহের জবাবদিহি করার জন্য ২৯ আগস্ট ২০২৪ তারিখে সকাল ১০.৩০ টায়, সংশ্লিষ্ট দাবি সম্পর্কে জবাবদিহি করার জন্য সমন জারি করা হচ্ছে এবং উপরন্তু আপনাকে আরও নির্দেশ দেওয়া হচ্ছে যে, আপনার আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি এবং উক্ত দিবসে আপনার কাছে থাকা সমুদয় নথিতথ্য যার ভিত্তিতে আপনি দাবির বিরুদ্ধে বা পাল্টা দাবি করতে পারেন, এবং আপনি অত্মপক্ষ সমর্থনের জন্য যেসকল নথি রেখেছেন, আপনার দখলে থাকা বা ক্ষমতা বা নেই, প্রামাণ্য নথি হিসেবে আপনার আত্মপক্ষ সমর্থনের জন্য বা পাল্টা দাবির জন্য বা দাবি অস্বীকারের জন্য এমন নথি সম্পাদিত হয়েছে তার তালিকা সংযুক্ত করবেন লিখিত বিবৃতির সঙ্গে।

অবগত হোন যে, সংশ্লিষ্ট তারিখে আপনার হাজিরার ব্যর্থতায় সংশ্লিষ্ট মামলার শুনানি হবে একতরফাভাবে এবং নিষ্পত্তি হবে আপনার অনুপস্থিতিতেই।

তারিখ : ০৬.০৮.২০২৪

আদেশক্রমে
তাপস বড়ুয়া
চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার
সিটি সিভিল কোর্ট, কলকাতা

**hindware**
home innovation limited

**STATEMENT OF UNAUDITED CONSOLIDATED AND STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30 JUNE 2024**

(₹ in Crore)

| Sr. No. | Particulars | Three months period ended 30 June 2024 | 31 March 2024 | 30 June 2023 | Year ended 31 March 2024 |
|---|---|---|---|---|---|
| | | Unaudited | Audited | Unaudited | Audited |
| 1 (a) | Total income from operations | 610.27 | 782.86 | 642.27 | 2,837.19 |
| 1 (b) | Earnings before interest, tax, depreciation and amortization (EBITDA) | 55.37 | 65.15 | 68.44 | 274.88 |
| 2 | Net profit from ordinary activities before tax | (0.10) | 8.30 | 16.75 | 56.74 |
| 3 | Exceptional Item | - | - | - | - |
| 4 | Net profit from ordinary activities after tax | (0.02) | 6.89 | 2.87 | 36.75 |
| 5 | Net profit for the period after tax (after extraordinary items) | (0.02) | 6.89 | 2.87 | 36.75 |
| 6 | Share in profit/(loss) after tax of joint ventures/associates | (3.89) | (4.16) | (2.20) | (9.12) |
| 7 | Net profit after tax and share in profit/(loss) of joint ventures | (3.91) | 2.73 | 0.67 | 27.63 |
| 8 | Other comprehensive income/(expenditure)(net of tax) | (0.02) | 0.34 | (0.14) | (0.08) |
| 9 | Total comprehensive income | (3.93) | 3.07 | 0.53 | 27.55 |
| 10 | Equity share capital | 14.46 | 14.46 | 14.46 | 14.46 |
| 11 | Reserves (excluding revaluation reserve/business reconstruction reserve) as shown in the audited balance sheet of the previous year | - | - | - | 583.37 |
| 12 | Earning per share(before extraordinary items) (of ₹ 2/- each ) (not annualized) | | | | |
| | (a) Basic (₹) | (0.48) | 2.27 | 0.42 | 6.61 |
| | (b) Diluted (₹) | (0.48) | 2.27 | 0.42 | 6.61 |
| 13 | Earning per share(after extraordinary items) (of ₹2/- each ) (not annualized) | | | | |
| | (a) Basic (₹) | (0.07) | (1.97) | (0.33) | (3.05) |
| | (b) Diluted (₹) | (0.07) | (1.97) | (0.33) | (3.05) |

**KEY STANDALONE FINANCIAL INFORMATION** (₹ in Crore)

| Sr. No. | Particulars | Three months period ended 30 June 2024 | 31 March 2024 | 30 June 2023 | Year ended 31 March 2024 |
|---|---|---|---|---|---|
| | | Unaudited | Audited | Unaudited | Audited |
| 1 | Total income from operations | 113.38 | 112.37 | 148.32 | 487.30 |
| 2 | Profit before tax | (7.44) | (40.81) | 18.09 | (53.55) |
| 3 | Profit after tax | (5.35) | (27.87) | 11.38 | (35.99) |

Notes:
(1) The Audit Committee has reviewed these results and the Board of Directors have approved the above results and its release at their respective meetings held on 9 August 2024. The statutory auditors of the Company have also carried out the limited review of the above results.
(2) The above is an extract of the detailed format of unaudited financial results for the quarter ended 30 June 2024 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the unaudited financial results for the quarter ended 30 June 2024 are available on the Stock Exchange websites (www.bseindia.com and www.nseindia.com) and on the Company's website "www.hindwarehomes.com".

Place: Gurugram
Date: 9 August 2024

**Sandip Somany**
Chairman and Non-Executive Director

**Hindware Home Innovation Limited**
Regd. Office: 2, Red Cross Place, Kolkata-700 001 | Tel: 033-22487407/5668
Website: www.hindwarehomes.com | www.hindware.com | Email: investors@hindwarehomes.com | CIN : L74999WB2017PLC222970

# নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড

CIN: L92419WB1989PLC046487
**রেজিস্টার্ড অফিস :** "ঝিল মিল" সেক্টর-৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ই-মেল : niccopark@niccoparks.com, ওয়েবসাইট : www.niccoparks.com

**৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

(লক্ষ টাকায়)

| | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন: ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ | কনসোলিডেটেড: ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.০৩.২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| | (উল্লেখ্য নীচের দ্রষ্টব্য) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) |
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ২৪৭৪.৩৪ | ১৮৩২.৩৫ | ২৬৭৬.৭৭ | ২৪৭৪.৩৪ | ১৮৩২.৩৫ | ২৬৭৬.৭৭ |
| ২. | নিট লাভ(+)/ক্ষতি(-) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব) | ১০২৯.৩০ | ৪৮০.৫১ | ১৩৯৬.৮২ | ১১৯৬.২২ | ৬৫৪.৫৬ | ১৫০৫.৪৯ |
| ৩. | নিট লাভ(+)/ক্ষতি(-) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ১০২৯.৩০ | ৪৮০.৫১ | ১৩৯৬.৮২ | ১১৯৬.২২ | ৬৫৪.৫৬ | ১৫০৫.৪৯ |
| ৪. | নিট লাভ(+)/ক্ষতি(-) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৭৪৯.৭৭ | ৩৫৯.৭৮ | ১০০১.০৭ | ৮৭৮.৫০ | ৪৯৪.০১ | ১০৮৪.৮৮ |
| ৫. | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)] | ৭১৫.২৭ | ৩৫১.২১ | ৯৭৯.৩২ | ৮৬১.৩৭ | ৪৭০.৪৭ | ১১৩৪.৯৫ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন (ফেসভ্যালু ১/- টাকা প্রতি শেয়ার) | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ |
| ৭. | অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) বিগত গণনা বর্ষের উদ্বর্তপত্রে দর্শিত পুনর্মূল্যায়ণ ব্যতীত মজুত | ৬৮৩৭.৫৫ ৩১.০৩.২০২৪ তারিখে | ৫৫৭৮.৭৩ ৩১.০৩.২০২৩ তারিখে | ৫৫৭৮.৭৩ ৩১.০৩.২০২৩ তারিখে | ৮৮৮৮.১৬ ৩১.০৩.২০২৪ তারিখে | ৭০৪৫.৩২ ৩১.০৩.২০২৩ তারিখে | ৭০৪৫.৩২ ৩১.০৩.২০২৩ তারিখে |
| ৮. | শেয়ার প্রতি আয় সময়কালের জন্য (ফেস ভ্যালু ১/- টাকা প্রতিটি) - মূল এবং মিশ্রিত (বার্ষিকীকৃত নয়) | ১.৬০ | ০.৭৭ | ২.১৪ | ১.৮৮ | ১.০৬ | ২.৩২ |

**দ্রষ্টব্য :**

১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জেস ওয়েবসাইট সমূহ (www.bseindia.com এবং www.cse-india.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.niccoparks.com) -তে।

২. ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং তারপর পরিচালন পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ৯ অগস্ট, ২০২৪ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় নথিভুক্ত হয়েছে। বিধিবদ্ধ নিরীক্ষকেরা ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য উপরোক্ত আর্থিক ফলাফলের একটি সীমিত পর্যালোচনাও করেছেন।

৩. ক) পার্কের এফ অ্যান্ড বি এবং অন্যান্য আমোদ প্রমোদজনক কার্যাবলী বদলি মরশুমের উপর নির্ভরশীল
খ) রাইডসের মন্ত্রণা, চুক্তি ও অংশাদি বিক্রি ও পরিবর্তন সাপেক্ষ যা চুক্তি সংখ্যার উপর নির্ভরশীল।

৪. ২০২৪-২৫ অর্থবর্ষের জন্য একটি অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ৩৫% (১ টাকার ফেসভ্যালুর উপর পঁয়ত্রিশ পয়সা) হারে পরিচালনা পর্ষদ তার উপরোক্ত সভায় অনুমোদন করেছে।

৫. ২৩ ফেব্রুয়ারি, ১৯৯০ তারিখের জয়েন্ট সেক্টর এগ্রিমেন্ট ("জেএসএ") অনুসারে দ্য ন্যাশনাল ইনসুলেটেড কেবল কোম্পানি অফ ইন্ডিয়া লিমিটেড (বর্তমানে নিক্কো কর্পোরেশন লিমিটেড নামে পরিচিত - এনসিএল লিকুইডেশনের অধীনে), ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিটিডিসি) এবং ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিআইডিসি) এর মধ্যে সম্পাদিত হয়েছিল, কোম্পানির জমি যেটিতে অ্যামিউজমেন্ট পার্ক এবং এফএন্ডবি এবং অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কোম্পানিকে ৩৩ বছরের জন্য উপলব্ধ করা হয়েছে আরও দুটি মেয়াদের জন্য পুনর্নবীকরণ ধারা শর্ত সহ। এনসিএল-এর বিরুদ্ধে লিকুইডেশন প্রক্রিয়ার ভিত্তিতে, তাদের হাতে থাকা কোম্পানির শেয়ার হস্তান্তর করা হয়েছে এবং এর ফলে, এতে উল্লেখিত জেএসএ অকার্যকর এবং নিষ্ক্রিয় হয়ে পড়েছে। অধিকন্তু, পশ্চিমবঙ্গ রাজ্যের গভর্নর এবং কোম্পানির মধ্যে ৫ জুলাই, ১৯৯১ তারিখের চুক্তির মাধ্যমে ৩৩ বছরের ইজারার প্রথম মেয়াদ ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ -এ শেষ হয়েছে যা সেই তারিখ থেকে পুনর্নবীকরণের জন্য রয়েছে। তদনুসারে, যথাসময়ে এর ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য উপরোক্ত চুক্তিগুলিকে আনুষ্ঠানিক করার পদক্ষেপ নেওয়া হয়েছে। ইজারা চুক্তি পুনর্নবীকরণের জন্য প্রয়োজনীয় আবেদন পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের সাথে ১১ অক্টোবর, ২০২২ তারিখের চিঠির মাধ্যমে করা হয়েছে, যা এই তারিখ পর্যন্ত কার্যকর করার জন্য মুলতুবি রয়েছে। ব্যবস্থাপনার দ্বারা বলা হয়েছে, এটি সক্রিয় বিবেচনাধীন রয়েছে এবং এর মেয়াদ বাড়ানো হবে বলে আশা করা হচ্ছে। উপরে গৃহীত পদক্ষেপগুলির মুলতুবি ফলাফল, অপারেশন এবং সম্পর্কিত ব্যবস্থাগুলিকে চলমান হিসাবে বিবেচনা করা হয়েছে এবং উদ্বেগের ভিত্তিতে স্বতন্ত্র আর্থিক বিবৃতি তৈরি করা অব্যাহত রয়েছে।

৬. পূর্ববর্তী বর্ষের/সময়ের সংখ্যাগুলিকে যেখানে প্রয়োজন সেখানে পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে চলতি সময়কালে।

স্থান: কলকাতা
তারিখ: ০৯ অগস্ট, ২০২৪

বোর্ড অফ ডিরেক্টরসের পক্ষে
রাজেশ রায়সিংহানি
ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও
(DIN : 07137479)

# এশিয়ান হোটেলস (ইস্ট) লিমিটেড

**CIN - L15122WB2007PLC162762**
রেজিঃ অফিস : হায়াৎ রিজেন্সি কলকাতা, জেএ-১, সেক্টর-৩, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ১০৬

**৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের (কিউ১) কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায়, শেয়ার এবং শেয়ার প্রতি ডেটা ব্যতীত)

| ক্র. নং | বিবরণ | কনসোলিডেটেড: ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ২,২৪৬.৭০ | ১০,৮৪৬.৮২ | ২,১৮৯.১৭ |
| ২. | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য ব্যতিক্রমী দফা ও কর পূর্ব | ৭২.০৮ | ৩,৪৩৮.১৫ | ৩৮০.৫১ |
| ৩. | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৭২.০৮ | ৪,২৫৩.৬৯ | ৩৮০.৫১ |
| ৪. | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | (৩৮.৬২) | ৩,১৭০.৭২ | ২৮৩.০৪ |
| ৫. | মোট ব্যাপক আয় সময়কালের জন্য | (৩৮.৯২) | ৩,১৬৯.৫৪ | ২৮৫.৪২ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন | ১,৭২৯.১৭ | ১,৭২৯.১৭ | ১,৭২৯.১৭ |
| ৭. | অন্যান্য ইক্যুইটি (উর্দ্বর্তপত্রে প্রদর্শিত পূর্ববর্তী বছরের পুনর্মূল্যায়ন ব্যতীত) | ২১,২৬০.৬২ | ২১,২৯৯.৫৪ | ১৮,৮৪৭.৭০ |
| ৮. | শেয়ার প্রতি আয় সময়কালের জন্য বিশেষ কার্যাদি পরবর্তী (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটি) | | | |
| | মূল : | (০.২২) | ১৮.৩৪ | ১.৬৪ |
| | মিশ্রিত : | (০.২২) | ১৮.৩৪ | ১.৬৪ |

দ্রষ্টব্য -
১. স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের মুখ্য সংখ্যা নিম্নরূপ : (লক্ষ টাকায়)

| বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন: ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত) |
|---|---|---|---|
| কার্যাদি থেকে মোট আয় (নিট) | ২,২৪৬.৭০ | ১০,৮৪৬.৮২ | ২,১৮৯.১৭ |
| কর পূর্ব সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) | ৪৩১.৩৮ | ৩,৮৫৪.৪৪ | ৩৮২.০৮ |
| কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) | ৩২০.৬৮ | ২,৮৭৩.৭৮ | ২৮৪.৬১ |
| মোট ব্যাপক আয় | ৩১৩.২৩ | ২,৮৭২.৫৯ | ২৮৬.৯৯ |

২. উপরোক্তটি ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (কিউ১)-এর কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ যা সেবি লিস্টিং রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.ahleast.com -তেও পাওয়া যাবে।

৩. ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (কিউ১)-এর স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং তারপর পরিচালন পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে তাদের ৯ অগস্ট, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায়।

৪. বর্তমান সময়ের শ্রেণিবিন্যাস নিশ্চিত করার জন্য যেখানে প্রয়োজন সেখানে পূর্ববর্তী সময়ের পরিসংখ্যান পুনরায় একত্রিত করা হয়েছে।

পরিচালন পর্ষদের আদেশ অনুসারে
এশিয়ান হোটেলস (ইস্ট) লিমিটেড-এর পক্ষে
স্বা/-
জয়েন্ট ম্যানেজিং ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ৯ অগস্ট, ২০২৪




EKDIN, VOL. 18, ISSUE NO. 62, KOLKATA, SATURDAY
10 AUGUST 2024, PAGE 8

কলকাতা ১০ অগস্ট ২০২৪

# এখনো তিন সংস্করণে খেলতে চান সূর্যকুমার



**নিজস্ব প্রতিনিধি:** টেস্ট খেলেছেন মাত্র ১টি। গত বছরের ফেব্রুয়ারিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে খেলা সেই টেস্টে এক ইনিংস ব্যাটিং করে রান করেছিলেন ৮। সূর্যকুমার যাদব এরপর দল থেকে বাদ পড়েন।

২০২৩ ওয়ানডে বিশ্বকাপেও ব্যাট হাতে ব্যর্থ হওয়ায় সূর্যকে টি-টোয়েন্টি সংস্করণের ক্রিকেটার হিসেবেই ধরে নিয়েছেন সবাই। তিনিও এই সংস্করণে দারুণ করছেন। দিচ্ছেন ভারতের নেতৃত্ব। তবে ৩৩ বছর বয়সী সূর্য এক সংস্করণ নিয়েই সন্তুষ্ট নন। খেলতে চান সব সংস্করণেই। সেই লক্ষ্যে চলতি মৌসুমে ঘরোয়া ক্রিকেটের লাল বলের টুর্নামেন্টগুলোয় বাড়তি গুরুত্বও দিচ্ছেন সূর্যকুমার।

সে কারণে মুম্বাইয়ের হয়ে বুচিবাবু আমন্ত্রণমূলক ক্রিকেট টুর্নামেন্টেও খেলতে চান তিনি। সূর্যকুমার নির্বাচকদের জানিয়েছেন, প্রথম শ্রেণির এই টুর্নামেন্টের দ্বিতীয় অংশে খেলবেন তিনি। সূর্যকুমার এই টুর্নামেন্টে খেলবেন সরফরাজ আহমেদের অধীন। তিনি নিজেই দলের নেতৃত্ব না নেওয়ার কথা নির্বাচকদের বলেছেন। ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, ২৭ আগস্ট জম্মু-কাশ্মীরের বিপক্ষে ম্যাচে খেলতে পারেন সূর্যকুমার।

সম্প্রতি পূর্ণ মেয়াদে ভারতের টি-টোয়েন্টি দলের দায়িত্ব নিয়েছেন সূর্যকুমার যাদব। তাঁর নেতৃত্বে শ্রীলঙ্কার বিপক্ষে ৩-০ ব্যবধানে সিরিজ জিতেছে ভারত। তবে ওয়ানডে দলে ছিলেন সূর্যকুমার। এ মুহূর্তে ভারতীয় নির্বাচকদের ওয়ানডের পরিকল্পনাতে যে সূর্যকুমার নেই, সেটা নির্বাচক কমিটির প্রধান অজিত আগারকার অনেকটা স্পষ্ট করেছেন। অক্টোবরে বাংলাদেশ সিরিজের আগে টি-টোয়েন্টি নেই ভারতের। মূলত এই সময়টা কাজে লাগিয়ে টেস্টে ফেরার দিকে চোখ দিচ্ছেন সূর্যকুমার।

সূর্যকুমার সর্বশেষ প্রথম শ্রেণির ম্যাচ খেলেছেন দুলীপ ট্রফিতে, ২০২৩ সালের জুলাইয়ে। সব মিলিয়ে ৮২টি প্রথম শ্রেণির ম্যাচে সূর্য রান করেছেন ৪৩.৬২ গড়, মোট রান ৫৬২৮। আছে ২৯টি ফিফটির সঙ্গে ১৪টি শতক।

# কলকাতা লিগে আবার জয় ইস্টবেঙ্গলের ইস্টার্ন রেলকে তিন গোলে হারাল লাল-হলুদ



**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা লিগে আবার জয় ইস্টবেঙ্গলের। শুক্রবার নিজেদের মাঠে তারা ইস্টার্ন রেলকে ৩-০ গোলে হারাল। সাত ম্যাচে ১৯ পয়েন্ট হল লাল-হলুদের। কলকাতা লিগের সুপার সিক্সে ওঠার দৌড়ে ভাল ভাবেই থাকল তারা।

দীর্ঘ দিন পরে কলকাতা লিগে খেলতে নেমেছিল ইস্টবেঙ্গল। মাঝে দলের বেশির ভাগ ফুটবলারই লন্ডনে গিয়েছিলেন নেক্সট জেন কাপে খেলতে। তাঁরা সকলেই ফিরেছেন। রেলের বিরুদ্ধে ইস্টবেঙ্গলের প্রথম গোল ৩৩ মিনিটে। নিজেদের মধ্যে বোঝাপড়ার সুযোগ কাজে লাগিয়ে গোল করে তারা। মাঝমাঠ থেকে হীরা মণ্ডল পাস দেন মুশারফকে। বক্সে ঢুকে বাঁ পায়ের টোকায় বিপক্ষের এক ডিফেন্ডারকে কাটিয়ে ডান পায়ের শটে গোল করেন মুশারফ।

দ্বিতীয় গোলটি হয় প্রথমার্ধের শেষ দিকে। বিপক্ষের বক্সের আশেপাশে ইস্টবেঙ্গলের ফুটবলারেরা নিজেদের মধ্যে পাস খেলে আক্রমণ তৈরি করার চেষ্টা করছিলেন। এমন সময় মনোতোষ চাকলাদারের সঙ্গে দ্রুত পাস খেলে বক্সের বাইরে থেকে নিখুঁত শটে গোল করেন আমন।

তৃতীয় গোল আসে সুমন এবং জেসিনের যুগলবন্দিতে। নিজেদের অর্ধ থেকে সুমন লম্বা থ্রো ভাসিয়েছিলেন বিপক্ষের অর্ধে। সেই বল ধরে জেসিন উঠে যান। বিপক্ষের বক্সে গিয়ে এক ডিফেন্ডারকে কাটিয়ে বাঁ পায়ের মাপা শটে গোল করেন তিনি। প্রথমার্ধে কয়েকটি সুযোগ নষ্ট করলেও দ্বিতীয়ার্ধে নিজের প্রতিভার পরিচয় দেন।

# অলিম্পিকের টেবিল টেনিসে যখন ভাই-বোনের রাজত্ব





**নিজস্ব প্রতিনিধি:** প্যারিস অলিম্পিকে অংশ নিচ্ছে ৩২টি পুরুষ ও নারী দল। স্বাভাবিকভাবেই দেশকে প্রতিনিধিত্ব করার ব্যাপারটাই আগে। তবে এসব দলে এমন কজন আছেন, যাঁদের কাছে পরিবারের প্রতিনিধিত্ব করাটাও একটা ব্যাপার।

এবারের অলিম্পিকে টেবিল টেনিসে অংশ নিচ্ছেন ৯৬ জন অ্যাথলেট। এর মধ্যে কমপক্ষে আট জোড়া ভাইবোন আছেন। শীর্ষ পর্যায়ের কোনো খেলায় স্বাভাবিকভাবেই এ অনুপাত চোখে পড়ার মতো।

তাঁদের মধ্যে কেউ এসেছেন পরিবারে প্রোথিত যে টেবিল টেনিসের ঐতিহ্য, সেটি ধরে রাখ তে। কারও জন্য আবার বড় ভাই বা বোন অনুপ্রেরণা। একসঙ্গে সময় কাটানোর ব্যাপারটিও আছে। তাঁদের মধ্যে ফ্রান্সের অ্যালেক্সিস ও ফেলিক্স লেব্রুনকে অনেকেই চেনেন। একে অন্যকে প্রায়ই কোর্ট ও কোর্টের বাইরে উৎসাহ দিতে দেখা যায়।

ফেলিক্স এবার সিঙ্গেলসে ব্রোঞ্জ পেয়েছেন। পদক নিশ্চিত হওয়ার পরই ভাইয়ের কাছে ছুটে যাওয়া ১৭ বছর বয়সী ফেলিক্স বলেন, ‘টেবিল টেনিস আমাদের পারিবারিক খেলা। এটা সব সময়ই আমাদের পরিবারের অংশ ছিল।’

ফেলিক্স ও অ্যালেক্সিসের বাবা ছিলেন ফ্রেঞ্চ চ্যাম্পিয়ন। তাঁদের চাচাও খেলেছেন অলিম্পিকে। সেই ফেলিক্সের হাত ধরে এল ২০০০ সালের পর টেবিল টেনিসে ফ্রান্সের প্রথম কোনো পদক। ফেলিক্স বলেছেন, ‘আমার ভাইয়ের সঙ্গে এখ ানে থাকতে পারাটা স্বপ্নের মতো।’

সিঙ্গেলসের ব্রোঞ্জপদক ম্যাচের আগে ফেলিক্স স্নায়ুচাপে ভুগছিলেন। সে সময় পেয়েছেন ভাইয়ের সহায়তা। ব্রাজিলের হুগো কালদেরানোর সঙ্গে ছিল ফেলিক্সের ম্যাচ, অ্যালেক্সিস তাঁর কাছেই হেরে বাদ পড়েছিলেন সিঙ্গেলসে। ভাইয়ের অনুপ্রেরণা যে কাজে লেগেছে, তা তো বলাই যায়।

সুইডেনের অ্যান্টন কালবার্গ ও ছোট বোন ক্রিস্টিনা;দুজনের জন্যই এটি একসঙ্গে দ্বিতীয় অলিম্পিক। কালবার্গের টেবিল টেনিসে আসার সিদ্ধান্তের পেছনে বড় নিয়ামক ছিল পরিবারের প্রভাব। তিনি বলেছেন, ‘আমার মা,বাবা বড় একটা ভূমিকা রেখেছেন। বাবা, মা, এমনকি আমার চাচা-দাদারাও একটু করে খেলতেন। ফলে বলা যায়, আমার টেবিল টেনিসে আসা ছাড়া উপায়ই ছিল না কোনো!’

অবশ্য সবাই যে পরিবার থেকে অনুপ্রেরণা পেয়েছেন, তা নয়। ব্রাজিলের ১৯ বছর বয়সী গুইলিয়া টাকাহাশির জন্য যেমন এ কাজ করেছিলেন তাঁর পাঁচ বছরের বড় বোন ব্রুনা। সেই বোনের সঙ্গে অলিম্পিকে আসা তাঁর কাছে স্বপ্নপূরণের মতোই। টাকাহাশি বলেছেন, ‘আমি তার জন্যই খেলি। ছয় বছর বয়সে তাকে দেখে মনে হয়েছিল, কেন নয়! এরপর খেলা শুরু করলাম। এখন তো এটিই জীবন।’

ভাই বা বোনের সঙ্গে খেলার আরেকটি দিকও আছে। দুজন যখন মুখোমুখি দাঁড়িয়ে যান! ফেলিক্স ও অ্যালেক্সিস যেমন দলগত ইভেন্টে সতীর্থ হলেও সিঙ্গেলসে প্রতিপক্ষ বনে যান। ফেলিক্সের র‍্যাঙ্কিং ভালো হলেও এ ক্ষেত্রে আবার অ্যালেক্সিসের রেকর্ডটা ভালো।

আবার দুজন দুই লিঙ্গশ্রেণিতে থাকলেও একজনের পারফরম্যান্স চাপ ফেলতে পারে আরেকজনের ওপর। জাপানের টোমোকাজু হারিমোটো যেমন বলেছেন, ‘বড়জনের জন্য যদি ব্যাপারটি ঠিকঠাক হয়, তাহলে তো হলোই, না হলে নেই। কিন্তু ছোটদের ওপর মনোযোগটা বেশি থাকে, পারফর্ম করার চাপও।’

হারিমোটোর ১৬ বছর বয়সী বোন মিওয়ার এবার অলিম্পিক অভিষেক হয়েছে। ছোট বোনের চাপটা বুঝতে পারেন হারিমোটো, ‘বোনের প্রতি অনেক সম্মান আমার। সে অনেক চাপের মধ্যে পড়ে, এরপরও সেরাটি দেয়। উন্নতি করে ক্রমাগত।’

আপাতত পরিকল্পনা না থাকলেও বোনের সঙ্গে ভবিষ্যতে অলিম্পিকে মিশ্র দ্বৈতে খেলতে পারাটা বিশেষ কিছু হবে বলে মনে করেন হারিমোটো।

ভাই,বোন পাশে থাকলে আরেকটা সুবিধাও আছে। ব্রাজিলের ১৯ বছর বয়সী টাকাহাশি যেমন অলিম্পিক ভিলেজে ২৪ বছর বয়সী বোন ব্রুনার সঙ্গেই থাকছেন। হাসতে হাসতে তিনি বলেছেন, ‘বাড়ির মতোই, যা ইচ্ছা তা,ই করতে পারি। সে আমার যত্ন নেয়, প্রতিদিন ঘুম থেকে ডেকে দেয়।’

এ ব্যাপারে তাঁদের মা,বাবা কী ভাবেন? এমন প্রশ্নের জবাবে ব্রুনা বলেছেন, ‘সমস্যা দ্বিগুণ তাদের, গর্বটাও।’

# অলিম্পিকে কেন স্যামসাংয়ের ফোন দেওয়া হয়নি উত্তর কোরিয়ার অ্যাথলেটদের

**নিজস্ব প্রতিনিধি:** এবারের অলিম্পিকে অংশগ্রহণকারী দেশগুলোকে দেওয়া হয়েছে স্যামসাংয়ের বিশেষ স্মার্টফোন। তবে উত্তর কোরিয়ার অ্যাথলেটদের এই ফোন দেওয়া হয়নি বলে জানিয়েছে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি)। দক্ষিণ কোরিয়ার পক্ষ থেকে আইওসিকে দেওয়া পরামর্শের পরিপ্রেক্ষিতে উত্তর কোরিয়ার অ্যাথলেটদের বিশেষ এই ফোনটি দেওয়া থেকে বিরত থাকার কথা বলা হয়েছে। জানা গেছে, উত্তর কোরিয়ার অ্যাথলেটদের এই ফোন



দেওয়া হলে দেশটির ওপর জাতিসংঘের দেওয়া পারমাণবিক অস্ত্রবিষয়ক নিষেধাজ্ঞা ভঙ্গ হতে পারত।

দক্ষিণ কোরিয়ার বৃহত্তম ব্যবসায়িক প্রতিষ্ঠান স্যামসাং এবারের অলিম্পিকের অফিশিয়াল পার্টনার। যে কারণে স্যামসাং ইলেকট্রনিকসের তৈরি অলিম্পিক সংস্করণের বিশেষ স্মার্টফোন (ফোল্ডঅ্যাবল গ্যালাক্সি জেড ফ্লিপ) অংশ নেওয়া ১৭ হাজার অ্যাথলেট, কর্মকর্তা ও অলিম্পিক-সংশ্লিষ্ট ব্যক্তিদের উপহার দেওয়ার সিদ্ধান্তও নেওয়া হয়। এর মাধ্যমে কোম্পানিটি এবং আইওসি প্রচারণামূলক ‘ভিক্টরি-সেলফি’র কার্যক্রমও শুরু করেছে। যেখানে এই ফোন দিয়ে পোডিয়ামে দলগতভাবে ছবি তোলেন পদকজয়ী অ্যাথলেটরা।

গত সপ্তাহে টেবিল টেনিসে রুপাজয়ী অ্যাথলেটরা এ রকম একটি গ্রুপ সেলফিতে অংশ নেন। সেখানে একই সঙ্গে দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়ার অ্যাথলেটরা অংশ নেন। দুই কোরিয়ার এই বিরল সম্মিলনের দৃশ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরালও হয়। তবে এই দৃশ্য দেখে সতর্কাবস্থা গ্রহণ করে দক্ষিণ কোরিয়া। দেশটির সরকার গত বৃহস্পতিবার আইওসিকে জানায়, উত্তর কোরিয়ার অলিম্পিয়ানদের স্যামসাং ফোন দিলে তা পিয়ংইয়ং ওয়েপন প্রোগ্রামকে কেন্দ্র করে দেওয়া জাতিসংঘের নিষেধাজ্ঞার নিয়মকে ভঙ্গ করবে।

এ কারণে অন্য অ্যাথলেটরা স্যামসাংয়ের বিশেষ ফোন পেলেও উত্তর কোরিয়ার অ্যাথলেটরা পাননি। শুরুতে অবশ্য যুক্তরাষ্ট্রের অর্থায়নে পরিচালিত রেডিও ‘ফ্রি এশিয়া’ জানায়, অন্য দেশের মতো উত্তর কোরিয়ার অ্যাথলেটরাও এই ফোন পেয়েছেন। তবে আইওসি বার্তা সংস্থা এএফপিকে জানায়, উত্তর কোরিয়ার অ্যাথলেটদের স্যামসাংয়ের কোনো ফোন দেওয়া হয়নি। আইওসি অবশ্য বিষয়টি নিয়ে বিস্তারিত কিছু জানায়নি। এর আগে ২০১৮ সালে দক্ষিণ কোরিয়ার পিয়ংচ্যাংয়ে আয়োজিত শীতকালীন অলিম্পিকেও স্যামসাং স্মার্টফোন নিতে অস্বীকৃতি জানায় উত্তর কোরিয়া।

উল্লেখ্য, এ বছর দুই কোরিয়ার মধ্যকার সম্পর্ক বেশ তলানিতে নেমে এসেছে। বিশেষ করে উত্তর কোরিয়া নিজেদের দক্ষিণ সীমান্তে ২৫০টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র লঞ্চার মোতায়েনের ঘোষণার পর থেকে বেড়েছে উত্তাপ। এদিকে পারমাণবিক অস্ত্রে সজ্জিত এবং বিচ্ছিন্ন উত্তর কোরিয়াকে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রযুক্তি ব্যবহারের ব্যাপারে জাতিসংঘ একাধিকবার নিষেধ করেছে।

# মনুকে ৩০ লাখ ক্রীড়ামন্ত্রীর, আর কত টাকা পেতে পারেন পদকজয়ী শুটার




**নিজস্ব প্রতিনিধি:** ভারতের প্রথম খে লোয়াড় হিসাবে একই অলিম্পিক্সে একাধিক পদক জিতেছেন মনু ভাকের। তৃতীয় পদক অল্পের জন্য হাতছাড়া হলেও জোড়া সাফল্যেই ক্রীড়াপ্রেমীদের মন জিতে নিয়েছেন ২২ বছরের শুটার। তাঁকে ঘিরে বিজ্ঞাপনের বাজারেও তুঙ্গে আগ্রহ।

মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল এবং ১০ মিটার এয়ার পিস্তলের মিক্সড ইভেন্টে ব্রোঞ্জ পেয়েছেন মনু। মহিলাদের ২৫ মিটার পিস্তল ইভেন্টে শেষ করেন চতুর্থ স্থানে। ভারতের ক্রীড়া ইতিহাসে তাঁর নজির বিহীন সাফল্য পাওয়ায় তাঁকে দেওয়া হয়েছে বিশেষ সম্মান। প্যারিস অলিম্পিক্সের সমাপ্তি অনুষ্ঠানে তিনি ভারতের অন্যতম পতাকা বাহক হিসাবে মনোনিত হয়েছেন।

প্যারিস থেকে কয়েক দিন আগে কোচ যশপাল রানার সঙ্গে দেশে ফিরেছেন মনু। দেশে ফেরার পর কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী মনসুখ মাণ্ডবীয়র সঙ্গে দেখা করতে গিয়েছিলেন মনু। নিজের দফতরে জোড়া পদকজয়ী শুটারকে সংবর্ধনা দিয়েছেন মাণ্ডবীয়। দিয়েছেন ৩০ লাখ টাকার চেকও।

ক্রীড়ামন্ত্রকের পুরস্কারেই শেষ নয়। অন্তত ৪০টি বাণিজ্যিক সংস্থা তাদের বিজ্ঞাপনের মুখ হিসাবে পেতে চায় মনুকে। কয়েকটি সংস্থা প্রথমিক কথাও বলেছে তাঁর সঙ্গে। কয়েকটি সংস্থা কোটি টাকার বেশি দেওয়ার প্রস্তাব দিয়েছে। কিছু সংস্থা আবার যে কোনও মূল্যে বিজ্ঞাপনের মুখ হিসাবে মনুকে পেতে চায়।

মনু আবার প্যারিস যাবেন অলিম্পিক্সের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দিতে। তার পর দেশে ফিরে আগ্রহী সংস্থাগুলির সঙ্গে চুক্তি চূড়ান্ত করতে পারেন। সূত্রের খবর, বিজ্ঞাপনের চুক্তি থেকে বেশ কয়েক কোটি টাকা পেতে পারেন মনু।

# দেশে ফিরে সংবাদ সম্মেলনে অজ্ঞান কোরিয়ার ভাইরাল শুটার



**নিজস্ব প্রতিনিধি:** প্যারিস অলিম্পিকে আত্মবিশ্বাস এবং শুট করার স্টাইল ও বেশভূষার জন্য বিশ্বব্যাপী আলোচিত হন দক্ষিণ কোরিয়ার পিস্তল শুটার কিম ইয়ে, জি। দেশে ফিরে এক সংবাদ সম্মেলনে অজ্ঞান হয়ে পড়ায় সেই কিমকে হাসপাতালে নেওয়া হয়েছে।

প্যারিসে গত সপ্তাহে মেয়েদের ১০ মিটার এয়ার পিস্তলে রুপা জেতেন ৩১ বছর বয়সী কিম। শুটিং রেঞ্জে তাঁর অনেক বেশি ধীরস্থির হাবভাব, বিশেষ একধরনের চশমা আর বেসবল ক্যাপ মিলিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ও অনলাইনে দ্রুতই পরিচিত পান ইয়ে-জি। খ্যাতিমান অনেকেই তাঁর প্রশংসা করেন। তাঁদের মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যম ‘এক্স’,এর মালিক ইলন মাস্কও আছেন।

স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, সংবাদকর্মীদের সঙ্গে কথা বলার সময় অজ্ঞান হয়ে পড়ে যান কিম। এরপর তাঁকে হাসপাতালে নেওয়া হয়। দক্ষিণ কোরিয়ার ইমসিল কাউন্টির এক মুখপাত্র বার্তা সংস্থা এএফপিকে বলেছেন, কিম ‘সুস্থ’ হয়ে উঠেছেন এবং তাঁকে জিওনজু শহরের একটি জেনারেল হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। ইমসিলের উত্তরাঞ্চল থেকে শহরটি ২৯ কিলোমিটার দূরে অবস্থিত।

সেই মুখপাত্র বলেছেন, ‘জরুরি সেবার কর্মীরা জানিয়েছেন, তাঁর এখ ন আর গুরুতর চিকিৎসাসেবার প্রয়োজন নেই।’

কিমের কোচ কুয়াক মিন,সু স্থানীয় সংবাদকর্মীদের জানিয়েছেন, তাঁর বড় কোনো স্বাস্থ্যগত কোনো সমস্যা নেই। তবে গত জুলাইয়ের মাঝামাঝি সময় থেকে ঠাসা সূচির কারণে ‘অ্যাকুমুলেটেড ফ্যাটিগ’ সমস্যায় ভুগছেন কিম। এ সমস্যায় স্বাভাবিক বিশ্রামেও ক্লান্তি কাটিয়ে ওঠা যায় না।

প্যারিস অলিম্পিকে রুপা জয়ের পর কিমের একটি ভিডিও ভাইরাল হয়। সেটি অবশ্য গত মে মাসে অনুষ্ঠিত বাকু বিশ্বকাপের। কিছু সমর্থক সেই ভিডিও এডিটও করেছেন। কে,পপ মিউজিকের জন্য বেশ জনপ্রিয়তা পেয়েছে সেই ভিডিও। কিমকে নিয়ে মিমও বানানো হয়েছে প্রচুর।

এবার ২৫ মিটার এয়ার পিস্তলে সোনা জয়ে ফেবারিট ছিলেন কিম। কিন্তু বাছাইপর্বে ভুল করে বসেন। বেঁধে দেওয়া তিন সেকেন্ড সময়ের মধ্যে শট নিতে না পারায় চূড়ান্ত পর্বে উত্তীর্ণ হতে পারেননি। সমর্থকদের হতাশ করার জন্য ক্ষমাও চান তিনি।

# বাংলাদেশের বিপক্ষে টেস্ট দিয়ে ফিরবেন শামি



**নিজস্ব প্রতিনিধি:** অ্যাঙ্কেলের চোট থেকে সেরে ওঠার পথে থাকা মোহাম্মদ শামি বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজ দিয়ে ফিরবেন বলে আশা করছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। দুটি টেস্ট ও তিনটি টি-টোয়েন্টি খেলতে আগামী সেপ্টেম্বরে ভারত সফরে যাবে বাংলাদেশ দল। চেন্নাইয়ে সিরিজের প্রথম টেস্ট শুরু ১৯ সেপ্টেম্বর। ওই ম্যাচ দিয়েই দীর্ঘ ১০ মাস পর আবার খেলতে দেখা যেতে পারে ৩৩ বছর বয়সী ফাস্ট বোলারকে।

গত বছরের অক্টোবর-নভেম্বরে ভারতে অনুষ্ঠিত ওয়ানডে বিশ্বকাপের পর থেকেই মাঠের বাইরে শামি। বিশ্বকাপে ২৪ উইকেট নিয়ে সর্বোচ্চ উইকেটশিকারি ছিলেন তিনি। এ বছরের ফেব্রুয়ারিতে তাঁর পায়ে সফল অস্ত্রোপচার হয়। এর পর থেকেই পুনর্বাসনপ্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছেন। এ সময়ে তিনি আইপিএল ও টি-টোয়েন্টি বিশ্বকাপের মতো টুর্নামেন্ট মিস করেছেন।

ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, শামি এ মুহূর্তে বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট একাডেমিতে (এনসিএ) পুনর্বাসনপ্রক্রিয়ার শেষ পর্যায় পার করছেন। অস্ত্রোপচারের পর গত মাসে তিনি প্রথমবারের মতো বোলিং করেছেন। চোটাক্রান্ত স্থানে কোনো রকম ব্যথা অনুভব না করায় ধীরে ধীরে বোলিংয়ের গতি বাড়িয়েছেন।

সম্প্রতি শ্রীলঙ্কা সফর শেষে দেশে ফিরেছে ভারতীয় দল। সফরে যাওয়ার আগেই ভারতের প্রধান নির্বাচক অজিত আগারকার জানিয়েছিলেন, শামি বোলিং শুরু করেছেন এবং ১৯ সেপ্টেম্বর বাংলাদেশের বিপক্ষে চেন্নাই টেস্ট দিয়ে ফেরাই তাঁর লক্ষ্য।

আগারকার বলেছিলেন, ‘আমরা কমবেশি জানি, এ মুহূর্তে দলে কিছু চোট-সমস্যা আছে। তবে আশা করি, তারা ফিরে আসবে। শামি বোলিং শুরু করেছে, যা ভালো লক্ষণ। (বাংলাদেশের বিপক্ষে চেন্নাইয়ে) ১৯ সেপ্টেম্বর প্রথম টেস্ট শুরু। ওই সময়ের মধ্যে শামিকে ফেরানো সব সময় আমাদের লক্ষ্য ছিল। আমি জানি না ফেরার জন্য তাকে কত দিন সময় বেঁধে দেওয়া হয়েছে। এনসিএর কাছ থেকে জানতে হবে।’

ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, নির্বাচকদের এরই মধ্যে শামির অগ্রগতি সম্পর্কে অবহিত করেছে এনসিএ। এখন শামিকে ফিটনেস পরীক্ষায় উতরে যেতে হবে। তিনি কতটা ফিট, তা দেখার জন্য আগামী ৫ সেপ্টেম্বর থেকে অন্ধ্র প্রদেশের অনন্তপুরে শুরু হতে চলা দুলীপ ট্রফির (প্রথম শ্রেণির ঘরোয়া প্রতিযোগিতা) অন্তত একটি ম্যাচ খেলানো হতে পারে। এ ব্যাপারে নির্বাচকেরা শিগগিরই তাদের সিদ্ধান্ত জানাবেন।

গত মাসে কলকাতায় রাজ্য দল বেঙ্গলের সতীর্থদের সঙ্গে কয়েকটি অনানুষ্ঠানিক ফিটনেস সেশনে অংশ নেন শামি। সে সময় তিনি জানিয়েছিলেন, জাতীয় দলে ফেরার আগে বেঙ্গলের হয়ে খেলতে চান।

এ মৌসুমে ভারত নিজেদের মাটিতে পাঁচটি টেস্ট খেলবে। বাংলাদেশের পর ভারত সফরে করবে নিউজিল্যান্ড। কিউইদের বিপক্ষে রোহিত শর্মার দল খেলবে তিনটি টেস্ট। পুরোপুরি ফিটনেস ফিরে পেতে দেরি হলে শামি যদি ঘরের মাঠে সব কটি টেস্ট মিসও করেন, তাতেও কোনো সমস্যা দেখ ছে না বিসিসিআই। আগামী নভেম্বরে অস্ট্রেলিয়া সফরে বোর্ডার-গাভাস্কার ট্রফি দিয়ে যেন ফিরতে পারেন, সে জন্য তাঁকে আরও সময় দিতে চায় বোর্ড।

অস্ট্রেলিয়া সফরে যাওয়ার আগে রঞ্জি ট্রফিতেও খেলতে পারেন শামি। তা ছাড়া ভারত জাতীয় দলের আগে ‘এ’ দল প্রথম শ্রেণির দুটি ম্যাচ খেলতে অস্ট্রেলিয়ায় যাবে। শামি চাইলে ‘এ’ দলের হয়েও খেলতে পারবেন।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**